#### P. A. GHOSHA'S SERIES.

THE

## GAURIYA BHASHA TATTWA

OR

The Origin and History of the Bengali Language and Literature. with references to the Geography, History, and Antiquities of Bengal.

Part I.

# গৌড়ীয়ভাষা-তত্ত্ব

প্রথম খণ্ড।

यं त्रज्ञ वेदान्तविदेश बद्गान परं प्रशान प्रवृत्ते नावान विश्वोद्गतेः कारणसीक्ष्य वा तस्त्री के कि द्वार्यक्री अभिनामिक विद्य

শ্রী অবিনাশ চ ু ব্রি বিভার

BY

PUDMA NAV GHOSAL AND

ABINASH CHANDRA MUKHOPADHYAYA.

# কলিকাত।

পুরাণপ্রকাশ যন্তে মুদ্রিত।

Published

BY



BOOKSELLER, PUBLISHER AND PRINTER. NO. 11. COLLEGE, STREET.

শक ১१৯१,



# বিজ্ঞাপন

একাকী প্রশান্তভাবে জ্ঞানপর্য্যালোচনা অপেকা পুস্তক প্রকাশ অধিক প্রীতিকর নহে। বেদব্যাদের স্থমধুর দঙ্গ, সেক্সপিয়রের কলকণ্ঠরব, নিউটনের সারবত্ত্বা, ডিম-স্থিনিদের উচ্চৈঃস্বর, ও স্বভাবের রমণীয় শোভা পরিত্যাগ করিয়া লোকালয়ের কোলাহলে প্রবেশ করিতে কাহার ইচ্ছা জন্মে? বিশেষতঃ বর্ত্তমান কালে নাটকাদি পাঠেই লোকের অধিক অভিকৃচি। অর্থনাশ শ্রমনাশ ও মনোভঙ্গই এক্ষণে অপরাপর গ্রন্থ প্রকাশে 'জন্য পুস্তক প্ৰকাশে তাদৃশ ইচ্ছা না প্য বন্ধর ্রার - তামূল ২০খা শা অনুরোধে এই গ্রন্থ লিখিতে বর্ত্তনের সহিত ভাষ। পরিবর্ত্ত পরিবর্ত্তনাদি বিষয় ইতিহাদের 🦫 , তুত্ত লাকেপের বিষয় যে,বাঙ্গালার যবনাধিকারের ্ব সময়ের বৃত্তান্ত লিখিতে এ পর্য্যন্ত কেহই হস্তক্ষেপ করিলেন না। বালকেরা শ্রীযুক্ত মার্মন কুত মুদলমান দময়ের যে বাঙ্গালা ইতিহাদ পাঠ করিয়া থাকে, তাহার অনেক স্থানে আমাদের দহিত মতের অনৈক্য হয়। ব্রিটিশ সময়ের সম্পূর্ণ ইতিহাসও প্রকাশিত স্তরাং আমাদিগকে অগত্যা ভাষাতত্ত্বের পূর্বে বাঙ্গালার যৎকিঞ্চিৎ বিবরণ লিখিতে হইল। ইহাতে সংক্ষেপে সমস্ত ব্লুভান্ত আতুপূর্ব্বিক বর্ণিত আছে। পুস্তকের প্রথম তুই খণ্ডে ভাষার উৎপত্তি বিবরণশেষ হইবে। তৃতীয় খণ্ডাবধি প্রবন্ধকারগণের জীবনচরিতসূহ সাহিত্য বিবরণ প্রকাশের ইচ্ছা আছে। সংস্কৃত মিশ্রিত আদিম কালের অপরিক্ষুট বাঙ্গালা পাঠ করিলে কির্মপে যে প্রাচ্যভারের চোষা উড়িষ্যা, বাঙ্গালা, ত্রিহুতীয় ও আশামীয় রূপে

ভিন্ন ইইয়াছে তাহা বিলক্ষণবোধ হয়। বৌদ্ধ, শৈব, শাক্ত ও বৈষ্ণবাদি কালে ভাষার পরিবর্ত্তন অতি আশ্চর্য্যরূপে সম্প্রটিত হইয়াছে। বাঙ্গালা ভাষা বিশুদ্ধ হইলেও ইহার মধ্যে প্রাকৃত, অসভ্য, চীন, পারদী, আরবী, তুরদ্ধ, পোর্ত্ত্ব-গান্ধ, হিন্দি, মহারাষ্ট্রীয়, ইংরেজি, ফরাশি, জর্মাণ, ইটালী প্রভৃতি ভূরি ভূরি ভাষার শব্দ মিশ্রিত দেখা যায়। বর্ত্তমান সময়ে যে যে মহালা ভাষার উন্নতি সাধনে যত্ন করিতেছেন, শেষ থণ্ডে তাঁহাদিগের জীবন চরিত প্রকাশিত হইবে। এই পুস্তক প্রণয়ন কালে যে কত গ্রন্থের উপর দৃষ্টি রাখিতে হই-য়াছে তাহা বলিবার আবশ্যক নাই। পাঠকেরা পাঠ করিলেই ব্রিতিতে পারিবেন।

পুস্তক মৃদ্রিত করিতে আরম্ভ করিয়া পীড়াদি কারণ বশতং মুদ্রাস্থান কিনিতে এবং কিয়ন্ত্রাগ অতি অপকৃষ্টরূপে মার্ট্রত হইয়াছে। ১৯পৃষ্ঠার ১৫ পঙ্ক্তিতে প্রাচ্যের পরিবর্ত্তে প্রতিয়, ৩০ পৃষ্ঠার ১৫ পঙ্ক্তিতে আদিশ্রের সময় সম্বন্ধে নবম শতাব্দী স্থানে অফাম, ৩২ পৃষ্ঠার ১২ পঙ্ক্তিতে বল্লাল-দেনের সময় সম্বন্ধে একাদশ শতাব্দী স্থানে ৯০৩ এবং ৪০ পৃষ্ঠার১৪ পঙ্ক্তিতে বিবি ও বালাখানার পরিবর্ত্তে বিছানা ও বালিদ আদি কয়েকটি ভুল আছে। আদিশ্র ও বল্লাল-দেনের সময় নিরূপণ সম্বন্ধে টীকাও প্রদত্ত হয় নাই। আমরা পুন্মুদ্রাঙ্কন কালেএইওলি সংশোধন করিয়া দিব।

পরিশেষে কৃতজ্ঞ জনমে স্বীকার করিতেছি যে, পুস্তক যন্ত্রস্থ হইলে মহাভারত ও প্রাণাদির স্থাসিদ্ধ অনুবাদক পণ্ডিতপ্রবর জীবুক্ত জগনোহিন তর্কালস্কার মহাশ্য সংশোধন বিষয়ে বিশেষ সাহায্য করিয়াছেন।

### CONTENTS.

#### Introduction

### CHAP I.

Page
Early state of Bengal-Boundaries of Gaur and
Banga-Etymology of the name Bengal and it's appli-
cation—Earliest Inhabitants—Aryans—Barbarians
СНАР П
A rapid sketch of the History of Bengal
from the Treta Yug down to the time of Lord
Northbrook 17
THE GAURIYA REASON TATTWA.
D
Bengali language.
Corrupted—Necessity of
Prakrita dialect—Vararu 'si and salangu-
ages -Bengali is a corruption c. and not of
Prakrita 79
CHAP II.
Bengali language, its antiquity—Various proofs.
viz-1. Present state of the language; Signs of
the Accusative and the Ablative, 3. Proverbs; 4.
Bengali words mentioned in Greek Authors; 5, Old
ritual verses recited by girls; 6 Songs of the Bud-
dhist Pal Rajas Bengali alphabet, its descrip-
tion in the Tantras; its notice in Buddhist works—
Coins and Copper plates—Bengali figures, their men-
tion in Pingal, Vararuchi and other works—Des-
cription of the process by which Sanskrit passed into
Bengali—Bengali not derived from the language
of the Non-Arvan tribes

#### CHAP III.

Inflectional terminations of nouns—origin of the endings, "ke," "re," "e," and "ra" ... 101

#### CHAP IV.

Cases of nouns—Nominative, origin of its sign and use—Accusative, origin of its sign and use—Instrumental, origin of its sign and use—Dative origin of its sign and use—Ablative, origin of its sign and use—Locative, origin of its sign and use. ... 109

#### স্ফীপত্র

উপক্রমণিকা				পৃষ্ঠা
প্রথম অধ্যায়	* * *		***	7
দ্বিতীয় অধ্যায়				39
গোড়ীয়ভাষা ত	ত্ত্ব			
প্রথম অধ্যায়	• • •		• • •	95
দ্বিতীয় অধ্যায়	• • •	1	* * *	64
ভূতীয় অধ্যায়				205
চতুর্থ অধ্যায়			• • •	109

# গৌড়ীয় ভাষাতত্ত্ব।

### প্রথম অধ্যায় |

দেশের প্রাচীন অবস্থা ও সীমা; গোড় ও বন্ধের উৎপত্তি ও সীমানির্দেশ; বাঙ্গালা নামের প্রথম উদ্ভব ও প্রভার; আর্থা জাতির সমাগম; অসভ্যদিগের আবাস।

আমরা সচরাচর যে দেশকে বাঙ্গালা বলিয়া থাকি ভাষার প্রকৃত নাম ে.. শ্র্ স্থানে দশটা পরম কোন কোন স্থালে দশা.

হইয়াছে। চিরকাল কোন দেশের নান একাবন্থা বা এক রূপ দীমা থাকে না। প্রকৃতির পর্যায় সততই পরিবর্ত্তিত হইতেছে। আমাদিগের মাতৃভূমিও যে এই নিয়মের বশবর্তিনী হইবেন ইহা আশ্চর্য্য নহে। ত্রেতাযুগের প্রারম্ভে ভাগীরথী সলিলসিক্তা এই পুণ্যভূমি, উত্তর পশ্চিম ও উত্তরপূর্ব্ব ছই প্রধান ভাগে বিভক্ত ছিল। এক দিকে মিথিলা ও অপর দিকে প্রান্তিষের রাজারা রাজত্ব করিতেন। দক্ষিণ পশ্চিমাঞ্চল উৎকল ও গয়ের রাজ্যের অন্তর্ভূতি ছিল। পূর্ব্ব ও অপরাপর দিকের স্থানে স্থানে অস্ব্রেরা বাদ করিত। পরে দ্ধ্যবংশীয়' মহারাজা

মান্ধাতার পঞ্গোড় নামক পঞ্চ দৌহিত্তের বংশা বলী পঞ্গোড়ে বিস্তৃত হইতে লাগিল। (১) অনন্তর দোমবংশ সমুদ্ভূত বলিরাজের অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ (২), পুতু ও সুক্ষা নামক পঞ্চ ক্ষেত্রজ পুত্র স্থনাম খ্যাত দেশে রাজ্য বিস্তার করিয়া পুরুষাকুক্রমে বহুকাল রাজ্য ভোগ করিলেন। তদবধি বঙ্গ রাজ্যের উৎপত্তি গণনা করিতে হইবে। কিরৎকাল অতীত হইলে রঙ্গপুর দিনাজপুর ও কোচবেহারের সনিহিত স্থান মৎস্য দেশ নামে আহৃত হয়। (৩)। দ্বাপর যুগের অবসান সময়ে ঐ স্তানে অস্কুর বংশজ বাণ রাজা রাজ্য

পাঞ্চালা কুরবো মৎসার যৌধেয়াঃসপটচ্চরাঃ। কুন্তুয় পূর্দেনাশ্চ মধ্যদেশ জনাঃ স্তাঃ॥ মহসংহিতামতে প্ররাগ ও স্রস্বতী মধ্যে মধ্যদেশ।

<sup>(</sup>১) ্ল পুরাণ।

<sup>(</sup>২) কলিজ দেশ তিনটী। তশ্বগো বজোপসাগরের পশ্চিম উপকূলবর্ত্তী কলিজই প্রধান কলিজ। তথাছি শক্তিসঙ্গন তত্ত্বে " জগরাধাং পূর্ববিভাগাৎ ক্লফাতীরাস্তগং শিবে। কলিজ দেশঃ সংশোক্তো রামমার্গ পরায়ণঃ॥" অপিচ বালি ও জাবা দ্বীপের লোকেরা ঐ স্থানকে ক্লিজ বলে। গ্রীক গ্রন্থকার টলমী ও প্লিনিও ঐ স্থানকে কলিজ বলিয়াছেন।

<sup>(</sup>৩) ভবিষ্য ও ব্রক্ষাও পুরাণ। কিন্তু বিখ্যাত মৎস্য দেশ জয়পুরের সাল্লিখ্যে। তথাহি শক্তিসঙ্গম তন্ত্রে। "মক্রদেশাৎ পূর্ব্বভাগে বিরাটঃ পারকীর্তিতঃ।" অপিচ গাকড়ে

করিয়ণছিলেন। শোণিতপুর তাঁহার রাজধানী ছিল(২)
মধ্য ভাগের কিয়দংশ পুগু বলিয়া খ্যাত থাকে (৩)।
ত্রিপুরা (৪) মণিপুর ও তাত্রলিপ্তাদি প্রাচীন দেশের চিছ্ল
থেখনও বিলুপ্ত হয় নাই। অতএব দেখা মাইতেছে
যে সময় বিশেষে ভিন্ন ভিন্ন রাজারা ভিন্ন ভিন্ন স্থানে
রাজত্ব করিয়ণছিলেন। ইদানীস্তন বাঙ্গালা প্রাচীন কালে
দীমাবিশিষ্ট কোণন একটী স্বতক্ত্ব রাজ্য বলিয়া পরিচিত
ছিল না।

কালে বহুরাত হৈ তথ্য কর্ম নার্বান কান ও চট্টগ্রা কর্ম নার্বান কান ও চট্টগ্রা কর্ম নার্বান কান ও চট্টগ্রা কর্ম নার্বান ক্রম ক্রমান ক্রম ক্রমান ক্রমান

দিনাজপুরের প্রায় ১০ ক্রোশ দক্ষিণ পাশ্চিমে শোণিতপুরে বাণরাজার তগ্পপুরী ও চম্পাইনগরে বিরূপাক্ষনামক শিব অদ্যাপি বর্ত্তমান আছে।

[৩] ভবিষা পুরাণ—ব্রহ্মাণ্ডাধার। পুণ্ডু, পেণ্ডু ও মহাপুণ্ডুলইয়া সদা গোলঘোগ হয়। এক্ষণকার রাজসাহী ভাগলপুর মুরশিদাবাদ ও জন্মল মহলাদি লইয়া পুণ্ডু ছিল। এখনও ঐ
সকল স্থানে অনেক পুণ্ডুবা পুণ্ডুজাতি দেখিতে পাওয়া যায়।

(৪) আগ্নেয়ামজ বজোপবন্ধ ত্রিপুর কোষলাঃ। কলিজোট্রাস্কু, কিন্ধিস্কাণ বিদর্ভঃ স্বরাদয়ঃ।

কৃষ্ঠজ

ত্রিপুরার রাজাদিগকে মাণিক্য বলিত।

<sup>(</sup>২) মহাভারত।

পর্বতে নিলিত হইরাছে; এবং পুনরায় ঐ পর্বত নংযুক্ত শৈল শ্রেণী অবলম্বন করিয়া আদানের পূবর্ব পর্যান্ত বিস্তৃত হওত প্রভু পর্বত প্রাপনানন্তর ভয়ঙ্কর পরশুরাম খাতে নিঃশেষিত হইরাছে। এই স্থানের মধ্যদিয়া ব্রহ্মপুত্র নদ ভারতভূমি প্রবেশ করিতেছে। উত্তরে ভোট শিকিম ও নেপাল রাজ্য বিরাজিত। দক্ষিণদিক অগাধ জলধির জল কল্লোলে সদাই আকুলিত। দক্ষিণ পশ্চিমে স্থবর্ণ রেখা নদী প্রবাহিতা। পশ্চমদিকে প্রকাণ্ড মগধ সাম্রাজ্য বিস্তৃত রহিয়াছে।

দ্রতিত্বলী যান্তবতী প্রদেশের পশ্চিনাংশ বহুকালাবধি গোড় বলিয়া পরিচিত। জ্যোতিষের ছায়া বিবরণে
পঞ্চাঙ্গুল দশব্যঙ্গুল ছায়া গোড়ের ছায়া বলিয়া ধৃত হইয়াছে (১)। এদেশীয় ব্রাহ্মণেরা গোড়ীয় ব্রাহ্মণ বলিয়া
পরিচয় দিয়া থাকেন। দেশীয় ভাষার নামওগোড়ীয়ভাষা।
ভিন্ন দেশীয় লোকেরাও গোড় বলিয়া আহ্বান করিত।
অতি প্রাচীন প্রীক গ্রন্থকারেরগই ইহার প্রমাণ স্থল।
এরিয়ান ইহাকে গোড়রসী (গোড়বর্ষ) কহিয়াছেন।
সিনিলিয়ান ডাইওডোরস্ ইহাকে গনড়ারিস কহিয়াছেন। টলমী গোড়ীঘোদ কহিয়াছেন। এবং গোড়ে
শ্বরীর মাহাত্ম জন্ম নোনছ ইহাকে পুন্যাথ্য গোড়ীয়ান্-

<sup>(</sup>১) " গোড়ে দশ বাজুলাধিক পঞ্চাঙ্গুল চছায়া"।

ডেশ কহিয়াছেন। শঙ্করাচার্য্য ও গোড় বলিয়া গিয়াছেন। বহুকালাবিধি গোড়নগর বাঙ্গালার রাজধানী
ছিল। ইংরেজনিগের মতেও(১)গোড় থ্রুজনিবার ৭৩০
বর্ষ পূর্বের রাজধানী বলিয়া খ্যাত। টলনী ইহাকে
গ্যানজিনা রিজিয়া কহিয়া গিয়াছেন। সমস্ত দেশকে
বঙ্গ বা বাঙ্গালা বলা ভ্রম মাত্র। পূর্বে দেশের নামই
প্রেক্ত বঙ্গ দেশ। অদ্যাপিও বঙ্গ, বঙ্গজ, বাঙ্গাল পূর্বে
দেশ সম্বন্ধেই প্রফোল হল। অতএব স্থির হউকে
গোড়াধীন সমস্ত গামাজ্যাল
ক্থিত হউত।

করতোরা ও ভাগীরথী ধারা গোড় ও বঙ্গ সম্পূর্ণ রূপে পৃথক হইমা গিরাছে। ভাগীরথীর বামপাথে অবস্থিত বলিয়া কলিকাতা বঙ্গদেশ মধ্যে গণ্য। তজ্জন্য কেহ২ কলিকাতার পার্শে গঙ্গায় সাম্ম পর্যান্তও করেন না। অপিত ব্রহ্মান্দে, এই পার্শ-বঙ্গ দেশ মধ্যে গণ্য হইয়াছে (২)। সমুদ্রাবধি ব্রহ্ম-পূল্ল পর্যান্ত ইহার দীনা (৩)। বঙ্গদেশাবধি আরম্ভ

<sup>(5)</sup> Dow's sixth Book

<sup>(</sup>२) '' कालिका वन्नटमटन ह अट्याधानाः मटक्यंती" उक्तयामन

<sup>ে (</sup>৩) রত্নাকরং সমারভা এক্মপুত্রান্তর্গং প্রিয়ে। বলদেশো ময়া প্রোক্তঃ সর্ব্ধ সিদ্ধি প্রদর্শকঃ। শক্তিসঙ্গমতন্ত্র

করিয়া ভূবনেশ পর্যান্ত গোড় রাজ্য বিস্তৃত (১)।
ইহার বিস্তার প্রায় ৬ অফাংশ ১ কলা ও ৪০
বিকলা (২)। আর্যা জাতিরা কথনই সমস্ত দেশকে
বঙ্গ বলিয়া আহ্বান করেন নাই। বরং অনেক স্থলে
গোড়ই বলিয়াছেন। অতএব গোড় বলাই শ্রেয়ঃ।
বিশেষতঃ বঙ্গ দেশ শাস্ত্রে স্লেছ্ড দেশের ন্যায় হেয়
হইয়াছে (৩)।

যবন রাজাদিগের আধিপত্য কালে বাঙ্গালা নামের প্রথম প্রচার হয়। সমদ উদ্দীন দিল্লীশ্বরের অধীনতা অধীকার করিয়া বঙ্গের রাজা নামে প্রথমে পরিশিত হইনের। তৎকালে বঙ্গদেশই সমূদ্ধিশালা ছিল। এবং তথাকার যবনাধিপেরা ক্রমশঃ পরাক্রান্ত হইয়া সমস্ত গৌড় স্বীয়াধিকার ভুক্ত করিলেন। তদকুসারে সমস্ত দেশেরই নাম বাঙ্গালা (৪) হইল।

শক্তিসক্ষ

জ্যোতিস্তব্ধত দেবলবচন।

<sup>(</sup>১) বন্ধনেশ সমারত্য ভূবনে শান্তগং শিবে। গ্যেজ দেশ সমাখ্যাতঃ সর্ফাবিদ্যা বিশারদঃ।

<sup>(</sup>२) निषाल मध्यती छीका।

<sup>(</sup>৩) অঙ্গ বন্ধ কলিজে ছিবুন গড়া সংস্কার মহ তি।

<sup>(</sup>৪) বন্ধদেশেরই বা বাস্থালা নাম হওয়ার কারণ কি থ আইন আকবরি মতে পূর্বকালের রাজারা দেশের নিম্ন প্রদেশমাত্রে স্থানে স্থানে ১০ হস্তউর্দ্ধি ৪০ হত প্রস্থি বা আল দিয়া যান। তজ্জনা বন্ধ আল বা বান্ধাল দেশ নাম হইতে পারে।

অধিকন্তু সেই সকল নরপতি পুরুষানুক্রমে স্বাধীনাবস্থায় বাঙ্গালার অধীশ্বর রূপে বহুকাল রাজ্য করিলেন। তদনন্তর ১৫৭৪ খৃঃ অবদ মহা প্রত্যাপশালী
আকবর সমস্ত রাজ্য অধিকার করিয়া স্ববাবিভাগ
কালে বাঙ্গালা নামই প্রচলিত রাখেন। অপিচ প্রাচীন
ইউরোপীয়েরা কহেন যে পুরাকালে বাঙ্গালা নামে
এক অতি বিখ্যাত নগর ছিল। তাঁহারা তথায়
বাণিজ্য করিতে আসিতেন। রেনেল সাহেব অনেক
প্রাচীন পুস্তকে ও প্রাচ
নাম দেখিয়াছেন। মিণে
বেঙ্গালা নগরের নাম দৃষ্ট

স্বকীয় মানচিত্তে পদানদীর নিক্চে নেসালা নার নির্দ্দেশ করিয়াছেন। রোমনিবাদী ভার্টোমেনস্সাহেব বেঙ্গালা নগরের যে রূপ ঐশ্বর্য বর্ণন করিয়াছেন ভাষা শুনিলে চমৎকৃত হইতে হয়। বৈঙ্গালার বাণিজ্য ইউরোপে সাতিশয় প্রদিদ্ধ ছিল। বোধ হয় ঢাকারই অন্যতম নাম বেঙ্গালা। অদ্যাবধিও ঢাকার এক স্থানের নাম বাঙ্গালা বাজার রহিয়াছে। বহুকালা-বিধি সেই স্থান বাণিজ্যের নিমিত প্রসিদ্ধ ছিল। পুর্বেব অনেকে ঢাকাকে বায়ান্ন বাজারও তিপ্পান্ন গলি বলিয়া

অথবা গায়ালী নামের ন্যায় বাঙ্গালী নামও সিদ্ধ করা যায়। বন্ধ ওয়ালা হইতে বান্ধালা হইতে পারে। কিন্তু লক্ষ্ণু সেনের সময়ে লোকের বাঙ্গাল নামও ছিল।

আহ্বান করিত। কথিত আছে যে বল্লাল দেন অরণ্যস্থিত। তুর্গাদেবীর প্রান্ধতা লাভ করিয়া তথায় এক
মন্দির নির্দ্ধাণ (১) ও নগর স্থাপন করেন। তদবধি
সেই স্থানের নাম ঢাকা হয়। বস্ততঃ ঢাকা বলিতে
ইদানাং নগরের পশ্চিম ভাগকেই বুঝায়। যাহা হউক্
এই সকল কারণ বশতঃ বাঙ্গালা নাম দেশ (২) বিদেশে
ব্যাপ্ত হওয়াতে ক্রমশঃ সমস্ত দেশের নামই বাঙ্গালা
হইয়া উঠিল। এবং এক্ষণে ব্রিটিশ গ্রণমেণ্ট বাঙ্গালা
হইতে রাজ্য বিস্তার করিয়া উদয়গিরি অবধি সিন্ধুতীর
পর্যাপ্ত বেলা প্রিক্রার করিয়া উদয়গিরি অবধি সিন্ধুতীর

কত কাল হইন যে আর্থ্যের। এই স্থানে পদা-প্ন করিয়াছেন তাহার ইয়তা নাই। তাঁহাদিগের পুকো যে অপর কোন জাতির এখানে বাস ছিল তাহার কোন স্পাফ প্রমান পাওয়া যায়না। প্রাগ-জ্যোতিষ (৩) যে কোন সময়ে স্থাপিত হয় তাহা

<sup>(</sup>১) বলাল নির্দ্মিত মন্দির বিনফী ছওয়াতে প্রায় ১৩২ বর্ষ জ্ঞতীত হইল ন্যাবের একজন হিন্তু কর্মচারা তাহা পুনর্কার নির্মাণ করিয়াছেন।

<sup>(</sup>২) লক্ষণ দেনের সময়ে কোন কোন ব্যক্তির বাঙ্গাল নামের পরিচয় পণ্ডিয়া যায় তথাছি—"বহুরূপস্থানামা অরবিন্দ হলায়ুধ বাঙ্গালশ্চ সমাখ্যাতা পর্বিশ্বতে চট্টবংশজা"! অপিচ" অরবিন্দ হলোনামা স্কু বাঙ্গাল দেবলাবিত্যাদি"।

<sup>্</sup>ত ] ''যতিব্যধি স্থিতোব্রন্ধা প্রাণ্ড্নক্ষত্রং সমর্জ্ঞা তৎ প্রাণ্ডেলাভিষাখ্যেয়ং প্রী শক্তপুরী সমা।। কালিকা প্রাণ্।

নাম এবণ মাত্রই অনুভূত হইবে। যে কালে দাকা-য়নী দেহ বিদর্জ্জন করিয়াছিলেন দেই কালাবধি নীলপর্বত তীর্থরূপে গণ্য হয় (১)। কামাখ্যা সন্দর্শনার্থ যে কত শত লোকের সমাগ্য হইত তা**হা** পুরাণেই দংখ্যা হয় নাই। অবশেষে বশিষ্ঠ শাপ প্রদান দারা মাহাত্ম্য হ্রাদ করিলেন। নিবিড় অন্ধ-কারময় গভীর গহ্বর সংস্থিত রত্নমুকুটাবৃত ও **ক্ষীণ** দীপশিখা যোগে কথঞ্চিৎ আলোকিত সেই পীঠ অদ্যাপিও বর্ত্তমান রহিয় সহস্র সন্তানের পদভ ছিল। এককালে তে রহঃ নিপীড়ামানা বেলা কপিল বহুকাল তপস্যা (२) করিয়াছিলেন। এককাতন ভগীরথের রথনিঘোষে দশদিক পুরিত হইয়াছিল।

কপিল বহুকাল তপাসা (২) করিয়াছিলেন। একফানে ভগীরথের রথনিঘোষে দশদিক পূরিত হইয়াছিল। এককালে এই স্থান হইতে কপিল কোপানলে বিদক্ষ সগর তনয়গন দিব্য মাল্যাভরন ভূষিত হইয়া সদ্গতি প্রাপ্ত হইয়াছিলেন। এককালে এই স্থানে কৃতার্থকান্য ভগীরথ উচ্চৈঃশ্বরে ভাগীরথীর স্থাব করিয়াছিলেন। এককালে বীরভূমের অভ্যন্তরে প্রথব তটিনী তটে আসান হইয়া অফাবক্রমুনি পরম

<sup>[</sup> ১ ] "বিড়জা উভুদেশেচ কামাখ্যা নীলপর্বতে। জগুলাথের পর্বতের নামও নীলাচল। ব্রহ্মধামল [ ২ ] রামায়ণ।

পদ চিন্তা করিয়াছিলেন [5]। এককালে রাজমহল সমীপ্র অধুনা খাপদ সমাকীর্ণ অসভ্যাধিষ্ঠিত পর্বতরাজি হৈইতে কাক্ষিবৎ তনয়গণের ষজ্ঞীয় ধূম গগণমগুলের বহুদূর আরোহণ ক রিয়াছিল (২)। এককালে ত্রিবেণী প্রাণ তুল্য তীর্থরূপে গণ্য হইয়াছিল (৩)। এককালে চন্দ্রনাথ দর্শনার্থ আর্য্যাণ বহুদূর হইতে সমাগত হইয়াছিলন (৪)। এককালে বশিষ্ঠদেব কোচবেহারের সামিধ্যে হরি পাদপদ্ম ধ্যান করিয়াছিলেন (৫)। এককালে সর-

[১] অধুনা সেই স্থান বক্তেশ্বর নামে খ্যাত। ওথার প্রস্তর মন্দির মধ্যে অফাবক্র স্থাপিত এক শিব পাপহরণ কুণ্ড নামক উষ্ণ প্রস্তরণ ওবত্র নামনা এক নদী আছে। অস্তুৎ কৌশনে ঐ নদী মহাদেবের মন্তকে পতিত হইয়া গমন করিতেছে। পরে বহুদ্র গমন করিয়া বাবলা নামে সিরুলির নিকট গলায় পতিত হইয়াছে।

২। মহাভারত।

প্রায়নগরাদ্যাদ্যে সরস্বত্যান্তথোত্তরে তদক্ষিণ
 প্রায়নগরাদ্যাদ্যাদ্যাদ্রাক্তা সাজাত ত্রাক্ষরং পুণ্যং প্রাগইব
লক্ষ্তে।

দক্ষিণ প্রয়াগ উন্মুক্ত বেণী সপ্ত আমাথ্য দক্ষিণ দেশে ত্রিবে ণীতি থাতিঃ। প্রায়শ্চিত্ততত্ত্ব।

৪। চট্টপ্রামে অবস্থিত। প্রথমে সন্তুনাথের দর্শন হয়। পরে পর্ব্বতের উপর বহুদূর উঠিলে চন্দ্রনাথ দেখিতে পাওয়া যায়। চট্টপ্রামে দীতাকুও রামকুও প্রভৃতি অপরাপর ভীর্থও আছে।

को निका श्रान।

স্বতী ও ষমুনা মুক্তবেণী হইয়া ঋষিদিগের জটা কলাপ স্পর্শ করিয়াছিল (১) এককালে আর্যাদিগের কোলাইলে চিতাভূমি পূর্ণ হইয়াছিল (২)। এক কালে প্রভান্ধ (৩) হুদের জল ঋষি সংস্পর্শে পবিত্র হইয়াছিল। এক কালে ধর্মরাজ এই স্থানে লোমশনহ ভ্রমণ করিয়াছিলেন (৪)। এক কালে পরশুরাম ব্রহ্মাখ্যক্ত জলে অবগাহন করিয়া বিগত পাপ হইয়াছিলেন (৫)। এক কালে এই স্থানে মহাযুদ্ধ হইয়া জরের উদ্ভব হইয়াছিল। এক কালে দেব দানব তুল্ভ গঙ্গাদাগর সঙ্গম তীর্থ প্রভাবে এই দেশের সর্বত্র

অপিচ -''চিতাভূমো বৈদ্যনাথ'' শিবপুরাণ।

প্রাচীন মন্দির নফ হওয়ার বহু দিন পরে ১৪৭৭ শকে । র্ডমান নির্মিত হইয়াছে। এতরাতীত তথার বীরনাথ, সঞ্জানাথ, গণেশ, কার্ত্তিক, পার্ব্বতী, নীলকণ্ঠ, লক্ষ্মীনারায়ণ আয়-পূর্ণা, মহাকালী, গলা, রামসীতা, বগলামুখী, প্র্যা, সংস্বতী, হলুমান, কুবের, ত্রন্ধা, নীলচক্র, স্বর্ণবৃক্ষ, নন্দি, ও রন্দারীর সর্ব্ধ সাকল্যে দ্বাবিংশতি মন্দির আছে। ব্যয় সাধনার্থ গণেশেট দারা ৩২ খানি নিক্ষর আম দেওয়া হইয়াছে।

১। ত্রিবেণী সন্নিধানে। এক্ষণে ১৩ই নদার

২। লিঙ্গ পুরাণ।

৩। ত্রিবেণীর উত্তরে ছিল।

৪। মহাভারত বনপর্বা।

१। कांनिका श्राप ।

দারা অহরহঃ মন্দিত হইয়াছিল। এক কালে এই স্থানে দগর রাজার বাণিজ্য পোত (১) দারা ভাগীরথী আচ্ছন্ন হইয়াছিল। এই দেশের প্রান্তে কোশিকী নদী প্রবা-হিত হইতেছে। ইহারই অনতিদূরে বিশ্বামিত্রের

১। সগর রাজার পোত সমস্ত গলার মুখে থাকিত।
গঙ্গার মুখ এক্ষণে সে রূপ অবস্থার নাই। বর্ত্তমান স্থুগে ভগীরথ দ্বারা ভাগীঃথী আনিতা হন নাই ও বর্ত্তমান কলিতেও
বিল্পু হইবেন না। ভগীরথের পূর্বের গলা থাকার প্রমাণ পাওয়া
যাইতেছে। ত্রিশস্কু রাজা গলাতীরস্থ বটরক্ষে মাংস বন্ধন
করিয়া রাখিতেন। তাঁহার দ্বাদশ পুরুষ পরে ভগীরথ। তথাহি
'তস্মাৎ সভারতং। যোসে ত্রিশন্ধু সংজ্ঞামনাপ চণ্ডাভা মুণ্ডাত্তম (যোসে ত্রিশন্ধু সংজ্ঞামনাপ চণ্ডাভা মুণ্ডাত্তম (যাসে ত্রিশন্ধু সংজ্ঞামনাপ চণ্ডাভা মুণ্ডাত্তম (থাকো প্রতিগ্রহ পরিহরণায় জাহ্নবী তীরে
ন্যাগ্রোধে মৃগমাংস মহাদিনং ববন্ধ।" ১০। তৃতীয় অধ্যায়। চতুথাংশ। বিষ্ণু পুরাণ

অপিচ রেছিতাশ্ব সৎকারার্থ গদা তীরে আনীত হইয়াছিল। রোহিতাশ্বের দশ পুরুষ পরে ভগীরথের জন্ম হয়।

অপিচ হরিশ্চন্দ্রের সময়ে দ্বাদশবর্ব বশিষ্ঠ গঙ্গায় বাস করেন।
মার্কণ্ডেয় পুরাণ। ৯ম অধ্যায়। অপিচ সগর রাজা গঙ্গা দ্বারা
সমুদ্রে যাতায়ত করিতেন। পূর্ব্ব সমুদ্রে তাঁহার অনেক কীর্ত্তি
আছে। চীন দেশে সাগর ধাম নামে তিনি এক নগর নির্মাণ
করেন। অনেক দ্বীপস্থ লোকেরা তাঁহাকে দেবতা বলিয়া জানে।
সগরের তুই পুক্ষ পরে ভগীরথ জন্মগ্রহণ করেন।

অতএব যখন ভগীরথের পূর্বের গলা থাকার প্রমাণ পাওয়া যাইতেছে তথন বর্তমান ময়ন্তরের বর্তমান মহাযুগে ভগীরথ কতুরি গল্পা আনীত হন নাই। বর্তমান কলিতে গলার বিলোপই আশ্রম ছিল (২)। এই তটিনীতটের সারিধ্যে ভগবান
কশ্যপ পুণ্যাখ্য আশ্রমে তপদ্যা করিতেন (৩)।
মহামুনি ঋষ্যশৃঙ্গও কিয়ৎকাল এই দেশে অধিবাদ
করেন [৪]। অর্জ্জন দেশ ভ্রমণ কালে অঙ্গ বঙ্গে
যে কল তীর্থ দেবালয় ও সিদ্ধাশ্রম আছে দর্বক
দর্শন গমন ও ধনদানাদি করিয়াছিলেন (৫)।
ভগবান মনুও অস্মদেশকে আর্য্যাবর্ত মধ্যে ধৃত

বা কিরপে সম্ভব হইতে পারে। যেহেতু কল্কী অবতার জন্ম গ্রহণ করিলে তাঁহাকে জাত্লবী তোয় দারা অভিষেক করণের বর্ণনা আছে। গদার অভিত্র ন ইইবে। অপিচ 'কলে গদাঞ্চ একমাত্র তীর্থ। প্রথম মুদ্রি
গদা লোপের ভ্রম সকলেরই
আবদ্ধ করিয়াছে। তিনি শেষের জার যে তুই বচন আছে তাহা উদ্ধৃত করেন নাই। সম্পূর্ণ বচন এই

কলে দশসহস্রাি বিষ্কৃতিষ্ঠাত মেদিনী। তদর্দ্ধং জাহ্নবী তোষং তদর্দ্ধং প্রাম্য দেবতা। সম্বন্তর শেষেষু শেষ ভূতে কলে যুগে।।

শেষ মন্বন্তরের শেষ কলিতে গন্ধা বিলোপেরসম্ভব। বর্ত্তমান কলিতে গন্ধা বা তন্মাহান্ত্যের বিলোপ সম্ভব নহে।

[২] মহাভারত।

- [৩] মহাভারত বনপর্ব।
- [8] মহাভারত, তীর্থ ফারো পর্কাধ্যায়
  - ৫ ] মহাভারত আদিপর্বা।

করিয়াছেন (১)। যে দেশে আর্য্য জাতির আবর্ত্তন অর্থাৎ পুনঃ পুনঃ উদ্ভব হয় তাহারই নাম আর্য্যাবর্ত্ত (২)। এই সকল বিষয় দারা স্পাষ্ট বোধ হয় যে অতি প্রাচীন কালেই এ দেশ আর্ষ্যাসংস্থাই হইয়াছে।

অসভা জাতি দদা ভ্রমণশীল। স্বতরাং তাহাদের আবাদ স্থান স্থির করা কঠিণ। যে দকল জাতিকে বাঙ্গালার আদিন অধিবাদী বলিয়া অনেকে জ্ঞান করেন পুরাণ অন্দন্ধান দ্বারা তাহাদিগের প্রায় সকলকেই ভিন্ন দেশাগত বলিয়া বোধ হইতেছে। মহাভারতের সভাপক্ষে বর্ণিত আছে যে মেরু ও मन्दर श्रां ५ ... मधा रेमलामा नमीजीरत थम ীর্ঘবেণু পারদ কুলিন্দ গ্রন্থতি জাতিরা বাদ করিত। কিন্তু এক্ষণে দেই খদদিগকে পূকা ও উত্তর দিগের পাহাড়ে দেখিতে পাওয়া যায়। মমুসংহিতায় লিথিত আছে যে কিরাত নামক জাতিরা ভারত বর্ষের উত্তর পশ্চিমে বাদ করিয়া থাকে। কিয়ৎ কাল পরে তাহার। বঙ্গদেশের পূর্ব্বদিক অভায় করিয়াছিল (৩) এক্ষণে তাহাদিগকে শিকিমের পশ্চিমে দেখিতে পাওয়া

<sup>[</sup> ১ ] আসমুদ্রতে ু বৈ পূর্ব্বাদাসমূদ্রান্ত ু পশ্চিমাৎ। তয়ো রেবান্তরং গির্ব্বোরাব্যা বর্ত্তং বিভূর্বাঃ ॥ মহুসংহিতা

<sup>[</sup>২] আর্যাণ অত্তাবর্ক্তন্তে পুনঃ পুনঃকন্তবন্তী ত্যার্যাবর্ক্তঃ। (৩) বিষ্ণু, পুরাণ

যায়। রাজমহলম্ পর্বতি বাদীর। দ্রাবিড় দেশ হইতে আগত। অদ্যাপিও তাহাদিগের ভাষায় দ্রাবিড় ভাষার শব্দাদি পাওয়া বাইতেছে। আদাম রঙ্গপুর দিনাজপুর ভোয়াল কাশীমপুর আতিয়া ও মুদাপুরের পর্বতে ও জঙ্গলে মঙ্গেদিয়ানদিগের সদৃশ কুঞ্চ ও রাজবংশী প্রভৃতি যেসকল অসভ্য দেখিতেপাওয়া যায় তাহারা স্বয়ংই আপনাদিগকে ক্ষত্রিয় বলিয়া পরিচয় দিয়াথাকে। পরশুরাম ভয়ে চীন রাজ্যে পলায়ন করিয়াছিল।নর নামক ভূপতি 🕝 🦢 তেণ্টেল্ড করিতেন। কোলি জাতীয় তাহারা সগরের উৎপাত इहेश्नार्ह (১) । शूर्ट्य हीन नारम ख कर कर का বাস করিত তাহারাও সগর দারাধর্ম ভ্রম্ট ফাত্রিয়। ভোটের সন্নিকটে স্থুক্সনামে এক অসভ্য জাতির বাদ ছিল। কেহ কেহ কহেন যে তাহারা আরাকান দেশ আশ্রয় করিয়া থাকিত। চট্টগ্রামের কুকীরা পূর্ব উপদ্বীপ হইতে অগ্গত। রম নামক জাতি ভোটের পব্ব ত্রাসী। এক্ষণে তাহারা দিকিমেরনিকটপর্যাম্ত

<sup>[</sup>১] শকা যবন কাম্বোজা পারদাশ্চ দ্বিজোতমাঃ। কোলি সর্প মাছিষ কাদর্কা শ্রেচালাস্য কেরলা। সর্ব্বেডে ক্রিরা বিপ্রাধর্ম স্তেষাং নিরাক্তঃ। ক্ষিষ্ট বচনাজাজনু সগবেগ নহায়না।"

बचार्तान ४ व्याप

বিস্তৃত হইয়াছে।নেপাল নিকটস্থ খাস্বাজ্ঞাতি এদিয়ার
মধ্য ভাগহইতে আগত। মিচি জাতিরা পুর্বেব ভোটের
প্রান্তে ছিল। মিরি মিসমী প্রভৃতি আদামের অসভ্যেরা
ও উত্তরদিগের স্থানে ২ যে সকল অসভ্য বাস করে
তাহারা সমস্তই হিমালয়ের উত্তর মঙ্গোলিয়া হইতে
আগত। পুর্বে উপদ্বীপের অসভ্যেরা পূর্ব্বিদিক আকীর্ণ
করিয়াছে। বিদর্ভ বা নিযাদ রাজ্যের (নাগপুর) অসভ্যেরা দক্ষিণ পশ্চিমে বাস করিতেছে। অতএব দেখা
যাইতেছে যে ইহারা আদিম নিবাদী নহে। আর্য্য সন্তা
গণের প্রবেশের বহু কাল পরে এদেশে আগমন
করিয়াদে।

## দ্বিতীয় অধ্যায়।



ত্তেতাযুগ অবধি লউ নর্থক্রকের সময় পর্যান্ত বাঁদ্বালার

#### मः (क्ल हे जिहांग।

পূর্বের উক্ত হইরাছে যে বাঙ্গালার সমস্ত বিভাগ অবিচ্ছিন্নরূপে একবংশীয় নর কর্ত্বক শানিত হয় নাই। ভিন্ন ভিন্ন সময়ে বিভাগ ভিন্ন আংশে রাজত্ব করিয়াছি বিথিলা রাজ্যের অন্তর্ভু ত ছিল। ইক্ষুণকুর নিমি নামেও এক পুত্র হয়। তানিই রাজ্য প্রথম স্থাপনা করেন। বশিষ্ঠশাপে দেহ অবস্থান ইত্যায় তাহার নাম বিদেহ হইল। তজ্জন্য তাহার পুত্রকে কেহ জনক (১) কেহ মিথি ও কেহ বা বৈদেহ বিনিয়া আহ্বান করিত। তদনুসারে রাজ্যের নামও বিদেহ বা মিথিলা হয়। এবং এই বংশসম্ভূত অধিকাংশ রাজাও জনক ও বৈদেহ নামে খ্যাত হইয়াছিলেন। প্রথমে এইরাজ্য বিস্তৃতছিল পরে ক্রমশং হাস প্রাপ্তহয়।

[১] ''জননাজ্জনক সংজ্ঞাঞ্চাসাববাপ।। ১১।। অভূদ্ভিদেহো স্যা পিতেতি বৈদেহো মথনাশ্বিথিরভূৎ॥" বিষ্ণুপ্রাণ চতুর্থাংশ ৫ম অধ্যায়। মিথিলপুর জনকরাজের রাজধানী ছিল (১)। রঘুক্লতিলক রাজা রামচন্দ্র জনকবংশসন্তৃত সীরধ্বজ রাজার
কন্যা সীতাদেবীর পাণিগ্রহণ করেন। মিথিলার অধিকাংশ ভূপতিই আত্মতত্ত্বজ্ঞ ছিলেন। অতি প্রাচীন
কালাবধি ঋষিগণ তথায় যাতায়াত করিতেন। যজু
র্বেদ প্রকাশক (২) যাজ্ঞবল্ক্য বহুকাল জনকালয়ে অব-

[১] অধুনা তিত্ত জেলায় জনকপুর নামে এই স্থান প্রাসিদ্ধ আছে। তথাকার স্থানে স্থানে সনেকভগ্নাবশেষ দেখিতে পাওয়া যায়।

(২)পুর্বের একমাত্র যজু: সংহিতা ছিল। তাহাই বেদব্যাস বৈশম্পায়নে তাৰ্ব করেন। তাহারই নাম কৃষ্ণযজুঃ বা তৈতির। যজুঃ। যাজ্ঞবল্কা সূর্য্য হইতে শুক্ল যজুঃ প্রাপ্ত হয়েন। শুক্ল যজুর্ব্বেদ ৪০ অধ্যায়ে বিভক্ত। তাহাতে অচ্ছন্দস্কও সচ্ছন্দ মন্ত্র আছে। সমস্ত মন্ত্র সংখ্যা প্রায় ছয় সহত্র হইবেক। ইহার ব্রাহ্মণভাগে শতপথ নামে ব্রাহ্মণ ও আরণ্যক ভাগে আরণ্যক নামক প্রস্থ আছে। শুক্লযজুর শাখাও অস্প নহে। তন্মধ্যে কাণু ও মাধ্যন্দিন শাথাই উৎকৃষ্ট । বায়ু পুরাণান্ত-मारत कन्, टेनरश्य, भालिन, भाषानिमन, मर्शियन, निमक्ष, छेकालीन, তাखायनि,वारमा, भानव, टेनानिव्रि, जाठेवा, भर्न, वीवन ও সুম্পরায়ণ এই পঞ্চদশ ঋষির নামে প্রথমে পঞ্চদশ শাখা হয়। পরে ইহারা আবার এই পঞ্চনশ শাখাকে শতধা করেন। তন্নাম যথা জাবাল, উলেয়, তাপায়নীয়, কাপাল পেণ্ডিবৎস, আবটিক, পামাবটিক, ( পাঠান্তরে পরমাবটিক) পারাশরীয়, বৈনেয়, ঔথেয়, বৈজৰ, কাত্যায়নীয় ইত্যাদি চরণৰ্যুহে প্রাপ্ত। যজুর্বেদের ১৭ শাখা বাজসনেয়া নামে থ্যাত। বাজসনেয়ী মাধ্যন্দিন শাখার কাত্যায়ন বির্চিত অন্তক্রমণীতে কেবল স্থিতি করিয়া তাঁহার সহিত আত্মতত্ত্ব আলোচনা করিয়াছিলেন (১)। শুকদেব এক সময়ে তথায় গমন
করেন। বেদব্যাস মিথিলাধিপতির পরম সখা ছিলেন।
কেহ বা যজ্ঞের নিমিত্ত কেহবা অর্থের নিমিত্ত কেহবা
জ্ঞানের নিমিত্ত কেহবা যদৃচ্ছাক্রমে তথায় উপস্থিত
হইতেন। মিথিলার সহিত বাঙ্গালার বিলক্ষণ সংশ্রব
ছিল। মিথিলার ও বাঙ্গালার বর্ণমালায় বিস্তর সাদৃশ্য
দেখা যায়। পুর্বেব প্রায় একরূপ ভাষাই চলিত
ছিল। ভিন্ন ২ কারণ বশ থক হইয়া কি ছে।

নিমি বংশ অস্তমিত

সোমবংশ সমুদ্রত বলির।

সুক্ষা নামক পঞ্জেজিজ ত

করিলেন। ভাগলপুরের সমিহিত স্থান

অস্তভূতি হইল। এই বংশীয় লোমপাদ রাজা দশরথের
পরম বন্ধু ছিলেন। বন্ধু প্রতীচ্য দেশ আশ্রয় করিয়া রাজত্ব

করিতে লাগিলেন। তমোলুকের সমিহিত স্থান তাম
লিপ্তের ছিল। কলিন্ধা, কলিন্ধা দেশে অবস্থান করিলেন।

সংহিতা ভাগের পরিচয় আছে। শুক্লযজুর ঈশাবসা, রহদারণ্যক, জাবাল, হংস, পরমহংস, স্থবাল, মন্দ্রিকা, নিরালম্ব,
ত্রিশিখ, ব্রাহ্মণমণ্ডল, ব্রাহ্মণদ্বয়, তারক, পৈত্নলভিক্ষু, ত্রীয়,
অতীতাধ্যাত্ম, তারসার, যাজ্ঞবল্কা, শাট্ট্যায়নী ও মুক্তিক এই
১৯ খানি উপনিষদ দেখা যায়।

<sup>(</sup>১) इष्टमांत्रगाक উপনিষদ हजूर्य काशासा ।

সুক্ষ ভোটসন্নিকটে রাজ্য স্থাপনা করিলেন। মুরশিদা-বাদের দ্মিহিত স্থানাদিতে পৌতের আধিপত্য হইল। প্রাণজ্যোতিষ বা আশামে মহীরঙ্গ দানবের বংশীয় নরপতিগণ রাজত্ব করিতে লাগিলেন। মণিপুর বক্রবাহনের উদ্ধতিন পুরুষদিগের হস্তগত ছিল। দক্ষিণ পশ্চিম ভাগ কীকট বা মগধ রাজ্যের অন্তর্ভ্যত থাকে। কিন্তু সকলের রাজত্ব অবিচ্ছিন্ন রূপে নিরুপদ্রবে হইয়া উঠে নাই। রঘুরাজ দিখিজয় করিয়া গঙ্গায় জয়স্তম্ভ নির্মাণ করেন। ক্ষত্রিয় কুল কালান্তক **জমদগ্রি তনয় পূর্ব্বদেশ প**র্য্য**ন্ত**ও আগমন করিয়াছিলেন। তাঁহার সংগ্র ক্ষাত্র গ্রগণ ভীমবৎ পর্ব্বতে পলায়ন করিতে শাগিল। কতক বা ব্রহ্মদেশ ও চীন সমাজ্য আশ্রয় করিল। এই ঘটনার পর অস্মদেশের স্থানে স্থানে শ্লেচ্ছ দিগের বদতি হয়। সমস্ত কামরূপ ব্যাপ্ত করিয়াই চীনজাতি বাদ করিয়াছিল। অর্জুন দিগু বিজয় কালেও উহাদিগকে ঐস্থানে দর্শন করেন। উত্তর দিকে কিরাত গণের অত্যন্ত প্রান্তর্ভাব হয়। ভীম বিদেহ পার হইয়াই কিরাত গণকে দর্শন করেন। কাক্ষিবৎ পর্বতে অসভ্য জাতির বাস হইল। এই সকল কারণ বশতঃ দেশ মেচ্ছ প্রায় হইয়া উঠে। বোধ হয় তজ্জন্যই অঙ্গ বন্ধাদি গমনে প্রায়শ্চিত বিহিত হইয়া-ছিল। পাণ্ডবেরাও বঙ্গের কিয়ন্ডাগ বর্জন করেন। তদবধি জেই অংশ পাণ্ডৱ বৰ্জ্জিত দেশ নামে খ্যাত হইয়াছে।

দাপর শেষে অমুর বংশজ বাণ রাজা বাহুবলে অঙ্গ বঙ্গ কলিষ্ট নামক পুত্র ত্রয়কে তিন রাজ্য প্রদান করিলেন। কিন্তু পাণ্ডবদিগের দিখিজয় কালে অনেক পরিবর্ত্তি হইয়া গেল। কামরূপের অধীধর নর্ক রাজ, শ্রীকৃষ্ণ হত্তে নিহত হইলেন। জরাপিন্ধুর দর্প চূর্ণ হইল। অঙ্কেশ্বর ছুর্য্যোধনের সহিত মিলিত হইলেন। শোণিত পুরাধিপতি বাণ রাজার সৈন্য সকল ভীমদেন কর্ত্তৃক বিনষ্ট হইল। ভীম যেস্থানে তা <u>লক্ষেক</u> পরাজয় করেন অধুনা দেই স্থান ভীমস্পৰ্দ্ধা নাবে 🥏 । পুণ্ডা-ধিপতি বাস্ত্রদেব, কৌশিক কচ সমুদ্রসেন, চন্দ্রসেন, বঙ্গরাজ, ত ধিপতি স্ক্রাজ প্রভৃতি অস্মদেশের। ভূপাল বর্গ ও মহাসাগরের উপকৃল বানী 🥡. দিগু বিজয় কালে পাণ্ডবদের অধীনত। স্বীকার কার-লেন। ত্রেতা যুগাবধি দ্বাপর পর্য্যন্ত এইসকল নরপতিগণের মধ্যে কোন বংশে অন্ত পঞ্চাশৎ কোন বংশে যট চত্বারিংশৎ কোন বংশে পঞ্বিংশতি কোন বংশে বিংশতি আদিক্রমে ভূপালগণ ত্রেতায় অযোধ্যা ও দ্বাপরে হস্তিনার প্রাপান্য স্বীকার করিয়া রাজ্য করেন।

অনন্তর দাপরের অবসান সময়ে নিখিল বীর বিধবংশকারী কুরুক্ষেত্রের সেই ভৈরব সমর

আদিয়া উপস্থিত হইল (১)। তৎকালে ভগদত্ত অম্মদ্দেশের এক্জন প্রধান নরপতি ছিলেন। সমুদ্র তীর পর্য্যন্ত তাঁহার রাজত্ব ছিল। তিনি কৌরব রাজ দুর্য্যোধনের সাহায্যার্থ সংগ্রামভূমে অবতীর্ণ হয়েন। কয়েক দিবস ঘোরতর যুদ্ধ করিয়া অবশেষে ভগদও সমরশায়ী হইলেন। অঙ্গরাজ সেনানায়ক হইলে বঙ্গু, পুণ্ড ও তাত্রলিপ্ত দেশীয় বীরগণ ভয়ানক যুদ্ধ করিয়াছিলেন। কিন্তু অবশেষে বঙ্গাধিপতি সাত্যকির হস্তে ও পুণ্ড াধিপতি সহদেব হস্তে নিহত হইলেন।তাত্র লিপ্তেরঅধিপতিনকুল ও ধৃঊহ্যুন্নকর্ত্ত পরাজিত হই লেন ৷ ধুরুকেত্রের যুদ্ধাবদানে অপরাপর রাজ্যের দ্যায় অস্মদেশও শীভ্রম্ট হইল। এক বিভাগের রাজা অপ রাপেক্ষা বলশালী হইলে তাহার রাজ্য হরণ করিতেন। ভগদত্তের তনয়গণ ক্রমশঃ বলশালী হইয়া উঠিলেন। অধিকাংশ দেশ তাঁহাদিগের দ্বারাই শাসিত হইয়াছিল। ভগদত্তের পরলোকের পর অনঙ্গু ভীম, রণভীম, গজভীম

(১) অনেক প্রস্থে লিখিত আছে ঘেদ্বাপর শেষে কুৰু-ক্ষেত্রের যুদ্ধ হয়। কিন্তু কংলন মতে ৬৫৩ বর্ষ কলিগতে কুৰু-ক্ষেত্রের যুদ্ধ। তথাহি।

"শতেষু বটস্থ সার্দ্ধেয়ু ত্রধিকেষু চ ভূতলে কলের্গতেষু বর্ধানামভবন কুরুপাঞ্বাঃ।" উভয় মত আপততঃ ভিন্ন বোধ হইলেও এক। এক মতে সন্ধ্যাংশ গৃহীত ও অপর মতে পরিত্যক্ত হইয়াছে, মাত্র।

দেবদন্ত, জগৎসিংহ, ব্রহ্মসিংহ প্রভৃতি ত্রয়োবিংশতি জন নরপতি রাজত্ব করিলে সপ্তম শতাব্দীতে (পুখৃঃ) ঐ বংশ ধ্বংশ হইয়া গেল। তৎপরে কামরূপে ক্ষতিয় বংশ, ব্রহ্মপুত্রবংশ ও বারভূয়া আদি বংশীয় নরপতিগণ রাজত্ব করেন।

নরকবংশের পর সুযজ্ঞ বংশীয় ভূপতিগণ পরা-ক্রান্ত হইয়া উঠিলেন। এই বংশের তৃতীয় নরপতির নাম মাধবসিংহ ছিল। তিনি খ্রীষ্ট জন্মের ৫৪৩ বর্ষ পূর্বের স্বীয় পুত্র বিজয় সিংহকে যৌবরাজ্যে অভিষিক্ত করেন। কিন্তু যুবরাজ কোন ঘূণিত দোষে দূষিত হওয়াতে মহারাজ মাধব্দিংহ প্রজার্জন ক্রীহাকে সপ্তশত লোকের সহিত অর্থব যাত্রায় আদেশ কার্মা স্বাং পুনর্কার রাজ্যভার গ্রহণ করিলেন। কুরুক্ষেত্রের যুদ্ধের পর এই সময়ে অম্মদেশে পুনর্কার বাণিজ্য কার্য্যের উৎসাহ রুদ্ধি হয়। সকলেই বাণিজ্যে রত ছিলেন। লঙ্কার সহিত বাণিজ্য করিয়া বৈশ্যজাতি বিলক্ষণ ধনশালী হইয়া উঠিল। পরে শ্রীমন্ত, চাদ ধনপতি আদি বণিকবর্গ নালকন্দ নালেশ্বর মলয়দ্বীপ স্মাতাদ্বীপ ও জবদ্বীপ পর্য্যন্তও গমন করিয়াছিল। অনেকে মিশ্রদেশ অর্থাৎ গিদর বা ইত্বিষ্ট দেশে উপস্থিত হয় ৷ তৎকালে হিন্দুরা ভিন্ন ভিন্ন দেশে গমনাগমন করিত। যুবরাজ বিজয়সিংহ কিয়ৎ কাল মধ্যে কন্যা কুমারীর সন্নিকটস্থ অক্তি সমুদ্রে

গিয়া পত্ছিলেন। তথায় অর্ঘা নামক অথাতে প্রচুর
মুক্তা আহরণ করিয়া কামরা পাছকা সপ্তমা লিম্ব ও
সিংহল প্রভৃতি জনপদ অধিকার করিয়া সিংহলে
কিয়ৎ কাল বাস করেন (১)। পরে প্রত্যাগমন কালীন
মছলিপট্টন প্রভৃতি স্থান অধিকার করিয়া সম্বলপুরস্থ
হীরকখনি স্বায়ন্ত করত তমলুকে আসিয়া পত্ছিলেন।
মাধবসিংহের পর ছয় জন নরপতি রাজত্ব করিলে
সুযজ্ঞ বংশ তিরোহিত হইল।

পুর্ববংশ তিরোহিত হইবার পুরেব ই মাগধেরা প্রবল হইয়াছিল। গৌড়দেশ বহুকাল তাহাদিগের অধীন থ্যক্রে মুগধ অতি প্রাচীন সাম্রাজ্য ৷ বৈহার বরাই র্ষভ ঋষিগিরি ও চৈত্যক নামে পঞ্চ পর্বত বেষ্টিত গিরিজজ পুরীতে মগধেন্দ্রগণ রাজস্ব করিতেন বেছি পুরাণে রক্তাগিরি বিপ্লাগিরি বৈভাষ্যিরি শোনগিরি ও উদয়গিরি নামে ঐ পঞ্চ পর্বভিই খ্যাত। স্থ্পিতি শাখাসমূহে স্থােভিত শাখীনিটয়, পদাকুমুদ কহলার পুরিত বাপা তড়াগ, বিবিধ পশু সমাকীৰ্ণ নৰ ছুৰ্কাদল মণ্ডিত স্থাশোভন খেত্ৰ, উভুঙ্গ শৈল সংরক্ষিত নগর প্রাকার, সততঃ সঞ্রয়ান নীরদ নিকরের সুশীতল ছায়া, নিরুপদ্রব প্রজাগণের নিরন্তর কোলাহল, সরোবরাগত মারুত হিল্লোলে ঈষৎ কম্পিত পতাকা শোভিত প্রাসাদ রাজি, অসংখ্য দেবা-

<sup>্ ) &#</sup>x27;সংস্কৃত ব্যতীত বৌদ্ধ গ্রন্থেও ইহার বিবরণ আছে।

লয়, হস্তাশ্ব রথ সমাকীর্ণ পাংশু বিবর্জিত প্রশস্ত রাজপথ ও দিব্য মাল্য ভক্ষ্যাদি ভূষিত আপণ শ্রেণী দারা মগধপুরী অতি রমণীয় ছিল। এক্ষণে দেই নগর সম্পূর্ণরূপে উৎসন হইয়া গিয়াছে। গিরিষক পর্বতের নিকটবতী স্থানকে লোকে এক্ষণে গিরিব্রজ বলিয়াদেথাইয়া দেয়। তথায় জরাসন্ধের কেবল এক ম-ন্দির মাত্র অবশিষ্ট আছে। তাহারই তিন চারি ক্রোশ দূরে রাজগৃহ ছিল। তলিকটে ধর্মারণ্য বা গয়া। ঐস্থানে বৌদ্ধ অবতার জন্ম গ্রহণ করেন। এই নিমিত্ত বহুকালাবধি বহুদূর হইতে বৌদ্ধ যাত্রী আদিয়া তথায় তার্থ করিত (১)। গিরিব্রজ নগরের আতি-শয্য হাদ হইলে মগধ রাজগণ পাটলিপুত্র নগরে রাজ্থানী করিলেন। পাটলিপুত্রেরই অন্যতম নাম চম্পাপুরী (২)।যে স্থানে অঙ্গেশ্বরেরা পূর্বের রাজত্ব করিতেন। যোজন বিস্তীর্ণ চম্পানগর গঙ্গা ও অরণ্য-বহা বা শোণনদের সম্বয় স্থলের পশ্চিমতীরে অব-স্থিত ছিল (৩)। ইহার সমীপে গন্ধলতা ওভাগদন্ত নামক যে তুই নগরের নাম উল্লেখ আছে অধুনা তাহার একটীর নাম লতাগ্রাম ও অপরটীর নাম বাস্থপাতুকা। ভাগদন্ত জৈনদিগের মহাতীর্থ এবং চন্দ্রাভাতি নদী

<sup>(</sup>১) ফাহিয়ান ও হোয়ানসঙ্গ।

<sup>(</sup>২,) বায়ুপুরাণ ও হরিবংশ।

<sup>[</sup>৩] ভৃঞ্জ সংহিতা।

তটে অবস্থিত ছিল। অরণ্যবহার অপর নাম চন্দ্রা-ভাতি (১)। এক্ষণে প্রাচীন পাটলিপুত্র নগরও উৎসন্ধ হইরাছে (২)।

[>] বেছিদিগের উত্তর পুরাণে কথিত আছে যে—
গঙ্গার উত্তরে রতিপুরীনগার জৈনপ্রভূধর্মনাথের জন্মস্থান। তিনি
চম্পানগর গামন কালীন অরণ্যবহায় স্থানমাত্র নিজিত হইলেন।
মহাদেব আজ্ঞায় স্ত্রীরূপ গারিণী অরণ্যবহা উঠিয়া ধর্মনাথের বহু
স্থাতি করিলেন। অনন্তর ধর্মনাথের বরে সেই কামিনীর চন্দ্রের নাগ্য
রূপ ও তজ্ঞনা অরণ্যবহার নাম চন্দ্রাভাতি হইল। চম্পার নিকট
ভাগদন্তে জৈনদিগের দ্বাদশাবতার বাস্থপ্রভূর পাদ্চিত্ন ও
ইক্টকনির্মিত চুই শুম্ভ অবশিষ্ট আছে।

আমাছিত নাম বেদিদেরও কতকগুলি পুরাণ আছে।
দেগুলি আর্য্য পুরাণের স্পান্ট অন্তকরণ মাত্র। হিন্দু পুরাণাশেক্ষা অধিকতর আদৃত করিবার জন্য হিন্দুদিণের অপেক্ষা কাল
সংখ্যা ও মেক পর্বতের উচ্চতাদি অধিক করিয়া বেছিরো বর্ণন
করিয়াছে। যাহাহউক এই সকল পুরাণ দ্বারা স্পান্ট বোধ হইতেছে
যে হিন্দু পুরাণ অতি প্রাচীন ও বেদিদেশের পূর্বে প্রবলরূপে
প্রচলিত ছিল।

[২] ভাগীরথীর বেগে পাটলিপুত্র ও তল্লিকটস্থ কতক নগর নফ্ট হয়। কেবল পশ্চিম ভাগের কিয়দংশ মাত্র অবশিক্ট ছিল। পরে সেই স্থান পুনঃ শুক্ষ হইলে তত্ত্পরি বর্ত্তমান নগর স্থাপিত হইয়াছে। ইতি ধরণী কোষ।

বর্তমান নগর ভাগলপুরের প্রায় ছই ক্রোশ পশ্চিমে অব-ছিত। তদনন্তর কহোল ঋষির আশ্রমন্থান কাহোল প্রাম, শিলাসঙ্গম বা পাতুরেঘাটা, দেবতা ঋষি ও সিদ্ধাণ সেবিত বদর কোট, মন্দর পর্বত, মধুস্থদন মঠ, মহাকালীর মূর্ত্তি, সীতাকুও, শঙ্করকুও, লক্ষনকুও, কামধেনুমঠাদি ক্রমে ক্রমে প্রাপ্ত হওয়া যায়।

যাহাহউক মগধ রাজ্য প্রবল হইলে ত্রেভাযুগে অযোধ্যা ও দ্বাপরে হস্তিনার অধীনতা স্বীকারের ন্যায় অস্মদেশীয় মহীপালগণ মগধের অধীনত। স্বীকার করিলেন। কিন্তু গোড়ের রাজপদবী লুপ্ত হয় নাই। বৎস রাজাদি নরপতিগণ মুঞ্জের সহিত সখ্যতা রাখিয়। নির্বিবাদে রাজ্য করিয়াছিলেন। বিশেষতঃ ত্রিপুরা আবাকান ও আশাম প্রভৃতি স্থান স্বাধীনরূপেই ছিল। পাটলিপুত্র নগর গৌড়ের নিতান্ত সন্নিকৃষ্ট হওয়ায় গোড়েশ্বরেরা মগধের নম্পূর্ণ অনভিমতে কার্য্য করিতে সমর্থ হন নাই। চারিশত পূর্ব্ব খ্রীষ্ঠীয় অন্দাবধি ৩০০ খ্রাষ্ট্রীয় শুকের কিঞ্চিৎ পর পর্য্যন্ত পঞ্চবংশে মগধ ভূপালগণ সপ্তশত বর্ষের অধিক কাল বাঙ্গালার উপর প্রভুত্ব করিয়া-ছিলেন। এই সময়ে মগধ প্রচলিত প্রাকৃত ভাষার শব্দাদি অস্মদেশীয় ভাষায় প্রবেশ করে। অপাদানের বিভক্তি ''হইতে" প্রাকৃত ভাষা হইতে জাত। পূর্বেব কুৎ প্রত্যয় দারা অপাদানের কার্য্য নিকাহ হইত। তাহার চিহ্ন স্বরূপ অদ্যাপিও ভাষামধ্যে ''থেকে'' প্রচ-লিত আছে। বান্ধানার পূর্ব্ব বিভাগ মগধ হইতে দুরে অবস্থিত। এজন্য তথাকার প্রাদেশীক ভাষা মধ্যে মগধের প্রাকৃত ভাষার চিহ্ন অপ্প মাত্র পাওয়া যায়। অধুনাও তদেশের লোক "হইতে" কথার পরিবর্ত্তে "থনে" ব্যবহার করে। কর্মাদি কারকে যে<sup>°</sup> "ক"

যোজিত দেখা যায় তাহাও প্রাকৃত ভাষা মূলক।
বঙ্গদেশে ককার স্থলে রকারের ব্যবহার আছে।
বাঙ্গালার পশ্চিম ভাগ মগধের সন্নিহিত। এজন্য
তথাকার প্রাদেশীক ভাষায় কারক ও ক্রিয়াদিতে
ককারের বাহুল্য প্রয়োগ দেখা ষায়। এবং পৈশাচা
ভাষার ন্যায় লকারের বাহুল্য ব্যবহারও আছে।

মগধের অধিকার কালে কৃষি ও বাণিজ্যের উন্নতি প্রায় পূর্বের ন্যায়ই ছিল। তমলুক, সপ্তথাম, ও স্থবর্ণ প্রামাদির বাণিজ্য বহুদূর ব্যাপ্ত হয়। কিন্তু হঠাৎ ধর্ম যুদ্ধানল প্রজ্জনিত হইয়া উঠিল। সবর্ব কর্মা পরিক্রার্গি করিয়া সকলে ধর্মা বিত্তায় অগুসর হইলেন। ধর্মের অনৈক্য হওয়ায় পরস্পারের প্রতি পরস্পারের বিদেষ জন্মিল। রাজায় রাজায় বিবাদ, প্রজায় প্রজায় বিবাদ, গৃহে গৃহে বিচ্ছেদ; দেশে দেশে ধর্মা কথা, চতুর্দ্দিকে কলরব, ভারত শান্তি শ্ন্য। অশোক রাজার আধিপত্য সময়ে সমস্ত দেশ হইতে সনাতন ধর্মা উন্মালিত প্রায় হইয়া উঠিল। রাজারা রাজকার্ম্য বিস্মৃত হইলেন। জয়চিহ্ন নির্ম্মাণ, মন্দির নির্ম্মাণ, কবর নির্ম্মাণ ও নানাবিধ মূর্ত্তি নির্ম্মাণে সকলের যত্ন হইল।

মগধের প্রতাপ হাদ হইলেও আমাদিগের দেশে বৌদ্ধগণের উৎপাৎ ছিল। বিক্রমাদিত্যের রাজত্ব সময়ে পালবংশীয় বুনিয়া রাজারা দিনাজ পুরের নিকটে আদিয়া বাদ করেন। ভাঁহারা হৈহয় জাতীয় ক্ষত্রিয়

ছিলেন। মগধ রাজ্যের শেষাবস্থায় ধর্মা ভ্রম্ট এই সকল নরপতি পালোপাধি ধারণ করিয়া রাজ্য বিস্তার করিতে লাগিলেন। ইঁহারা প্রায় সকলেই বৌদ্ধছি-লেন। রাজ্য মধ্যে বৌদ্ধ ধর্ম প্রচার করিবার জন্য ইঁহাদিগের ইচ্ছা হইল। ঘোর ধর্ম্ম বিপ্লব উপস্থিত। বহু ব্রাহ্মণ যজ্ঞোপবীত পরিত্যাগ করিলেন। বৈদিকক্রিয়া কাত্তে লোকের অনাস্থা হইল। অন্তঃপুর বাসিনী কামিনী গণের মতিও জনশঃ বিচলিত হইতে লাগিল। চতু-র্দ্ধিকে পীতবাসা ভণ্ড তপস্বীগণের মহান কোলাইল। সকলেরই মুখে বৌদ্ধগীত। দেবালঃ শুন্য, জাতিভেদে অনাস্থা, ও সর্ববিত্র হিন্দুদের অপমানী 🚂ন্দুরা আর সহ্য করিতে পারিলেন না। গোড় দেশীয় দিগের বুদ্ধির প্রাথর্য্য কোন কালেই মন্দীভূত হইবার নহে। তর্কবল আশ্রয় করিয়া তাঁহারা বৌদ্ধগণকে যোর রূপে আক্রমণ করিলেন। বেচিছরা পদে পদে পরা-ভূত হইতে লাগিল। এ দিকে অত্যম্প কাল মধ্যেই বৌদ্ধদিগের বজ্রস্বরূপ, নিখিল নাস্তিক নিপাতকারী, দেই অমিততেজা শঙ্করাচার্য্য স্বীয় দিগ্রিজয়ী দল বল সহ আদিয়া একবারে বাঙ্গালায় উপস্থিত হইলেন। তিনি গোড়দেশে নাস্তিকদিগকে সম্পূর্ণরূপে পরাভূত হতপ্রভ ও ত্রস্ত (১) দেখিয়া গোড়াচার্য্য দিগের ভূয়সী

<sup>(</sup>১) গোড়াচার্য্য নির্ব্ধিকপে সমাধাবন্য যোগিন,ম। সাকার ধ্যান নিষ্ঠা নামত্যন্তং ভয় মূচিরে॥ ইত্যাদি পঞ্চিদশী।

প্রশংসা করিতে লাগিলেন। এবং দেশে ধর্ম্ম প্রচানরর উপায় করিয়া আফ্লাদ সহকারে গৌড়াচার্য্য গণকে সমভিব্যাহারে লইয়া গোলেন। পরে যথন কাশ্মীরে উপস্থিত, হইয়া তাঁহার সরস্বতী পীঠ দর্শনে মানস হইল তথন ঐ গোড়াচার্য্যরাই তত্ত্বস্থ লোকগণকে বিবাদে পরাভূত করিয়া গুরুর সহিত পীঠ মধ্যে প্রবেশ করেন (১)।

আদিশ্রের বংশ গোড় নগরে প্রবল হইলে পাল বংশীয়েরা কেবল উত্তরদিকেই রাজত্ব করিয়াছিলেন। কৃষিকার্য্যে তাঁহাদের বিশেষ উৎসাহ ছিল। তাঁহারা নানা স্থানি চিকিৎসালয় স্থাপন করেন। অনেক পুজ-রিণীও খাত হইয়াছিল। তন্মধ্যে কয়েকটা অদ্যাপিও বর্ত্তমান আছে। পালবংশীয় দ্বাদশজন নরপতি বাঙ্গালারউপর সম্পূর্ণ কর্ত্ত্ব করেন।

অনন্তর মহারাজ আদিশূর অফ্রম শতাব্দীতে প্রান্থস্থ হইলেন। তিনি ক্ষত্রিয় জাতীয় কায়স্থ হওয়াতে আইন আকবরিতে কায়স্থ বলিয়া উল্লি-থিত হইয়াছেন। দাল্ভ্য গোত্রজাদি কায়স্থেরা ক্ষত্রিয় (২)।

<sup>[</sup>১] রাজতরঙ্গিণী চতুর্থ তর**জ**।

<sup>(</sup>২) কারস্থ সামান্যতঃ তিন প্রকার। দাল্ভ্য মুনি চম্রুসেন রাজার সগর্ভা ভার্যাকে পরশুরাম হস্ত হইতে বিমুক্ত করেন। তাঁহারই সন্তানেরা দাল্ভ্য কারস্থ নামে খ্যাত। ই হারা রাজবংশোদ্ধিব ও ক্ষবিয়। '[স্কন্দ প্রবাণ]

আদিশুর রাজা হইলে পালবংশীয় নরপতিগণের প্রভাব হস্ব হইল। তাঁহারা উত্তরদিকে রাজত্ব করিতে লাগিলেন। বাঙ্গালার দক্ষিণ বিভাগের রাজ্বরা কান্যকুজের দহায়তা গ্রহণ করিয়া পালদিগের প্রতি দুকপাতও করিতেন না। উত্তরদিগের অনেক প্রজা ধর্ম রক্ষার নিমিত্ত আদিশ্রের রাজ্যে আদিয়া বাদ করে। অপুত্রক রাজা আদিশূর বৌদ্ধ বিদলিত বঙ্গের ব্রাহ্মণগণকে শাস্ত্রানভিজ্ঞ দেখিয়া পুত্রেষ্ঠী যাগ করণার্থ কান্যকুজ্ঞ রাজ বীরসিংহের নিকট পঞ্চত্রাক্ষণ প্রার্থনা করেন। তদমুসারে পাঞ্চালেশ্বর শাণ্ডিল্য গোত্রজ ভট্টনারায়ণকে মকরন্দঘোষ, সার্থী গ্রেপত্রজ বেদগর্ভকে দশরথ গুহু, বাৎস্য গোত্রজ ছান্দড়কে পুরু-ষোত্তম দত্ত, ভরদ্বাজ গোত্রজ শ্রীহর্ষকে কালিদাসমিত্র, ও কাশ্যপ গোত্রজ দক্ষকে দশর্থ বস্থ ভৃত্যসহ আদি-শুরের সন্নিধানে প্রেরণ করিয়াছিলেন। কেই কেই কহেন ইহাঁরা অন্যুর্ম্ভি শান্ত্যর্থ আগমন করেন। যাহা হউক ই হাদিগের আগমনে বিদ্যা ও ধর্ম্মের জ্যোতিঃ পুনর্ব্বার রুদ্ধি হইল। শাস্ত্রানভিজ্ঞ পূর্ব্ব ত্রাহ্মণেরা সপ্তসতী

দ্বিতীর প্রকার করণ কায়স্থ। বৈশা ও শূদ্রায় ইহাদের উৎপত্তি। ভিরত ী

তৃতীয় প্রকার সামান্য কায়স্থ। বৈদেহও মাহিষ্য কন্যাযোগে ইহাদের উৎপত্তি হইয়াছে।

মাহিষ্য বনিতা শম্ম কৈনিছোৎ যঃ প্রশ্রতে। স কায়স্থ ইতি প্রোক্ত শুদাধর্মো বিধীয়তে ॥ [কমলাকর ভট্ট।

নামে খ্যাত হইয়া পূৰ্ব্বদিকে অপস্তত হইলেন। কিন্তু নিকটে বৌদ্ধ ও গিরিধর,পৃথীধর, স্মষ্টিধর, প্রভা কর ও জয়ধ্বরাদি আদিশূর বংশীয় রাজগণের শৈথিল্য-বশতঃ ভ্রাহ্মণেরাও স্বকার্য্যে শৈথিল্য পূদান করিলেন। পালেরাও পুনর্কার পূবল হইয়া উঠিল। বর্ত্তথান তালিপবাদ পরগণার অন্তঃপাতী মধুপুরে যশপাল, সবরের নিকটবর্ত্তী কোটি বাড়ীতে হরিশ্চন্দ্র ও ভোয়া-লের অন্তঃপাতী কাপাশিয়া নামক স্থানে শিশুপাল প,ভৃতির বংশীয় নরপতিগণ রাজত্ব করিতে লাগি-লেন।(১)। এই নিমিত্ত আইন আকব্রিতে পাল বংশ্ব্রুআদিশুরের বংশের পর বিন্যস্ত হইয়াছে। কিন্তু অনতিবিলম্থেই ৯০৩ খৃ অকে আদিশুরের বংশ বিলুপ্ত হইলে বিষক সেনের ক্ষেত্রজ পুত্র বল্লালসেন সিংহাসনে আরোহণ করিলেন। তাঁহার সময়ে দিল্লী পর্য্যন্ত রাজ্য বিস্তৃত হয়। পাল বংশীয়েরা নতশির হই-লেন। ৰল্লাল আৰ্য্য ধৰ্ম্ম প্ৰবলও আৰ্য্য রীতি নীতি দৃঢ়ী-করণার্থ সমস্ত জাতি শ্রেণীবদ্ধ করেন। তদব্ধি বেচিদ্ধরা আর্ঘ্য ধর্ম্মের আর অনিষ্ট করিতে পারেনাই। বল্লালের মৃত্যুর পর লক্ষণ সেনও পিতার অনুরূপ কার্য্য করেন।

<sup>[</sup>১] কাশীর নিকটস্থ সারনাথের মন্দিরে প্রাপ্ত তামফলকে লোকপাল, ধর্মপাল,জয়পাল, দেবপাল, নারায়ণপাল, রাজপাল, পালদেব, বিপ্রহুপাল, মহীপাল ন্যায়পাল, বিপ্রহুপাল, প্রভৃতি রাজগণ গোঁড়ের রাজা বলিয়া উল্লিখিত হইয়াছেন।

তাঁহার মহিষীর নাম অতুলা কুমারী ছিল। দ্বিজবর হলায়ুধ মন্ত্রী পদে প তিষ্ঠিত ছিলেন। গোবর্দ্ধন, শশ্বরণ, জয়-দেব, উমাপতি ও কবিরাজ এই পঞ্চ রত্ন ও এতদ্ব্যতীত অরবিন্দভট্ট, পৃত্থীধর,দিনকর মিশ্র ও ভবানন্দাদি কবি-কুল সভামধ্যে সদা রাজার গুণ গান করিতেন। দেনা-পতি রণজ্যবারের প্রতাপে চতুর্দ্দিক ত্রস্ত হইয়াছিল। লক্ষণ দেন গ্যেড় নগরের পরম শোভা সম্পাদন করেন। তিনিই ব্রাহ্মণদিগের কোলীন্য মর্য্যাদা সংস্থাপন করিয়া-ছিলেন <sup>(১)</sup>। তাঁহারপরলোকের পর কেশব সেন, মাধব দেন, শুর দেন, ভীম দেন আদি কয়েক জন নরপতি অতীত হইলে দ্বিতীয় লক্ষণ সেন সিংহাসনাধী হণু করি-লেন। আদিশুরাবধি লক্ষণ দেনের সময় পর্য্যন্ত বাঙ্গালা ভাষার সমধিক উন্নতি হয়। কেবল সংস্কৃত চর্চাই তাহার একমাত্র কারণ। আর্যাধর্মের উন্নতিতে বাঙ্গালা ভাষার উন্নতি। সংস্কৃতই বাঙ্গালার একমাত্র জননা। আর্ঘ্যধর্মাকুসারে সংস্কারাদি শাস্ত্রীয় সর্বকর্ম্মে সংস্কৃত প্রয়োজন। স্মৃতরাং ধর্মের উন্নতিতেই ভা-ষার উন্নতি হইয়া পড়িল। পালবংশীয় দিগের সময়ে

<sup>[</sup>১] লক্ষণ নবগুণ বিশিষ্ট ব্যক্তিগণকে কুলীন করিয়াছিলেন।
কিন্তু বংশাল্লক্রমে কুলীন করা ও মেল বদ্ধ করা লক্ষণের বহুকাল
পরে দেবীবর পণ্ডিত কর্তৃক হয়। পুরন্দর খাঁ কায়স্থদিগের কোলীন্য
প্রথা সংস্থাপন করেন। তিনি যবন ছিলেন না। খাঁ কেবল
সন্মান সূচক উপাধি মাত্র।

ভাষার সামান্য উন্নতি হয়। আদিশুরের সময়া-বিধি বাঙ্গালার বিশেষ উন্নতি স্বীকার করিতে হইবে। এই সময়ে ভাষার দৈন্যতা বিনফী হয়। এবং এই সময়া-বিধি বাঙ্গালা আশামাদির ভাষা হইতে পৃথক হইয়া সতেজ হইতে লাগিল।

অনন্তর ত্রয়োদশ শতাব্দীর প্রারম্ভেই ব্রনেরা বাঙ্গা-লায় প্রবেশ করিল। লক্ষণ দেন নবদ্বীপে গঙ্গাবাদ করি-তেন। তজ্জন্য ভথায় দৈন্যাদি থাকিত না। হটাৎ ১২০৩খুঃঅব্দে ব্থতিয়ার রাজধানী আক্রমণ না করিয়া একবারে নবদীপে উপস্থিত। ব্লন্ধনাজ অনভিবিলম্বে নগর প্রবিত্যাপ করিলেন। পশ্চিম বিভাগ বিনাযুদ্ধে মুসলমানদের হস্তগত হইল। যবন সেনাপতি পূর্ব্বদিকে যাত্রা করিলেন। প্রভাপশালী দনুজ মাধব পূর্ব্বদিক রক্ষা করিতেছিলেন। উভয়দৈন্যে ধোরতর যুদ্ধ উপস্থিত হুইল। বুখতিয়ার পরাভূত হুইয়া অপস্ত হুইলেন। কিন্তু ভাগ্যের ফল বিমন্ট হইবার নয়। যুবরাজ দকুজ মাধ্ব পাছে পরাজিত হইলে স্ত্রীপরিবারগণ যবন হতে নিপতিত হয়, এই ভয়ে মরণের সঙ্গেতার্থ একটা পা-লিত কপোতকে সঙ্গে রাখিয়াছিলেন। রাজকুমার যুদ্ধে পরিশ্রান্ত ও পিপাদার্ত হইয়া নদীতে জলপানার্থ যেমন নামিতেছিলেন অমনি বস্ত্রের শৈথিল্য বশতঃ সেই কপোত উডডীন হইয়া রাজবাটীর অভিমুখে প্রধাবিত হইল। নৃপকুসার ক্রত বেগে গমন করিতে লাগিলেন,

কিন্তু সময়ে পহুছিতে পারেন নাই। রাণীরা কপোত দর্শনে রাজার পরাজয় নিশ্চয় করিয়া যবন সংস্পর্শভয়ে জলন্ত চিতায় পতিত হইলেন। শোক সন্তপ্ত কুমারও সেই চিতাতেই প্রাণত্যাগ করেন। (১) তদবধি বাঙ্গালা যবনাধীন হইল। কিন্তু বখতিয়ারের পর্বাজ্ঞালা যবনাধীন করিয়াও জার স্বর্ণগুণমের নিকটবর্তী ভাগ কিয়ৎকাল স্বাধীন ছিল। যবন সেনাপতি আশানে বাজা করিয়াও পরাভূত হইলেন।

বখতিয়ার খিলিজীর মৃত্যুর পর ১২৮২ খৃঃ অন্দ পর্যুত্ত প্রায় পঞ্চদশ জন ভূপাল দিল্লীর অধীন থাকিয়া রাজত্ব করেন। তথাপ্যে গয়সউদ্দীন গোড় নগর 'ইশ্যুভিত, নগর হইতে দেবকে।ট পর্যুন্ত ব'াধ নির্দ্যাণ, আশাস ত্রিহৃত ও ত্রিপুরা সহ সখ্যতাবন্ধন ও স্ক্রিচারে সকলকে পরিত্ত্ত করিয়া বিদ্রোহ জন্য যুদ্ধে প্রাণত্যাগ করেন। তোবানখা উড়িয়্যা আক্রমণ করিয়াছিলেন। বিজয়ী উ-ডি্ম্যা বাদীগণ বারভূমস্থিত নগর ও পরে গৌড় পর্য্যন্ত অবরোধ করে। তৈমুর তাহার সাহায্যার্থ প্রেরিত হইয়া তাহাকেই দ্বাভূত করিলেন। উলবেক উড়িয়্যা আক্রন নণ করিয়া পরাভূত হন। পরে ত্রীহট্ট লুগ্ঠন ও আশাম আক্রমণ করিয়া অস্ত্রাঘাতে প্রাণত্যাগ করিলেন। জেলাল

<sup>্</sup>রি মার্ক পলো বলেন যে ১২ ৭২ খৃঃঅক্টে বান্ধালা যবনাধীন ২৪। তিনি তৎকালে জীবিত ছিলেন। ! মারদভেন কৃত মার্ক পলো অনুবাদ!!

কয়েকজন হিন্দু রাজাকে জয় করিবার উদ্যমের সময় কারার স্থবাদার হস্তে বিনষ্ট হইলেন। আদিন তোঘ-রল ত্রিপুরা আক্রমণ করিয়া পরে বিদ্রোহ জন্য পরা-ভূত ও নিহত হন।

(১) নাজীরের সময় দেশ কিয়ৎকাল প্রশান্ত ছিল।
পরে আলাউদ্দীন সম্রাট হইয়। ১২৯৯ খৃঃঅব্দে
বাঙ্গালা হুই ভাগে বিভক্ত করিলেন। নাজীর পশ্চিম
বিভাগে থাকিয়া সম্রাটের অধীনে ২৬ বৎসর রাজ্য
করিয়াছিলেন। পূর্বে বিভাগের স্থবাদার বাহাত্বর
স্থবর্ণ প্রামে রাজধানী করেন। বাহাত্বরও বিদ্রোহী
হইয়াছিলেন (২)। ফকীরউদ্দীন তাঁহার রাজ্য হস্তগত করিয়া সমস্ত রাজ্যাকাজ্জায় গোড় প্রদেশ আক্রমণ মাত্র পরাভূত ও নিহত হইলেন। কিয়দ্দিবস পরে
সমসউদ্দান পূর্বে বিভাগে রাজ্য স্থাপন করিয়া
ক্রমশঃ সমস্ত বাঙ্গালা অধিকার করত ১৩৪০ অব্দে
সম্পর্ণরূপ স্বাধীন হইলেন। যবনদিগের আধিপত্য হও

<sup>[</sup>১] মতান্তরে বগরা খাঁ। আমরা এই সকল ভিন্ন ভেদের মীমাংসা করিয়া প্রাচীন মুদ্রান্তসারে যবনরাজা গণকে শ্রেণীবদ্ধ করিয়া যথাযোগ্য স্থলে প্রকাশ করিব।

<sup>(</sup>২) ফেরেন্ডা কহেন যে লক্ষণাবর্তী ও সুবর্ণগ্রাম উভয় স্থানেই আমীর ও বিচারপতি দিগের ঘোর অত্যাচার হয়। ত্রি-বারণার্থ সম্রাট আসিয়া বাহাত্বকে পরাজয় করেন। সম্রাট পরে ক্ষমা করিয়াছিলেন।

নাবধি সমসউদ্দীনের কাল পর্যান্ত ভাষা ক্রমশঃ হানবল হইয়া আসিতেছিল। যেরূপ ভাষায় লোকে কথাবার্ত্তা কহিত তাহাতেই প্রবন্ধাদি রচিত হইয়াছে।

অনন্তর সমস উদ্দীনের রাজ্যকালাবধি ১৫৭৬ খৃঃ অব্দে আকবরের অধিকার পর্য্যন্ত প্রায় ষড়বিংশতি জন নরপতি রাজ্য শাদন করেন। তাঁহারা প্রায় সক-লেই স্বাধীন ছিলেন। নমসউদ্দীন সমস্ত রাজ্য বঙ্গ দেশের অধিকারভুক্ত, স্থবর্ণ গ্রাম হইতে পদাণতীরস্থ পাত্রায় রাজধানী, ত্রিপুরা ও বেহারের সহযুদ্ধ, সন্ত্রা-টের বিরুদ্ধে অস্ত্রধারণ ও হাজিপুর নির্ম্মাণ করিয়া পরলোক গমন করিলেন। সেকেন্দর রাজ্যী প্রাপ্ত হইলে স্যাট বাঙ্গালা প্রাপ্তির পুনর্কার বিফল প্রয়াস পান। হাফিজের সমকালবর্তী গয়সউদ্দীনের রাজ্য কাল অতি উত্তমরূপে অতিবাহিত হয়। তৎপরেহিন্দু বংশোদ্ভব গণেশ (১)নামক ভূপতি মন্দ্রিরাদি নির্ন্মাণ দ্বারা হিন্দুগণকে ও ভূসম্পত্তি দ্বারা মুসলমান গণকে পরিতুষ্ট রাখিয়া পর্ম সুখে রাজ্য করেন। চিৎমলের সময়ে পাণ্ডুয়া হইতে গোড়নগরে রাজধানী ও তথায় অনেক প্রাসাদাদি নির্দ্মিত হয়। তদনন্তর আহম্মদ সাহের রাজ্য কাল। তৎকালে দিল্লীতে তৈমুরের উপদ্রব উপ-স্থিত। জৌনপুরের স্থবাদার স্মযোগ পাইয়া বাঙ্গলা

<sup>(</sup>১) মতান্তরে কংশ।

আক্রমণ করিলেন। কিন্তু বাঙ্গালার স্ববাদার তৈমুর পোলের শরণাপন হইলে জৌনপুরের রাজা আর কোন উপদ্রব করেন নাই। নাজীর সা সিংহা-সনাবোহণ করিয়া গোড়ের তুর্গ পুনঃ সংস্কার করিলেন। তাঁহার পুত্রের রাজ্য কালে আবিদিনীয় দাদেরা রাজ-বাটীর কার্য্য প্রাপ্ত হয়। নৃপ হত্যাই এই পামর দিগের কার্য্য ছিল। অশেষ বিধ পাপাচরণ দারা সেই দাস দিগের মধ্যে চারিজন ক্রমান্তরে রাজ্য প্রাপ্ত হয়। অন-ন্তর তুরন্ত মুজঃকর রাজ্য গৃহণ ক্রিলেন। যোর-তর প্রজাপীড়ন। মন্ত্রী হোদেন দাহের দহ গোড়ের সম্মু**থে** ♦য়ানক সংগ্ৰাম উপস্থিত হইল। মুজঃফর পরাজিত ও নিহত হইলেন। হোসেন ধর্ম্ম প্রচা-রক মহম্মদের বংশ সম্ভূত ছিলেন। তিনি গোড় नगत जूर्थन, जनाशा रिम्मागनरक तथ, जाविमिमीय দার্গাদগকে নির্বাসিত, উডিয়া (১) ও আশাম আক্রমণ এবং জৌনপুরের রাজাকে আশ্রয়দান করিয়া প্রবল প্রতাপ সহকারে উতুবিব ংশতি বর্ষ রাজ্য ভোগ করেন। তাঁহার পুত্র নদীরত সা বাবরাচ্যুত মহম্মদ লো-দীকে সাহায্য,বেহারের কিয়দংশ অধিকার ও গৌড় নগরে প্রকাণ্ড স্থবর্ণ মদজিদ নির্মাণ করিয়া শেষে পরিচারক

<sup>[</sup>১] রোম নিবাসী ভার্টোমেনস বলেন, নরসিংহ তৎকালে উড়িষ্যার রাজা ছিলেন, ভার্টোমেনস তথন এথানে উপস্থিত। ভিজন ক্লত ভার্টোমেনস ভ্রমণ অন্নবাদ।

হস্তে নিহত হইলেন। নদীরতের পুত্র মহম্মদের পর বিখ্যাত দের সা দিল্লীর সম্রাট হুমায়ুনকে পরাজয়, অুবর্ণগাম হইতে দিকু নদী পর্যন্ত রাজপথ, বাঙ্গালা বহুখণ্ডে বিভক্ত,ভূরি দানশালা নির্মাণ্ড সব্ব ত্র দস্মভয় অপাকৃত করিয়া বাঙ্গালাকে পরমস্থা করিয়াছিলেন। সেরেরসময় বেহার পুনর্কার বাঙ্গালার অন্তর্ভূতি হয়। তাঁ-হারমৃত্যুর পর সমাট পরাভূত মহম্মদর্খা,সমাট বিজয়ী বাহাছুর, তাঁহার ভাতা ও পরে তৎপুত্র ক্রমান্বয়ে রাজ্য প্রাপ্ত হন। অবশেষে প্রতাপশালী সলি-মান আক্বরকে বহু উপহার প্রদান করিয়া কালা-পাহাড়ের সাহায্যে উড়িয়া জয় করিলেন। সলিমান্ পুত্র দাউদ আক্বরের বিরুদ্ধে অস্ত্র ধারণ করিয়া দূরীভূত হইলেন। তদনন্তর মণিম খাঁ কিয়ৎকাল গোড় নগরে বাদ করেন। আকবরের আজ্ঞানুসারে এই সময়ে গোড়ের পুনঃ সংস্কার হয়(১)। আশ্চর্য্যের বিষয় এই যে শ্রীযুক্ত মাদ মন স্বাহেৰ এই সময়েই মহামারীতে গৌ-ড়ের উচ্ছেদ লিখিয়াছেন। হটাৎ মহামারীতে গৌড় নগর একবারে উচ্ছিন হয় নাই। মনিমের মৃত্যুর পর দাউদ পুনর্কার বাঙ্গালা আক্রমণ করিলে পরাজিত

[১] কেরেস্তা।

পৌড়ের জলবায়ুমন হওয়াতে প্রজাগা ক্রমশঃ তংস্থান ত্যাগ করে। আরংজিবের সময় পর্যান্ত গৌড়ে বসতি ছিল। গৌড়ের বিনাশে মালদহের জীর্দ্ধি হয়।

ও হত হইলেন। দাউদের মৃত্যুর পর বাঙ্গালা মোগলা-ধীন হইল। প্রায় ৪৮০ বর্ষকাল পাঠানেরা এতদ্দেশে রাজ্য করে। রাজদেনাপতি গণ কর্তৃক এক এক প্রদেশ শাসিত হইত। তাঁহারা রাজ্যের কিয়দংশ মাত্র ধনাগারে প্রেরণ করিতেন। নবাবকে হীনবল দেখিলে রাজস্ব প্রায়ই প্রেরিত হইত না। রাজস্ব সং-ক্রান্ত কার্ব্য হিন্দুদিগের হস্তগত ছিল। প্রথমে ভূমি সংক্রান্ত যাবনিক শব্দ সকল ভাষা মধ্যে প্রবেশ করে। তৎপরে বিচার সম্পর্কীয় শব্দাদিও প্রবেশ করিতে লাগিল। প্রধান প্রধান ধনাত্য ব্যক্তিগণ যবনদিগের অনুকরণ•করিয়া অনেক বিলাস দ্রব্যকে যাবনিক নামে আহ্বান করিতে আরম্ভ করেন। কথা বার্ত্তায় ক্রমশঃ যাবনিক শব্দ পূবেশ করিতে লাগিল। দোয়াৎ, কলম, বিছানা, বালিস, কাগজ, আসামী, করিয়াদি, জমা, করু-লিয়ৎ, ফিরিস্তি, তায়দাদ, ছানি, ফৌজদারী, দেওয়ানী, দোয়েম, মালগুজারী, আদি ভূরি শব্দ ভাষা মধ্যে মিপ্রিত হয়।

২৫৭৬ খৃঃ অব্দে দেশ মোগলাধিকৃত ইল। মোগলসমাট আকবরের সেনাপতিগণ প্রাচীন আকগান জায়গীর সকল অধিকার করিয়া রাজ্ম দানে অস্বীকৃত হইলে তুমুল সংগ্রাম উপস্থিত। বিদ্রোহীগণ রজপুত শ্রেষ্ঠ তোডরমল দ্বারা হতবীর্ঘ্য ও আজিম দ্বারা দম্প র্বরূপ পরাভূত হয়। ২৫৮২ খৃঃ অব্দে তোডরমল

ওয়াশীল তুমর জমার বন্দোবস্ত করিয়া এককোটি সাত লক টাকা আয় করিলেন। কিন্তু বাঙ্গালার সর্বতে শান্তি বিস্তার হয় নাই। জায়গীরভ্রন্ট আফগানেরা কতক উড়ি-যাায় ও কতক হাতিয়া প্রগণার জঙ্গলে থাকিয়া উৎপাত করিতে লাগিল।\* প্রতাপাদিত্য তাহাদের সহিত বোগ দিলেন। অনন্তর রাজা মানসিংহ স্তবাদার হইয়া উড়িষ্যার পাঠানদিগকে স্থবর্ণ রেখা তীরে পরাজয় করাতে তাহারা দন্ধি করিল। তিনিও রাজমহলে গিয়া রাজধানী করিলেন । এই সময়ে কুচবেহারের রাজা ইচ্ছা করিয়া মোগলদিগের বশতাপন্ন হন। উডিয্যার আফগানেরা সাতগাঁ পর্যান্ত আক্রমণ করিয়া পুনরায় পর্ঞজিত হইল। কিন্তু মানসিংহ বাঙ্গালা ত্যাগ করিলে এবং আকিবরের মৃত্যু হইলে তাহারা সাহদী হইয়া বাঙ্গালার সমস্ত দক্ষিণ ভাগই অধিকার করে। কিয়দ্দিবস পরে পাঠানেরা পরাজিত হইল এবং মানদিংহও পুনরায় আদিয়া উপ-স্থিত হইলেন। কিন্তু মানসিংহ দ্বিতীয়বার আসিয়া বহুদিন বাঙ্গালায় ছিলেন না! তাঁহার সময়ে বাঙ্গালার

<sup>\*</sup> মানসিংহ একবার ইহাদিগকে শ্রীপুরে প্রাজয় করেন।
কিন্তু ইহারা করেদিবস মধ্যেই পুনরায় পরাক্রান্ত হইয়া দমরারের অন্তঃপাতা গণকপাড়া ও গোড়ীপাড়ায় দ্র্গনির্মাণ করিল। ইহারা বলপূর্ব্বক পূর্ব্বদেশের অনেক লোককে মুসলমানকরে। কিন্তু ইসলামের সময়ে স্কুর্বব্রেখা নদীতীরে উড়িঘাস্ত আফগানেরা ভয়ানক রূপে পরাজিত হইলে ইহারা আর কোন উপদ্রুব করে নাই।
ইহাদিগের দারা পুর্বদেশের বাঙ্গালাভাষা কিয়দ্রুশ বিক্নত হইয়াছে।

পশ্চিমবিভাগে গৌরাঙ্গ শিষ্যেরা বৈষ্ণব ধর্ম বিলক্ষণ রূপ প্রচার করে। তিনি চলিয়া গেলে ইসলাম খাঁ। স্থবাদার হইয়া ১৬০৮ খৃঃঅব্দে ঢাকায় রাজধানী করিলেন। পোর্ত্ত্রীজ ও মগদিগের উ পদ্রব আরম্ভ হইল। পোর্ত্তুগীজেরা হুগলীতে বন্দর করিয়া সপ্তগ্রামের বাণিজ্য বিনাশ করিয়াছিল। চট্টগ্রামেও বহু শংখ্য পোর্ভ্রগীজ বাদ করিত। তাহারা আরা-কানে উৎপাত করাতে আরাকানের রাজা তাহাদিগকে রাজ্য হইতে দূর করিয়া দিলেন। কিন্তু পোর্ত্তগীজেরা সাবাজপুর দ্বীপে থাকিয়া দস্ত্যবৃত্তি আরম্ভ ক্রিল। বাঙ্গালার স্থবাদার তাহাদিগকে বিনাশ করিতে গিয়া স্বয়ংই পরাজিত হইলেন। তখন তাহাদিগের ঘোর অত্যাচার রৃদ্ধি হইল। আরাকানের রাজা যোগ দিলেন। মগ ও পোর্ত্তগীজের দৌরাত্ম্যে বাঙ্গালার প্রজারা কম্পিত হইতে লাগিল। কিন্তু স্থ্যাদার বহুযত্ন করিয়া অবশেষে লক্ষ্মীপুরে তাহাদিগকে পরা-জয় করিলেন। এদিকে উডিষ্যাবাদী আফগানের আদিয়া উপস্থিত। \* স্থবর্ণরেখা নদীতটে ঘোর সংগ্রাম

<sup>\*</sup> মাদ মন বলেন এই যুদ্ধ ১৬১১ অব্দে হইরাছিল। এবং ১৬০৮ অব্দে ইদলাম ঢাকার রাজধানী করেন। শ্লাডউইন বলেন যে এই যুদ্ধের পর ইদলাম ঢাকার রাজধানী করিয়াছিলেন। ফ্টিএরার্ট বলেন যে মগদিগের উৎপাত নিবারণ জন্ম ১৬০৮ অব্দে ঢাকার রাজধানী করা হয়। কিন্তু ভ্রমণকারী হারবার্ট ১৬২১ অব্দে বাঙ্গালার থাকিয়া লিখিয়াছেন যে ১৬১৪ খঃ অব্দে স্কুজাত খাঁও এতিমাম খা নামক ন্বাবের তুইজন দেনাপতি আক্ষ্যানদিগকে পরাজয় করে। আক্ষ্যানেরারাজধানী ঢাকানগর প্র্যুন্ত বেইটন করিয়াছিল।

উপস্থিত হইল। এই যুদ্ধে পাঠানেরা পরাজিত হইয়া আর অধিক উপদ্রব করে নাই। পোর্তুগীজ দলপতি গঞ্জালিস্
আরাকান রাজার সহিত অভদ্রতা করিয়া সম্পূর্ণরূপ পরাভূত
হইল। তদবধি \* পোর্তুগীজদিগের উপদ্রব অনেক নিরস্ত
হইল। ১৬২১অন্দে এব্রাহিম খাঁ বাঙ্গালার স্থবাদার হইলেন।
পোর্তুগীজ মগ ও আফগানেরা কান্ত থাকায় দেশের শ্রীর্দ্ধি
হইল। ঢাকা ও মালদহে কার্পাদ ও পট্রস্ত সকল প্রস্তত
হইতে লাগিল। কিন্তু পাঁচ বৎসর মধ্যেই সম্রাটের
বিদ্রোহীপুত্র সাজেহান বাঙ্গালা প্রবেশ করিলেন। ঘোর

শার্মন পোর্ত্রীজ ও মগদিশের উৎপাতে স্থলর বনের উৎপত্তি লিখিয়াছেন। কিন্তু পোর্ত্তুগীজ্বও মগদিগের উৎপত্তি কেবলমাত্র কারণ নছে। ১৫৮৫ অবেদ বেলা খ্রেসা তিন ঘটিকার সময় ভয়ানক ঝড় ও সমুদ্রের আক্রমণে দক্ষিণদিক নষ্ট ছইরা যায়। প্রায় তুই লক্ষ প্রাণীর প্রাণ বিন্ট ছইয়াছিল। একটি মন্দির অবলম্বন করিয়া কতকগুলি লোক রক্ষা পায়। তৎপরে ঘোর ভূমিকম্প হইরাছিল। গন্ধার অসংখ্য শা**খা**র বেগ পরিবর্ত্তিত হইয়া অনেক স্থান নফ্ট হইয়া যায়। তদবধি দক্ষিণ দিক অত্যন্ত অস্বাস্থ্যকর হইয়া উঠিল। যে দুই একজন অধিবাদী ছিল, ভাষারাও মগদিগের উৎপাতে বাদস্থান পরিত্যাগ করে; প্রায় দুই শত বংসর হইল ফুল্দব্বন সম্পূর্ণকপ অরণ্য হইয়াছে। কে'ন কোন ইয়ুরোপীয় পণ্ডিত স্তির করিয়াছেন যে ভূমণ্ডলের মধ্যে যেখানে যেখানে যে পরিমাণে উচ্চ পর্বত আছে সেই সেই স্থানের সমুখবন্তী সমুদ্রণর্ভেও দেই পরিমাণে গভীর গর্ত্ত রহি-য়াছে। ভারতবর্ষে হিমালরপর্মত যত উচ্চ তৎসমীপস্থ স্থন্দর-বনের সন্ধিছিত সমুদ্রগর্ভেও তত গভীর একটী মহাগর্ত রহি-য়াছে। একটা ভূ-কম্প দারা স্থন্দরবনের ভূমি নিম্ন হইয়া সেই মৃত্তিকা দ্বারা উক্ত মহাগর্তের কিরদংশ পূরণ হইয়াছে। , স্থন্দরবন হইবার এই কারণটী প্ররূপ থিতগণ জ্ঞাত ছিলেন না।

অত্যাচার \* আরম্ভ হইল। তিমি দিল্লীশরকে পরাজয় করিবার জন্য হুগলীর পোর্ভুগীজদিগের সাহায্য প্রার্থনা করিয়া প্রাপ্ত হইলেন না। তুই বৎসর পরে সাজেহান বাঙ্গালা ত্যাগ করিলে খানাজাদ খাঁ স্থবাদার হইলেন। বহুকাল পরে তিনিই কেবল দিল্লীতে ২২ লক্ষ টাকা প্রেরণ করেন। তৎকালে উৰৃত্ত সমস্ত রাজস্বই মগ ও পোর্ভুগীজদিগের বাৎসরিক উপদ্রব নিবারণে বিনষ্ট হইত।† অবশেষে বাঙ্গা-লার এতদূর তুরবস্থা হইয়াছিল যে কেবল বার্ষিক ১০ লক্ষ টাকা ‡ দিবার অঙ্গীকার করিয়া ১৬২৭ অব্দে ফৈদী খাঁ বাঙ্গালার স্থবাদারা প্রাপ্ত হন।১৬২৭ অব্দে স্ফ্রাটের মৃত্যু হুইলে শাজেহান স্মাট হইয়া কাশীম থাঁকে বাঙ্গালার ञ्चरामात করিলেন। কাশীম খাঁ হুগলীর পোর্ভুগীজ-দিগের নামে কিঞ্ছি অভিবোগ করিবামাত্র সম্রাট্ পোর্ত্তগীজদিগের পূর্ববিত্তবহার স্মরণ করিয়া তৎক্ষণাৎ তাহাদিগকে নির্মাল করিতে আজ্ঞা দিলেন। কাণীম খাঁ আজ্ঞা প্রাপ্তিমাত্র হুগলীতে পোর্ত্ত্রগান্তগণকে ¶ সমূলে

<sup>\*</sup> হারবটের বর্ণনা। তিনি তংকালে এখানে উপস্থিত।

<sup>†</sup> মগ ও পোর্ত্ত্বগীজদিগের উপদ্রেব নিবারণার্থ বহুসংখ্য নোকা প্রস্তুতকরা হইয়াছিল। তাহাকে নোরারা কহিত। কর্মচারীরা বেতনের পরিবর্ত্তে জায়গীর গ্রহণ করাতে রাজ্যেরকর অতান্ত অণ্প হইয়াছিল।

<sup>্</sup>রাস মন কছেন, কৈদী পাঁচ লক্ষ টাকা দিতেন। তাহা নহে, পাঁচলক্ষ সম্রোট্জেহাঙ্গির ও আর পাঁচলক্ষ বেগম সাহেব মুরজেহানকে দিতে হইত।

<sup>¶</sup> বর্দ্তবান কালেক্টরীর কাছারি ও এসামবাটীর নিকট হুগলীতে পোর্ভুগীজ্বদিগের তুর্গ ছিল। সোলোরা সার্দ্ধ তিন-

উচ্ছেদ করিলেন। পোর্তুগীজদিগের বাণিজ্য সম্বন্ধে ভাষামধ্যে অনেক পোর্তুগীজ শব্দ প্রবেশ করে। এক্ষণে কলিকাতার ন্থায় পূর্ব্বে হুগলী প্রধান বাণিজ্য স্থান ছিল। পোর্তুগীজেরা বাঙ্গালায় বিলক্ষণ আধিপত্য করিয়াছিলেন। এক্ষণে কেবল ভাষাই তাহার একমাত্র সাক্ষ্য প্রদান করিতেছে। শাবান, কেদেরা, নিলাম, ফিতা, বেহালা, পাদরী, চাবি, ইম্পাত, পেরু, গুদড়া, পরু, কেরাণী, গির্জ্জা, বাতাবীলেরু, মত্তমানকলা প্রভৃতি কতকগুলি শব্দ পোর্তু-

মাস বেষ্টনেও লইতে পারে নাই। পরে বারুদ দ্বারা দুর্গভেদ করিরা তন্মধ্যে প্রবেশ করে। পোর্ত্ত্বগীজদিগের চিহ্ন মধ্যে বান্দেলে একটি গিজা আছে। ঐগিজা ১৫৯৯ কুদে নিগ্নিত হয়। ১৬১২ অন্দে হুগলী মোগল অধিকৃত হইলে একজন পোর্ত্তিপাজ পাদরি স্বক্ষণভার দিল্লাপরের নিকট হইতে গিজ্জার ব্যর নির্কাহার্য ৭৭৭বিঘা নিকর ভূমি প্রাপ্ত হন। এখনও দেই ভূমির উপস্বত্ত্বে গির্জ্জার ব্যয় নির্কাহ হইতেছে। অনেকে কহেন যে, বাঙ্গালা দেশের এই আদি গির্জ্জা। বস্তুতঃতাহা নহে। পোর্ত্ত গীজ-দিগের পূর্বে সিরীয়ান সম্প্রদায়ভুক্ত নিষ্টোরিয়ান খ্রীফানগণ বাণিজ্যার্থ ঢাকায় থাকিত। ভার্টোমেন্স ১৫০৩ অন্দে তাহাদিগকে দেখিয়াছিলেন। তাজগঞ্জের গির্জ্জা ইহারাই নির্মাণ করিয়াছিল। পোর্ত্ত গীজেরা ১৫১৭ খুঃঅদে প্রথমে বাঙ্গলায় প্রবেশ করে। পরে ছুর্ভিক্ষের উৎপাতে ঢাকা হইতে চউ্রত্রামে চলিয়া যায়। কিয়ংকাল পরে শ্রাপুরে আদিয়া কুটা করিল, পরে ১৫৪০ অবেদ হুগলীতে যায়। ১৫৮৬ অব্দে ভ্রমণকারী ফিচ এখানে আদিয়া লেখেন যে, পোর্ত্ত্রগাঁজেরা সর্ব্বদাই প্রজাদের উপর দৌরাজ্য করে। নবাব সৈতা প্রেরণ করিলে গঙ্গার মুখের একদ্বাপ হইতে অক্সদ্বীপে পলায়। ফিরিপ্সি বান্সারে বাদ করার পর নবাবেরা ভাহাদিগকে গোলন্দাজও নৌরারার কার্য্যে নিযুক্ত করিতেন। এখনকার क्रक्षतर्भ कितिकिता देशारमत्तरे तथम मञ्जू ।

গাজদিনের সংস্রবে ভাষামধ্যে প্রবিষ্ট হইয়াছে। পোর্ত্ত্-গীজেরা তাসক্রীড়ার প্রথাও এখানে প্রচলিত করে। হুগলী বিনাশের ছুই বৎসর পরে ইংরেজেরা বাঙ্গালা প্রবেশ করেন। প্রথমে তাঁহাদিগের পিপলীতে কুঠী ছিল। ১৬৩৮ অব্দে ইদলাম থাঁ স্থবাদার হইলে আরা-কানের রাজার কর্মচারী মুক্তারাম রায় রাজার সহিত বিবাদ করিয়া মোগলদিগের হস্তে চট্টগ্রাম অর্পণ করিলেন। মোগলেরা চট্টগ্রাম লইবেন ইত্যবসরে আশামের রাজা ব্রহ্মপুত্র নদ দিয়া আদিয়া বাঙ্গালা লুগ্ঠন করিতে লাগিলেন। কিন্তু মুদলমানেরা শীঘ্রই তাঁহাকে পরাভূত করিল। অনন্তর ১৬০৯অব্দে সা স্কুজা স্থবাদার হইলেন। তিনি ঢাকা ত্যাগ করিয়া রাজমহলে রাজধানী করেন। কিন্তু হঠাৎ গৌরগামী গঙ্গার বেগ পরিবর্ত্তিত হওয়াতে রাজমহলের অনেক স্থান ভগ্ন হইয়া গেল। ইংরেজেরা স্থজার কোন পরিবারকে আরোগ্য করিয়া বালেশ্বর ও হুগলীতে বাণিজ্য করিবার অনুমতি পাইলেন। স্থজার রাজস্ব কালে নয় বৎদর কাল কোন উপদ্রব হয় নাই। প্রজারা পরম স্থথে ছিল। স্থবাদারও দেশের শ্রীরৃদ্ধি দেথিয়া নূতন জমাতুমারীর বন্দোবস্তে এক কোটা একত্রিংশৎ লক্ষ টাকা আয় করিলেন। কিন্তু ইতিমধ্যে সাজেহানের পীড়ার সংবাদ আদিল। সকল পুত্রই সিংহাসন লইবার জন্ম লোলুপ হইলেন। স্কুজা বারানদী পর্য্যন্ত গিয়া ক্ষান্ত হন। কিন্তু মধ্যম ভ্রাতা সিংহাসন অধিকার করিয়া অনতিবিলম্বেই তাঁহাকে পরাজিত ও বাঙ্গালা

হ্ইতে দূরীভূত করিলেন। স্ত্জা আরাকানের রাজার আশ্রয় গ্রহণ করেন। কিন্তু ছুরাত্মা তাঁহাকে সপরিবারে বিনফ করে। অনন্তর ১৬৬০ অব্দে মীরজুয়া স্থবাদার হইয়া ঢাকায় রাজধানী করিলেন। আশামও কুচবেহারের রাজাও সঙ্গে সঙ্গে বাঙ্গালা আক্রমণ করিতে উপস্থিত। মীর-জুয়া কুচবেহারে প্রবেশ করিয়া রাজাকে পরাজয় ও তাঁহার দেবালয় চূর্ণিত করিলেন। আশামে প্রবেশ করিয়াও অনেক স্থান অধিকার করেন। কিন্তু রুষ্টি ও মহামারীর জন্য পরাজিত হইয়া প্রত্যাগমন করিলেন। কুচবেহারের রাজা এই সাবকাশে মুসলমানদিগকে স্বরাজ্য হইতে দূরীভূত করিয়া দেন। মীরজ্বসা ক্লান্ত 🤏 প্রীড়িত হইয়া প্রাণত্যাগ করিলেন। অনন্তর ১৬৬২ অব্দে সায়স্তা খাঁর রাজ্যকাল উপস্থিত। তিনি ঢাকা নগর পুননির্মাণ করেন। ই হারই সময়ে ১৬৭৫ অব্দে ফরাসিরা চন্দন নগরে ১৬৭২ অব্দে ওলন্দাজেরা হুগলীতে এবং ১৬৭৬ অব্দে দিনেমারেরা বাঙ্গালায় বাণিজ্য কারতে অনুমতি প্রাপ্ত হন।

ইতিপূর্বে ইংরাজদিগকে বাণিজ্যের জন্য বহু
অর্থ ব্যয় করিয়া প্রতি স্থবাদারের নিকট হইতে সনন্দ
লইতে হইত। সায়স্তা খাঁ দিল্লীশ্বরের নিকট হইতে
চিরকালের জন্য সনন্দ দেওয়াইয়া তাঁহাদিগের বাণিজ্যের
যথেষ্ট স্থবিধা করিয়া দেন। তিনি সিংহাসনে আরোহণ
করিয়া মাগদিগের বিপক্ষে যাত্রা করিলেন। স্থজার
প্রাণবধ ও আশামে মীরজ্মার হুর্গতি উপেক্ষিত দেথিয়া

মগেরা পোর্ত্ত্বগীজদিগের সহ বাঙ্গালার পূর্ব্ব বিভাগে অত্যন্ত অত্যাচার আরম্ভ করে। তাহাদিগের উৎপাতে সমুদ্র ও নদী তারস্থ স্থান সকল শূন্যময় হয়। আমদগ্ধ ধর্ম নষ্ট ও সূর্ববস্ব লুগ্ঠন করিয়া অবশেষে তাহারা অধিবাসী-দিগকে বন্দী করিয়া লইয়া গিয়া দূর দেশে দাসরূপে বিক্রয় করিত। সায়স্তা খাঁ বিস্তর সৈন্যসহ আরাকানে পহু-ছিলেন। চট্টগ্রাম অধিকৃত হইল। আরাকানের রাজা পরাজিত হ'ইলেন। পোর্ত্ত্বগীজেরা মোগোলাধীন ফিরিঙ্গি-বাজারে আদিয়া প্রশান্ত ভাবে বাদ করিল। সায়স্তা খাঁও দিল্লী চলিয়া গেলেন। কিন্তু সম্রাট পুত্র আজিম বাঙ্গা-লার স্লবাদীর হইতে না হইতে আশামীয়দের উপদ্রব আরম্ভ হয়। সে উপদ্রবেরও শান্তি হইল। এবং সায়স্তা পুনরাগমন করিলেন। কিন্তু প্রজাদের বিশ্রাম কোথায়! ধর্ম্মের উপর অত্যাচার! হিন্দুধর্মবিদেষী সম্রাট্ আরং-জেবের আজ্ঞাক্রমে কত মন্দির চূর্ণিত, কত দেবালয় লুঠিত ও কত হিন্দুর সর্বাধান্ত হইল। কেবল ধর্মোর জন্যই আর্য্যদিগকে জিজিয়া দিতে হইত। ইংরেজদিগের উপরও নবাব বিরক্ত হইলেন। পাটনায় এলিস সাহেবের ব্যবহার ও কলিকাতায় তুর্গ নির্মাণের আকাজ্ফাই এই বিরক্তির মূল কারণ। ওলন্দাজেরা চুচুড়ায় \* প্রুর্গ নির্মাণ

<sup>\*</sup> পূর্বে ওলন্দাজেরা বালেশ্বরে বাণিজ্য করিত। পরে হুগলীতে প্রবেশ করে। হুগলীর পূর্বে সপ্তথাম প্রধান বন্দর ছিল। তৎকালে গঙ্গার প্রবাহ সপ্তথামৈর নিম্ন দিয়া বাকইপুর ও রাজগঞ্জ হইয়া সমুদ্রে পতিত হইত।

করিয়া ইংরেজদিগের বিপক্ষ হইয়া উঠিলেন। ব্রিটেনীয়দিগের বাণিজ্য রহিতপ্রায়। ইংরেজেরা যুদ্ধ্যোদ্যম করাতে নবাব ভাত হইয়া বাণিজ্যের জন্য শতকরা সাড়ে তিন টাকা শুল্ক ধার্য্য ও ইংরেজদিগের নিকট হইতে নানা রূপে অর্থ গ্রহণ করিতে ক্ষান্ত হইলেন। কিন্তু তিনজন ব্রিটিশ সৈন্থের বিবাদ লইয়া ইংরেজেরা হুগলীতে গোলার্থ্য করাতে তৎক্ষণাৎ নবাবের সৈত্য প্রেরিত হইল। ইংরেজ কুঠার অধ্যক্ষ চার্ণকি সাহেব সমস্ত দ্রব্যসহ স্থতা- কুটীতে পলায়ন করিলেন। পরে ইঙ্গিলি দ্বীপে গিয়া

পরে গঙ্গার বেগ তুগলীর পূর্ব্বদিক দিয়া বর্ত্তহান পথ অব-**লম্বন ক**রিলে ১৫৬৬ অবদ অবধি হুগলী বঁদর হুইল। হুগলীতে জলের গভারতা হ্রাস হইলে ওলন্দাজেরী<sup>লী</sup>১৬৭৬ অবে চুচুড়া স্থাপন কৰিল: ১৬৮৭ অবে তথায় ভাষাৱা কেটি গম্ভাভন তুর্গ নির্মাণ করে। চুচুডার বাণিজ্যের বিলক্ষণ প্রাক্সির হইয়াছিল। রেনেল মাহেব চুচুড়ার রুণীয় োভা সন্দর্শন করিয়াছিলেন ৷ ঘটাঘাট হইতে বড বাজারের সন্ধি-**হিত বা**ণ্ডিকের নিকট পর্য্যস্ত চারিরুকজ বিশি**ট** ওলন্দাজ তুর্গ বর্ত্তমান ছিল। ইংরাজেরা ১৮২৭ অবদে ঐ তুর্গ সমভূমি করিয়াছেন। ১৮১৫ অদে ওলন্দাজেরা ইংরেজদিগকে চুচুড়া পলতা এবং কালিকাপুর ঢাকা বালেশ্বর কটক ও পাটনার কুঠী ও তংসম্প্রকায় স্থানাদি দিয়া তংপরিবর্ত্তে স্থগাত্রা দ্বীপ ল<sup>ভয়া</sup>ছেন। যে স্থানে তুর্গ ছিল ভাহার অনভিদূরে দি**দ্ধি**য়ার নেনাপতি নোদিয়র পেরোঁ ১৮১০ অ.বদ এক প্রকাণ্ড অউালিকা নির্মাণ করেন। ভাহাতেই একণে কলেজ হ*ইতেছে।* বার্ষিক পঞ্চার সহত্র টাকা উংপন্ন হয় মহমাদ মহদিন প্রাদত্ত এইরূপ বিষয়ের দ্বারা ঐ কলেজের ব্যয় নির্বাহ হয়। চুচুড়ায় এক্ষণে ওলন্দাজা কীর্ত্তির মধ্যে সাত সাহেবের বিবির গোর নামক প্রকাও স্তম্ভাদি বর্ত্তমান আছে।

বাস করেন। তথায় তাঁহার কদর্য্য জলবায়ুতে যথেক্ট ক্ষতি হইয়াছিল। কিয়দিবস পরে নবাব শান্ত হইয়া ইংরেজ-দিগকে আহ্বান করিলেন। কিন্ত হিথ সাহেব ইংলগু হইতে আসিয়া মোগল রাজ্য হইতে একবারে সমস্ত দ্রব্যাদি উঠাইয়া লওয়াতে বাঙ্গালার বাণিজ্যের সমস্ত আশাই গেল। সায়স্তাও পরলোক গমন করিলেন। তাঁহার সময়ে দেশের শ্রীরৃদ্ধি ও তণুল টাকায় অফ মণ হইয়াছিল। অনস্তর নত্র প্রকৃতি এবাহেমের অধিকার কাল। ইংরেজরা আহৃত হইয়া ১৬৯০ খৃঃ অব্দের ২৪ আগফ স্থতানুটা প্রবেশ করিলেন। এই বর্তমান কলিকাত ক্রিয়া প্রতানুটা প্রবেশ করিলেন। এই বর্তমান কলিকাত ক্রিয়া প্রতানুটা প্রবেশ করিলেন। এই বর্তমান কলিকাত ক্রিয়া প্রক্রিয়া স্বাত্র ক্রিয়ানস্থ

<sup>\*</sup> পুরাণে কলিকাভার !বিবরণ বর্ণিত আছে i বল্লাল সেনের সময় কলিকাতার অবস্থা মন্দ ছিল না। স্থান্দর বনের উৎ-পত্তি হওনাবিধি লোক সংখ্যা আনেক হাস হয়। কালী-ঘাটের দল্লিকটে অধিক লোক ছিল। প্রাচীন পীঠের উপর কালীর মন্দির নির্মিত নহে। কালীঘাটের উত্তরে এক্ষণকার ছুর্গের নিকট গোবিন্দপুর ছিল। তত্ত্ত্তরে বর্ত্তমান চিৎপুর সন্নিকটে স্থভানুটী গ্রাম। স্থভানুটীতে হাট হইত। চার্ণক হাটের নিকট বর্ত্তমান লালদীঘির সল্লিধানে কুঠা করেন। এ স্থানে ১৬৯৫ **অব্দে তুর্গ নির্দ্মিত হ**য়। তথন বার্ষিক কর ১২০০ টাকা। তৎকালে সামাত্য পল্লীর ত্যায় কলিকাতার নানাস্থানে জঙ্গল ছিল ও ব্যান্ত থাকিত। পটলের ক্ষেত্র জ্ঞা পটল-ভাঙ্গা, দম্মাদের আশ্রয় জঙ্গল বলিয়া চোরবাগান ইত্যাদি নাম হয়। কলিকাতায় কুচী থাকিলেও ইংরেজ কুচীর অধ্য-ক্ষেরা ক্থন ভূগলী কখন চাণক ও কখন বরাহ নগরে থাকি-তেন। যবনদিগের শেষাবস্থায় নানাবিধ বিদ্রোহ ও মহারাষ্ট্রীয়-দিগের দৌরাত্মে উংপীডিত হইলে অনেক প্রজা ইংরাজদিগের

জমীদার দর্ববিদিংহের বিদ্রোহ। বিদ্রোহীরা বদ্ধ মানের রাজবাটী লুগ্ঠন করিল \*। উড়িয্যাস্থ পাঠানদিগের আশ্রামে আদিয়া বাদ করে। পরে ১৭৫৬ অবে সিরাজ কলিকাতা দগ্ধ করেন। বর্ত্তথান কটম ছাউদে অন্ধকূপ হত্যা হয়। পরে ক্লাইব কলিকাতা অধিকার করিয়া প্রাচীন তুর্গ ভগ্ন করিলেন। গোবিন্দপুরের আধিবাদীগণকে চোর বাগান, ঠনঠনে প্রভৃতি স্থানে বাদভূমি দিয়া ক্লাইব ১৭৫৭ অদে ছই কোটি টাকা ব্যয়ে গোবিন্দপুরে বর্ত্তমান দুর্গ নির্মাণ করেন। অনন্তর ১৭৭২ অব্দে কলিকাডার মালের কাছারি উঠিয়া আদাতে ভূরি লোকের আগম ₹য়। কিঞ্জ ১৭৭৪ অন্দে নন্দ কুমারের ফাঁশী হওয়াতে লোকে ভীত হইয়া স্থপ্রীমকোর্টের সীমা পরিত্যাগ করে। ভাহারা গিয়া সালিকা অবধি উত্তর পাড়া পার্য্যন্ত নানা স্থা**তে** বা**স করে।** অনস্তুর চির বন্দোবস্তের পার হইতে পুনরায় লোকর্দ্ধি হইতে আরম্ভ হয়। প্রাচীন গবর্ণমেণ্ট হাউদ বর্ত্তমান গবর্ণমেণ্ট হাউদের পশ্চিমে এখনকার কাইনানসাল ডিপার্টমেণ্ট হর্ম্মো ছিল। 🗳 স্থানে হেটিংশ ও ফু†িসদ পরস্পর বিবাদ করিয়া পরস্পরের প্রতি গুলি নিক্ষেণ করেন। :৮২৯ অবে ত্রিশ লক্ষ টাকা ব্যয়ে বর্ত্তথান টাকশাল নির্ম্মিত হয়।

\* বর্দ্ধানে বত্রজিবংশ অতীত হইয়াছে। নগরেরও অনেকবার স্থান পরিবর্ত্তন হইয়াছে। প্রাচীন রোম ও গ্রীকেরা ইহাকে বরওয়া কহিত। কোন কোন স্থানে কুস্কুমপুর বলিয়াও উল্লেখ আছে। পূর্ব্ব নগর বাঁকা নদীর পারে দাদোদর পর্যান্ত ছিল। যবনাধিকার হইলে রাজার। হীন বল হইয়া পড়েন। ১৬০৬ অবদ সের খাঁ বর্দ্ধান শাসন করিতেন। তৎপরে সাজেছান বাঙ্গলা অধিকার করিয়া কিছুকাল বাস করেন। বেন্দাবাসী রজপুত সর্ব্বসিংহ যে রাজবংশের উপর অত্যাচার করেন তাঁহারা সিংহোপারি রিশিক ছিলেন। বীরসিংহের পর সেই বংশ লুপ্ত হইয়াছে। বীরসিংহের সহিত দেশাধিপতির বিবাদকালে বর্ত্তুশান বংশের পূর্ব্বপুক্ষ ছকুরাম রায় নবাবের বুতুশিত

অধিপতি রহিম খাঁ। আসিয়া বিদ্যোহে যোগ দিলেন। যোর অত্যাচার হইতে লাগিল। তুগলী, সপ্তগ্রাম, নদীয়া, মূরশিদাবাদ রাজমহল প্রভৃতি সমস্ত প্রধান প্রধান নগর লুঠিত হয়। সর্কাসংহ বর্জমানের রাজকন্যার সতীত্ব নষ্ট করিতে গিয়া ভাঁহার হস্তে নিহত হইলেন। এবং নবাব পুত্র জবর**নস্ত খ**ার বিক্রমে বিদ্রোহীরা পরাজিত হ**ইল**। ইংরেজেরা এই গোলযোগের স্তুযোগে আত্মরকার ব্যাজে এক প্রকাণ্ড তুর্গ নির্মাণ করিয়া বসিলেন। তদবধি কলি-কাতার শ্রীর্দ্ধি হইতে লাগিল। সপ্তগ্রামের বিনাশে হুগলী ও হুণলীৰ বিনাশে কলিকাতা বাঙ্গালার প্রধান বাণিজু স্থান হইল সভাট্ অরে জেব বিজোহ শুনিয়া নিজ পৌত্র আজিমওশাণকে বাল্লালার পাঠাইলেন। তাঁহার রাজধানী বদ্ধনানে হইল। ইংরেজেয়া নবাগত ও অর্থ প্রিয় আজিমকে সহস্র হুবর্ণ মুদ্রা দিয়া স্থতানুটী ও গোবিন্দ পুর ক্রয়ের অনুমতি পাইলেন। ইনিই বাঙ্গালায় প্রথমে দেয়র স্থাপন করেন। যশোলিপ্স আজিম ইর্যাপরবশ হইয়া কৌশল ক্রমে জবর দস্তকে

সৈনাগকে সেই দকিও সময়ে প্রচুর ভক্ষ্য দ্রব্য প্রদান করান্তে তিনাই বর্দ্ধমান প্রাপ্ত ছইলেন ছকুরাম বায় ছইতে বর্ত্তমান মহারাজাধিরাজ মহতপত্তর বাহাত্য পর্যান্ত চত্ত্তলে পুরুষ অতীত ছইয়াছে। মহারাজ বর্ষে ধর্ষে প্রবিশেষ্টকে চল্লিস লক্ষ্টাকা প্রদান করেন। কান্তি প্রভাবে চিরজীবিতা রাণীভবানীর কেবল পূর্কে ৫২০৫৬০০০ টাকা কর ছিল। বর্দ্ধামনের রাজাদিশের বিবরণ বিদ্যান্ত বংশ্যবলী প্রিচয় দিবার কালীন প্রকাশিত হইবে।

কর্মচ্যত করিলে রহিম থঁ! পুনরায় উৎপাত আরম্ভ করিল। আজিম স্বায় মৃত্তার প্রতিকল স্বরূপ রহিম হস্তে হত হইতেন, কিন্তু যুদ্ধকালে একজন মুদলমান সৈম্প্রের দক্ষতায় রহিম হত হইল এবং পাঠানেরাও পলায়ন করিল। ইতিমধ্যে ১০০১ অব্দে মুর্শিদ কুলি খাঁ দেওয়ান হইয়া আদিয়া পঁত্ছিলেন। মুর্শিদ এক দরিদ্র ব্রাহ্মণ কুমার ছিলেন। দেওয়ানা কার্য্যে তাহার অদ্ভুত দক্ষতা ছিল। আজিমের উপর নাজিমী ও মুর্শিদের উপর দেওয়ানা কার্য্যের ভার অপিত হয়। কিন্তু মুর্শিদ স্বীয় গুণেশেষে উভয় কার্য্যের ভার প্রাপ্ত হইলেন। প্রের্বি

<sup>\*</sup> শান্তি সংস্থাপন নির্ম সংস্থাপন ও দৈতাদহ "দেশরকা করা নাজিমের কার্য্য জিল । দেওৱান রাজস্ব সংক্রান্ত বিষয়ে তত্ত্বাবধারণ করিতেন। নাজিম দেওয়ান অপেক্ষা উচ্চ।দবীস্ক হইলেও দেওয়ানের নিকট স্থীয় বেতন ও রাজকার্ব্যের ব্যয়াদি লইতেন। মুরশিদ অর্থ রুদ্ধি ও ব্যর সংক্ষেপের জন্ম এক বারে রাজবানীর ত্রিংশংগহত্র অথাবোহী গৈত্য কর্মচাত করিলে ও অনেক দৈত্যের জারগীর ফেরোং লইয়া তাহাদিগকে বিদায় করিলে ইর্যাপরবশ আজিম তাঁহাকে হত্যা করিবার চেন্টার ছিলেন। সমেটে শুনিতে পাইয়া তংক্ষণাং আজিম পুত্রকে বাঙ্গালায় পাঠাইরা আজিমকে বেহাবে প্রেরণ করিলেন। মুরশিদ উভর ক্ষমতা পাইয়া মুরশিদাবাদে রাজধানী করত ১৭০৪ আবে ঢাকা প্রদেশ নায়েব বা ডেপুটা নাজিমের দ্বারা শাদনের প্রথা প্রবিত্তি করেন। গারো পর্মত অব্ধি স্থন্দর্বন এবং যশোহর হইতে ত্রিপুরা পর্যান্ত ডেপুটী নাজিমের অধীনে ছিল। :৭১০ কাকে মুরশিদের জামাতার জামাতা দ্বিতীয় মুরশিদ্বা মিরজা লাতফ উল্লা ঢাকার নায়েব হন। সাজেহানৈর সময় ত্রিপুরার রাজা কেবল অধানতা স্থাকার করিয়াছিলেন মাত্র।

কোন স্থাদারই আকবরের সময়াবধি এরপ অনুগৃহীত হন নাই। ১৭০৭ অব্দে আরংজেবের মৃত্যুর পর দিল্লীতে বারস্বার সম্রাট পরিবর্ত্তন হইলেও বাঙ্গালা মুরশিদের গুণে নিরুপ দ্রব ছিল। রীতিমত সময়ে রাজস্ব প্রেরণ করিয়া তিনি সকলকে সন্তুক্ত রাথিয়াছিলেন। দেশের উন্নতি সাধনই তাঁহার একমাত্র আকাজ্জা ছিল। স্থবিচারের জন্য তাঁহার বিশেষ স্থ্যাতি হয়। বাণিজ্যে দ্রব্যাদি সুর্শ্বাল্য হওয়ায় ইংরেজদিগের উপর তাঁহার বিষ দৃষ্টি

এক্ষণে ত্রিপুটা সম্পূর্ণরূপে অধিকৃত হইল। দ্বিতীয় মুরশিদের পর নবাবেও ধ্রুছিত্র সরফরাজ নায়েবী পান। তিনি মুরশিদাবাদে থাকিয়া তাঁহার শিক্ষক যশোবস্তু রায় ও গালিব আলি খাঁ দ্বারা ঢাকা শাসন করিতেন। এই সময় ঢাকার উন্নতি হর। পরে নৌরারার রক্ষক মুরাদ, গালিবের পদ প্রাপ্ত হন । মুরাদ, যশো-বস্তু রায় কার্য্যভাগে করিলে তংপদে নৌয়ারার পেক্ষার রাজবল্লভকে লইয়া প্রজার দর্কনাশ করেন। সরফরাজের পর আলিবদীর জানাতা বা ভাতপাত্ৰ মহম্মদ খাঁ নায়েবী পান। তিনিও মুর্শিদা-বাদে থাকিয়া মন্ত্রী হোঁদেন কুলীখাঁর পোত্র হোদেন খাঁকে পাঠান। আলিবর্দ্ধী দিরাজকে নবাব করিবার ইচ্ছ! করায় বিকল্প ভাৰাক্রান্ত হোদেন ও হোদেন কুলী হত হইল ৷ রাজবল্লভ এই স্থুযোগে মহম্মদ দ্বারা হোদেনের পদ পাইলেন। এই সময়ে তিনি হত হোদেনকে বিদ্রোহী সাব্যস্ত করিয়া তাঁছার সমস্ত সম্পত্তি নবাবের বলিয়া হস্তগত করিলেন। রাজবন্ধত এই কয়েক-দিনের মধ্যে তুই কোটী টাকা সংগ্রাহ করেন ও রাজনগরাদি জगीमाती करतन। এই টাকা लहेशा नवाव ভয়ে क्रक्षमाम इंश्तांজ-দিগের আশ্রয় লওয়াতে সিরাজ ইংরেজদিগের সহিত বিবাদ করিয়া নির্মাল হইলেন।

ছিল। কেবল সআটের কুপায় ইংরেজের। উন্নতি \* লাভ করিয়াছিলেন।

তাঁহার সময় বাঙ্গালা একাদশ চাকলায় বিভক্ত হয়।
পূর্বব ভাগে ছয় ও পশ্চিমভাগে পাঁচ চাকলা ছিল্। রাজসাহীতে রামজয় দিনাজপুরে রামনাথ, নদীয়ায় রঘুরাম
ও বিষ্ণুপুরে বর্ত্তমান বংশীয়েরা রাজস্ব সংগ্রহ করিতেন। বীরভূম সাঁওতালদিগের উপদ্রব জন্য একজন
পাঠানের হস্তে ন্যস্ত হয়। কিন্তু নবাব জমীদারদিগের
উপর এরূপ অত্যাচর করিতেন যে, তৎকালে রাজস্ব সংগ্রহ

 মুরশিদ ইংরেজদিগের নিকট হইতে প্রক্ষাত বার্ষিক তিন সহস্র টাকার পরিবত্তে সাধারণ বণিকদিনের সমীন শুলক অথবা মধ্যে মধ্যে উপঢ়েকিন সহ তিন সহস্ৰ টাকা প্ৰাৰ্থনা করাতে ইংরেজেরা তিন লক্ষ্ণ টাকার উপঢ়েকিন লইয়া সম্রাটের নিকট গমন করিলেন। সম্রাট ফেরোক সেরের পত্নীকে হামিল্টন সাহেব আরোগ্য করাতে নবাব তাঁহাকে পুরস্কারের কথা জিজা্গা করাতে হামিল্টন ইংরেজ বণিকদিগের প্রার্থনা গুলি জানাইলেন। তদমুদারে ইংরেজ প্রেদিডেণ্টের দক্তক হক্তে থাকিলে নবাবের লোকেরা নৌকার দ্রব্যাদি অনুসন্ধান করিতে অক্ষম হন; মুরশিদা-বাদের টাকশাল সপ্তাহে তিন দিন কোম্পানির টাকা মুদ্রিত করিতে নিয়োজিত হয়: ইংরেজদিণের নিকট ঋণী ব্যক্তিরা প্রেসিডেণ্টের হস্তে অর্পিত হহতেন এবং ইংরেজেরা কলি-কাতার দক্ষিণে নদীর উভয় পারে ৩৮ খানি আম ক্রয় করিতে ক্ষমতা পান। মুরশিদ অগত্যা সমস্ত গুলিতে সম্মত হইয়া শেষ বিষয়ে স্মাত হইলেন না। জমীদারদিগের উপর অত্যাচার করিব ঘলাতে কোন জমীদারই ইংরেজদিগকে স্থান বিক্রয় করিলেন না। কিন্ধ অপরাপর গুলিতে সমত<sup>®</sup> হওরাতে ইংরেজদিগের বাণিজ্যের উন্ধতি হইল।

অতি ঘূণিত কার্য্য বলিয়া বোধ ছিল। কথন সপরিবারে যবন ধন্মাক্রান্ত, কথন অন্তঃপুরস্থ কামিনীগণের প্রতি অত্যাচার, কথন সর্বস্বে লুগ্ঠন ও কথন বা মলমূত্রে আকর্ত মগ্ন করিয়া জমীদ:রগণকে কফ্ট দেওয়া হইত। তজ্জন্য রাজস্ব সংগ্রহে ভদ্র সন্তানেরা কুণ্ঠিত হইতেন। মুরশিদ স্বয়ং সমস্ত কাগজপত্র দেখিতেন। তিনি অনেক ব্যয় সংক্ষেপ করেন গোড় নগরের ইন্টকাদি দ্বারা মুরশিদাবাদ ও ইন্দ্রাণীর সন্নি-কটে কাটোয়া নগর মুরশিদ হইতে স্থগোভিত হয়। ই হার সময়ে রাজস্ব প্রায় এক কোটি বিয়াল্লিশ লক অফীধিক অশীতি সহস্র টাকা জিল। মুরশিদ দাতা বিদ্যোৎসাহী জিতেন্দ্রি ইবিচারক ও পরিশ্রমী ছিলেন। তাঁহার মৃত্যুর পার ১৭২৫ অবেদ তদীয় জামাতা ভাজাউদ্দীন সিংহাসনারোইণ করিলেন। মোগোলদিগের নিয়মানুসারে মুরশিদ সরকারি কর্মচারী হওয়াতে তাঁহার সমস্ত সম্পত্তি সত্রাটের অধিকৃত হইল। স্তজাউদ্দীন বন্দা জমীপার-দিগকে কারাগার হইতে মুক্ত করিলেন। বাণিজ্যের শ্রীবৃদ্ধি হইল। ইংরেজেরা কলিকাভায় একটি বিচারালয় সংস্থাপন করিলেন। আলিবর্দ্ধী বেহার, ও নবাবের জামাতা যশোবন্ত সিংহের সহিত ঢাকা প্রদেশ শাসন করিতে লাগিলেন। ত্রিপুরা অধিকৃত হইল। যশোবন্ত সিংহের উদ্যোগে তভুল পুনরায় টাকায় অফ মণ বিক্রীত হয়। নবাবের শেষাবস্থায় তাঁহার জামাতা মুরশিদ ও রাজ লভ পূর্ব্বদেশে অত্যন্ত অত্যাচার করেন। ১৭৩৭ খ্রুখনে কলিক্তায় দারুণ ঝড় ভূমিকম্প এবং পরবৎসর দেশে দ্রব্যাদি তুর্মূল্য

হয়। স্থজাউদ্দানও মুরশিদের তুল্য লোক ছিলেন। তিনি স্থন্দররূপ রাজ্যশাসন করেন। তাঁহার মুত্রুর পর১৭৩৯অব্দে সরফরাজ সিংহাসনারোহণ করিলেন। তিনি দিল্লীধ্বংসকারী নাদীরদাহের অধীনতা স্বীকার করিয়াছিলেন। কিন্তু জগৎ-নেট ও আলিবর্দ্দীর উপর অত্যাচার করিয়া ঘেরিয়ার যুদ্ধে আলিবৰ্দ্দী কৰ্ত্ত্বক পরাজিত ওহত হইলেন। তৎপরে১৭৪১ অব্দে প্রতাপশালী আলিবদ্ধীর রাজ্যকাল। উড়িষ্যার শাসনকর্ত্তা মিরজাবাথর ও তাঁহার মন্ত্রী মীরহ্বীব পদচ্যুত ও পরাজিত হইলেন। কিন্তু পদ্চ্যুত মিরজা বাধর পুনরায় উড়িষ্যা হস্তগত করিয়া পুনরায় পরাজিত ও দূরীভূত হইলেন। বাঙ্গালা বেহার ও উড়িধ্যা শান্ত 🤏ল। আলি-বদ্ধীও উড়িষ্যা হইতে রাজধানীর অভিমুখে যাত্রা করিলেন। কিন্তু অবিলম্বেই ঘোর উপদ্রব। জলগ্লাবনের জলের ন্যায় যেন স্ম্রটিনাশ মানদে বিপুল মহারাষ্ট্রীয় সৈন্য নৃত্য করিতে করিতে বাঙ্গালায় প্রবেশ করিল। নবাব মেদিনীপুরে উপস্থিত ছিলেন। সঙ্গে উড়িব্যার প্রত্যাগত সৈন্যও ছিল। কিন্তু <mark>সে</mark> সৈন্য সমুদ্রবেগের সম্মুখে ভূণের ভুল্য। বদ্ধমান রক্ষা করিবার জন্য আলিবদ্ধী দ্রুতবেগে গমন করিতে লাগিলেন। কিস্ত গিয়া দেখেন, বন্ধ<sup>\*</sup>মান দগ্ধ হইতেছে। সন্ধিতে হতাশ হইয়া তিনি যুদ্ধ করিতে লাগিলেন। কিন্তু হঠাৎ পশ্চাৎ দিকে মুখ ফিরাইয়া দেখেন, তাঁহার অশ্ব শকট আহারীয় দ্রব্য ও তাম্বাদি কিছুই নাই। সমস্তই মহারাষ্ট্রীয়েরা আত্মসাৎ করিয়াছে। তথন তিনি যুদ্ধ হইতে ক্ষান্ত হইলেন•। তাঁহার দৈন্যগণের উপর বিশ্বাসঘাতকতার শঙ্কা হইল। তিনি নিশা-

কালে দিরাজের দহিত, প্রধান সেনাপতি মস্তফার শিবিরে গিয়া কহিলেন, মস্তফা আমাদিগের প্রাণবধ কর। মস্তফা লজ্জিত হইয়া নবাবের সহিত কাটোয়া রক্ষার জন্য মহারাষ্ট্রায়দের পশ্চাৎগামী হইলেন। কিন্তু গিয়া দেখেন, কাটোয়া ভস্মীভূত হইয়াছে। মুরশিদাবাদ জন্য যত্ন। কিন্তু দেখিলেন, তাহাও মহারাষ্ট্রীয়দিগের স্থা মারহনীব লুগ্ঠন করিয়াছে। বারভূমের জন্য প্রয়াস। তাহাও মহারাষ্ট্রীয়েরা বিনষ্ট করিয়াছে। তথন পরি-শ্রান্ত ও পরাভূত নবাব হতাশ হইয়া পরিবার সহ গঙ্গাপার হইয়া বাঙ্গালার পূর্বব ভাগ আশ্রয় করিলেন। ভাগীরথীর দক্ষিণপৃশ্বি শূম্যময় হইল। সত্রাট এই সময়েরাজ স্বেরনিমিত্ত লোক প্রেরণ করিলেন। আলিবদ্দী কর্ণপাতনা করিয়া বিপুল সৈন্যসহকারে মহারধ্রীয় সেনাপতি ভাস্কর পণ্ডিতকে দূরীভূত করিলেন। কিন্তু রাজধানীতে প্রত্যাগমন করিয়া দেখেন, সুরশিদাবাদের নিকট অসংখ্য মহারাষ্ট্রীয় দৈন্যসহ ভাস্করের প্রভু রঘুজী চতুর্দ্দিক্ লুণ্ঠন করিতেছেন। তাঁহার পশ্চাতে সম্রাট্ প্রেরিত বালাজী বাঙ্গালা রক্ষার ব্যাজে অপর এক দল মহারাষ্ট্রীয় সৈন্যদহ লুগুন করিতে উদ্যত। নবাব বালাজীকে ভূরি অর্থ দ্বারা লুগ্ঠন হইতে নিব্বত্ত করিলেন। বালাজী সেই অর্থ ও রঘুজীর লুঠিত অর্থ পুনলুঠিন করিয়া লইয়া চলিয়া গেলেন। রযুজীর বাঙ্গালা পরিত্যাগের পূর্বেই পুনর্বার ভাস্কর আদিয়া উপস্থিত। আলিবদ্দী বিশ্বাস-ঘাতকতা পূর্ব্বক কাটোয়ার নিকট গোবড়ার চড়ে ভাস্করের প্রাণবধ করিলেন। কিন্তু অবিলম্বেই মস্তফার বিদ্রোহ। মস্তফা

রঘুজীকে আহ্বান করিলেন। আহ্বানমাত্রই বাঙ্গালার চতুর্দ্দিকে অগ্নিক্ষত্র। গ্রামদগ্ধ, ক্ষেত্রদগ্ধ ও উদ্যান দগ্ধ হইতে লাগিল। রঘুজী কাটোয়ায় পরাজিত ও মস্তকা বেহারে হত হইল। পরক্ষণেই সমদেরের বিদ্রোহ ও মারহবীবের সহ মহারাখ্রীয়দের বাঙ্গালায় পুনঃ প্রবেশ। বিদ্রোহেরা দমন হইল। নবাব মহারাষ্ঠী য়দের বিপক্ষে যাত্রা করিলেন। তাহারা অপস্ত হইল, কিন্তু এদিকে সিরাজ উদ্দৌলা বিদ্রোহ উপস্থিত করিলেন। মহারাষ্ট্রীয়দের বাঙ্গালা প্রবেশের পুনর্বার উপায় হইল। নবাব ক্লান্ত হইয়া কি মহারাধ্রীয় কি মীরহবাব যাহার যাহা ইচ্ছা তাহাকে তাহাই দিয়া ক্ষান্ত করিলেন। মীরহবীব উড়িষ্যার নবাৰ হইলেন। মহারাষ্ট্রীয়দেরজন্য বার্ষিক দ্বাদশ লক্ষ্টাকা নির্দ্ধারিত ইইল। ১৭৫৬ খৃঃ অব্দে আলিবর্দ্দীও পরলোক গমন করিলেন ৷ তৎ-পরে তুরন্ত দিরাজ উদ্দোলার অত্যাচার আরম্ভ ইইল। দিংহাদনে আরুড় হইয়াই দিরাজ আপন পিতৃব্য পত্নীর যথাসর্বস্ব অপহরণ ও সকতজঙ্গকে যুদ্ধে নিহত করি-লেন। এমন পাপই নাই যাহা এই নরাধম দারা কৃত হয় নাই। এই পাপাত্মার পরই যবনরাজ্য নিঃশেষিত হয়। যবনদিগের শেষ সময়ে প্রজাগণের কতই না ক্লেশ হইয়াছিল! মহারাধ্রীয়দের শব্দ পাইবামাত্র অতিমাত্র ব্যাকুল হইয়া কেবল দেববিগ্রহ ও স্ত্রীপুত্রাদিসহ হাহাকার শব্দে সকলে গঙ্গাপারে পলায়ন করিত। পোতবাহীরা মহারাষ্ট্রীয়দের গঙ্গাপার বন্ধ করিবার জন্ম পোত সকল তৎক্ষণাৎ অপর পারে লইয়া যাইত। গঙ্গাপার তথন অরণ্যময় ছিল।

নিশাকালে জ্রীপুত্র বালকদহ চিন্তায় আকুল হইয়া কত-লোক অরণ্যে বিচরণ করিত। ঈদৃশ তুরবস্থাতেও সর্প-দংশনে কাহারও বা স্ত্রীবিয়োগ হইত, কুম্ভীরগ্রাদে কাহা রওবা সন্তান নাশ হইতও ব্যাঘ্রের মুখে কাহারও বা প্রাণ বিনষ্ট হইত। কি ছুঃখেই পূর্ব্বকাল গত হইয়াছে! যবনদের রাজ্যাপেক্ষা সর্পেরবিল, কুস্তীরের গ্রাস ও ব্যাদ্রের আবাদ নিরাপদ ছিল। তক্জনাই তাঁহারা তথায় আশ্রয় গ্রহণ করিতেন। মাতৃভূমির কি মহামায়া। মহারাধ্রীয়েরা বাস্তবৃক্ষ পর্য্যন্ত দগ্ধ করিলেও সকলে স্ব স্থ আলয়ে প্রত্যা-গমন করিতেন। পরদিনেই ভূম্যধিকারিগণের ভয়ানক করের পীড়ক সহ্য করিতে হইত। লুগ্ঠন করাই তৎকালে কর সংগ্রহ করিবার পদ্ধতি ছিল \*। ভূম্যধিকারিগণ কর সংগ্রহ করিয়া নবাবের কোষে প্রেরণ করিতেন না। কিন্তু প্রেরণের সময় গত হইলে নবাব সৈন্যদারা পূর্বেবাক্ত পদ্ধ-তিতে পুনর্কার প্রজার নিকট হইতে কর সংগ্রহ করিতেন। নবাবও আবার সকল সময়ে দিল্লীতে কর প্রেরণ করিতেন না। কিন্তু সত্রাটের লোক আদিবার পূর্ক্বেই মহারা-ষ্ট্রীয়েরা রীতিমত সময়ে বর্ষে বর্ষে সগণে চতুর্দ্দিক্ আচ্ছন্ন করিয়া ফেলিত। মহারাষ্ট্রীয়দের অত্যাচার অপেক্ষাও রাজস্ব সংগ্রাহের অত্যাচার অধিক ভয়স্কর ছিল। এতকাল

<sup>\*</sup>এখনও কোন কোন চুরস্ত জমাদার সেই প্রথার কিঞ্চিৎ চিহ্ন প্রচলিত রাখিরাছেন। চুংখা প্রজারা খাজনা দিতে অসমর্থ হুইলে প্রায়ই তাহাদের গো ছাগ ও ভোজন পাত্রাদি বলপূর্বক কাড়িয়া লওরা হয়। পূর্ব প্রচলিত আবুয়াবাদি অনেক প্রকার বাজে আদায়ও করিয়া থাকেন।

গত হইয়াছে তথাপিও মাতৃগণ প্রায় ভূমিষ্ঠ মাত্রই শিশুদিগকে তাহাদের পূর্ব্ব পুরুষের যন্ত্রণা ও রাজন্বের চিন্ত'
এখনও শ্রবণ করাইয়া থাকেন। " এরূপ সময়ে ভাষার যে
কতদূর উন্নতি হয় তাহাপাঠক মাত্রেরই বোধ হইবে। কেবল
রাজন্ব সংক্রান্ত ও বিচার সংক্রান্তাদি কার্য্যে ভাষামধে
কতকগুলি মাত্র যাবনিক শব্দ প্রবেশ করিয়াছিল গি।

ছেলে যুমুলো পাড়া জুড়ুলো, বর্গিএলো দেশে।
 বুলবুলিতে ধান খেরেচে খাজনা দোবো কিলে॥

† মোগোলদিগের সময়ে মহল ও সারর এই ছুই প্রকার ১৫৮৮ খঃ অবে তোডলমলকৃত '৯ সরকার হইতে যে ভূমির রাজস্ব আদায় হইত তাহারই নাম মহল। টণ্ডা, জিনিতাবাদ ( গৌড় ), কতেবাদ, মাহামুদাবীদ ,ুখলি-কিতাবাদ, বোকলা, পূর্ণিয়া, তাজপুর, যোড়াঘাট, পিনজিয়া, বারবুকাবাদ, বাজুহা (ঢাকা,) সোনারগাঁ, দিলট, ঢাটগাঁ, নিরিফা-বাদ ( বর্দ্ধান ) দলিমানাবাদ, সাত্রগাঁও মাদারণ (বীরভূম) এই ১৯ সরকার। প্রতিসরকার পরগণার বিভক্ত ছিল। ১৬৫৭ খৃঃ অনে সা স্থজা ইহার কিঞ্চিং পরিবর্ত্তন করেন। তৎপরে ১৭২২ খ্বঃ অং মুরশিদ পুনর্কার বিভাগ করিয়া উড়িয়াসহ ২৩ চাকলা করেন তদনুসারে জেহাঙ্গিরনগর ( ঢাকা,) চাকলায় সোনারগাঁ, বাকল বাজুছা, ফতেবাদ ( নোয়াখালি ) উদয়পুর ( ত্রিপুরা ) মোরাদখান ( স্থুন্দরবন ) প্রভৃতির অংশ প্রবেশ করে। পরে ১৭২৮ খৃঃ অবে সুজাখাঁ জমাতুমারী করিয়া বাঙ্গালা দেশকে ২৫ এতি-মামে (জ্ঞাদারীতে) বিভাগ করিলেন। নানাবিধ কার্যের বায় নিৰ্বাহাৰ্থ অনেক জায়গীর দেশমধ্যে ছিল । প্রথম ওমলে নে য়ারা অর্থাৎ মগদিগের উৎপাত নিবারণ জন্য নেকার ব্যয় নির্দ্ধাহার্থ জায়গীর। আকবরের সময় তিন সহস্র নৌকা ছিল, পরে ৭৬৮খান মাত্র থাকে। দ্বিতীয় ওমলে আশাম বা সমুদ্রে তীরস্থ চুর্গ রক্ষার্থ জায়গীর। তৃতীয় সরকার আলি বা নবাবের নিজব্যহার্থ জায়গীয়। চতুর দেনাপতির জারগীর। পঞ্চম কৌজদারান বা মুরশিদ

কলিকাতা সংস্থাপক চার্ণকের সময়াবধি সিরাজ উদ্দৌ-लात मगर পर्याख क्रिक, क्राप्टेनएफन्, त्विष्टिल, क्रत्येत, আলেকজাণ্ডার ডেসন্, উইলিয়ম কাউইচ ও রোজর ড্রেক ক্রমান্বয়ে ইংরেজদিগের অধ্যক্ষ ছিলেন। রাজবল্লভের পুত্র কৃষ্ণদাস সিরাজ উদ্দৌলার ভয়ে ডেক সাহেবের নিকট আশ্রয় গ্রহণ করেন। ডেক ক্লফদাসকে না ছাড়িয়া সিরাজের আজ্ঞা অমান্য করিলে চুর্দ্দান্ত নবাব কলিকাতা আক্রমণ ও ইংরেজদিগকে পরাজয় করিয়া তাহাদিগের অনেককে দারুণ গ্রাস্মসময়ে অতি ক্ষুদ্র গৃহমধ্যে দন্ত্রণা দেন। পরে বিখ্যাত ব্রিটিশবীর রবর্ট ক্লাইব ও ওয়াট্যন আসিয়া কলিকাতা অধিকার করিলেন। হুগলী লুগিত হইল। সিরাজ কুলি খার দৈন্য রক্ষার্থ জায়গীর। রাজস্ব ব্যতীত অন্কে আবুয়াব ছিল। সা স্থজার সময় আবুরাবের স্ত্রপাত ও জাফর খাঁ বা মুর্রাশদের সময় তাহা সম্পূর্ণরূপে প্রচলিত হয়। আবুয়াবের মধ্যে খাসনবীসি অর্থাৎ (মূতন পাটা দেওন জন্ম) নজরানা অর্থাৎ পর্কাদিনে নবাবের ভেট প্রেরণ জন্ম, মাথট ( নজর পুণ্যাহ, বা খে-লাং ও রম্বম নজরং ), ফেজিদারী আরুয়াব, মহারাষ্ট্র চেটি এই কয়েকটি প্রধান। টাকার বাটা, নদীর বঁ বি নির্ম্মাণ, খেলাং ইত্যাদি কারণে সফ' দিকা ও আবুরাব খিমদী ল ওরা হইত। মধ্যে মধ্যে খিফিয়াৎ ও তেদীর (কর্মচারীগণের অন্তায় আদায়েয় টাকা) পওয়া প্রাপাছিল। ভিন্ন ভিন্ন কারণবশতঃ বনকর, জলকর, মদকুরাত, মুকাদিমী, আয়মা, মছুদ্যাদ কজিলা আদি লওয়া ছইত। ভিন্ন ভিন্ন দ্রব্যের উপর টেকেসর নাম সেয়র। মীর-বাড়ী (নৌকা সম্বন্ধে) চোকনিকাস (দোকান সম্বন্ধে), ধুপ মহল, গোর কাটি (কাষ্ঠাদি সম্বন্ধে), ঢাল, সিন্ধুর, পান, সবজী, কাগজ. দমদারী ( বেদে ও ফকীরাদি ) বাইযন্ত্রী ( গায়ক.) পঞ্চাপী, বাটচাপী, নিমক, হৈম, গুজর আদি বহুবিধ দ্রব্য সম্বন্ধে एकेम जिल।

পরাজিত হইলেন ওশেষে উভয়পক্ষে সন্ধি হইয়া গেল। সন্ধির নিয়মানুদারে ইংরেজেরা নৃতন তুর্গ নির্মাণ করিলেন এবং ১৯ আগন্ট স্বকীয় মুদ্রাযন্ত্রে প্রথমমুদ্রা মুদ্রিত করিলেন। ক্লাইব \* চন্দননগর অধিকার করিয়া ফরাশিদিগের গর্বর থর্ব্ব করিলেন। এদিকে দিরাজউদ্দৌলার অত্যাচারে সকলেই যৎপরোনাস্তি উদ্বিদ্ধ হইয়াছিল। মিরজাফর প্রভৃতি নবাবের প্রধান কর্মচারিগণ চক্রান্ত করিয়া ক্লাই-বকে আহ্বান করিলে তিনি অবিলম্বে দৈন্যসহ ১৭৫৭ খৃঃ অব্দের ২৩ জুন পলাসির উদ্যানে নবাবকে সম্পূর্ণরূপে পরাভূত করিয়া নৃসংশের হস্ত হইতে বাঙ্গালা মুক্ত করি-লেন। মীরজাফরের উপর রাজ্যভার ন্যস্ত হইল। ু বিন্ত নবাবের অত্যাচারে পাটনায় রামনারায়ণ, মেদিনীপুরে রাম-সিংহ ও পূর্ণিয়ায় অদলসিংহ বিদ্রোহী হইলেন। ক্লাইবের যত্নে তিনেরই শান্তিহইল। নবাব ঋণ পরিশোধার্থ ব্লাইবকে বর্দ্ধমান নদীয়া ওহুগলী প্রদান করিলেন। তৎপরে সম্রাটের পুত্রের বেহার আক্রমণ, কিন্তু ক্লাইবের রূপায় তাহাও নিরস্ত

<sup>\*</sup> ১৬৭২ অব্দে ফরাশিডাঙ্গা স্থাপিত। ডিউপ্লের অধীনে ১৭৩০ অবধি ১৭৪২ পর্যান্ত মহাসমৃদ্ধি। ১৭৪২ অব্দে নির্মিত ছর্গে ৭০০ ফরাশি ৫৭০০ সিপাহী সৈত্য থাকিত। একজন বিশ্বাস ঘাতকের সাহায্যে ১৭৫৭ অব্দে ক্লাইব নগর অধিকার করিয়া ছুর্গ ভূমিসাং করেন ও ১২ লক্ষ টাকা লুগুন করেন। পরে সন্ধিস্থতে নগর প্রত্যাপিত হয়। ফরাশিডাঙ্গার বার্যিক কর একাদশ সহস্র টাকা ও আবকারি ও সায়রতের আয় অফ্টাবিংশতি সহস্র টাকা। ইংরেজেরা তিনশত বাক্স আফিম ও প্রয়োজন মত লবণদেন।

ছইল। নবাব ইংরেজদিগের ক্ষমতা হ্রাস করিবার জন্য ১৭৫৯ অব্দে ওলন্দাজগণকে আহ্বান করেন। কিন্তু ওল-ন্দাজেরা চুচুড়ায় ইংরেজদিগের কর্তৃক পরাভূত হইল। পর-বৎসর ক্লাইবও ইংলণ্ডে চলিয়া গেলেন। প্রথমে হলওয়েল ও পরে বানসিটার্ট সাহেব তাঁহার পদ গ্রহণ করেন। মীরজাফরের পুত্র মীরনের ঘোর অত্যাচার আরম্ভ হইল। সম্রাটতনয় পুন-ৰ্ব্বার বেহার আক্রমণ করিলেন। পূর্ণিয়ার স্থ্বাদার তাঁহাকে সাহায্য করিতে উদ্যত হইল। কিন্তু উভয়ই ইংরেজদিগের দ্বারা পরাভূত হইলেন। যুদ্ধে ধনাগার শূন্য হইল। মীরজাফর ইংরেজদিগের দারা পদচ্যুত হইয়া কলিকাতায় রহিলেন। কোন্সিলের মেম্বর মহাশয়েরা আকাজ্জামত অর্থ প্রাপ্ত হইয়া মিরকাশিমের হস্তে ১৭৬০ খৃঃ অব্দের ৪ মার্চ্চ একথানি ঋণ পূর্ণ শূন্যরাজ্য অর্পণ করিলেন। কেবল ব্যয়সংক্ষেপ করাতেই অবিলম্বে তাঁহার ধনাগার পূর্ণ হইয়া উঠিল। স্বাধীন হই-বার নিমিত্ত মিরকাংশিম মৃঙ্গেরে রাজধানী করিয়া দৈন্য বৃদ্ধি করিতে লাগিলেন। তিনি রামনারায়ণের সর্বস্বান্ত করিলেন। মিরকাশিমের সময়ে ইংরেজ কর্ম্মচারীরা নিজ বাণিজ্যের শুল্ক প্রদান করিতেন না। তজ্জন্য ১৭৬২ অব্দে বিষম বিবাদ উপস্থিত হইল। আমিয়ট সাহেব বিবাদেহত ও এলিস সাহেব বন্দী হইলে ইংরেজেরা ১৭৬৩ অব্দে পুন-ব্বার মীরজাফরকে নবাব করিয়া মিরকাশিমের বিপক্ষে যাত্রা করিলেন। মিরকাশিম পরাজয়ের পর পাটনায় কতকগুলি প্রধান বন্দী বধ করিয়া প্রলায়ন করিলেন। ১৭৬৫ খঃ অব্দে মীরজাকরের মৃত্যুর পর কোন্দিলের

মেম্বরেরা অর্থ প্রাপ্ত হইয়া নজম উদ্দোলার হস্তে রাজ্য ভার অর্পণ করিতে কিছু মাত্র কুণ্ঠিত হইলেন না। এই সকল গোলোযোগের কারণ ক্লাইনকে পুনর্কার ভারতবর্ষে আদিতে হইল। তিনি ১৭৬৫ অব্দে কলিকাতায় পাদার্পণ করিয়াই কোন্সিলের মেম্বরগণকে সম্পূর্ণরূপে দমন করিলেন। অযোধ্যার নবাবের সহিত সন্ধি হইল। ইংরেজেরা নজমউদ্দোলার নিকট হইতে রাজ্যভার গ্রহণ করিলেন। তৎপরেই ১৭৬৫ খৃঃ অব্দের ১২ আগফ সত্রাটের নিক্ট হইতে ইংরেজদিগের বাঙ্গালা, বেহার ও উড়িষ্যার দেওয়ানী প্রাপ্তি। তৎকালে বার্ষিক রাজস্ব প্রায় তুই কোটি টাকা ছিল। অনন্তর ক্লাইব দ্বৈত্যসংক্রান্ত বিষয়ে হস্তক্ষেপ করিলেন। ডবলবাটা রহিত • ইইল। সৈত্যদিগের মধ্যে ঘোর বিদ্রোহ। কিন্তু ক্লাইবের বিচ-ক্ষণতায় ও অসম সাহদে সমস্তই ক্ষণকাল মধ্যে নিমীলিত হইয়া গেল। চতুর্দিকেই শান্তি, দেশের শ্রীরৃদ্ধি ও প্রজা-গণের প্রম স্থা । বাঙ্গালার পরিত্রাতা এই সকল দেখিয়া স্বধামে প্রতিগমন করিলেন। তৎপরে ১৭৬৭ অব্দে ভেরেলিফ সাহেবের কর্তৃত্ব। ইংরেজিদিগের হস্তে রাজ্য ভার। তাঁহারা রাজকার্য্যের কিছুই জানিতেন না। বাণিজ্য করাই তাঁহাদের ব্যবসা। দেশ অরাজক হইয়া উঠিল। সাত বৎসর কাল ছঃখের পরিদীমা ছিল না। বিচার नार्रे, भामन नार्रे, ताजा नार्रे, ताजकार्या नार्रे। प्रशुत ঘোর প্রাত্মভাব। মহম্মদ রেজা খাঁ, ও রাজা দীতাব-রায়ের হস্তে রাজম্বের ভার। জমীদার্দিগের দোর্দ্ধ ও

প্রতাপ 🕆। নাগারা সর্ব্বত্র লুণ্ঠন করিতে লাগিল। ইংরেজদিগের অনেক ঋণ হইল। নবাবের রাজ্য অপেক্ষাও চতুর্দ্দিকে অধিক অত্যাচার। গৃহে বাতায়ন রাথিবার আজ্ঞা ছিল না। বুক রোপণ করা অসমসাহদের কার্য্য। ইতিমধ্যে ১৭৭০ খঃ অব্দে অনার্ম্তি হৈতু ভয়ঙ্কর তুর্ভিক্ষ উপস্থিত। প্রায় এক তৃতীয়াংশ লোক আহারাভাবে প্রাণভ্যাগ করিল। বেরিলিন্ট সাহেব ইহার পূর্ব্ব বর্ষেই কার্টিয়র সাহেবের হস্তে রাজ্যভার অর্পণ করিয়াছিলেন। কার্টিয়রের পর ১৭৭২ খৃঃ অব্দে হেপ্তিংস সাহেব গবর্ণর হইলেন। ইংরেজদিগের স্বহস্তে রাজ্যভার গ্রহণের মানস। নূতন বন্দোবস্ত। মহম্মদ রেজা খাঁ ও দিতাব রায়েুর নিকট হিসাব গ্রহণ করা **হইল।** রাজ্য শাসনের জন্য পালি য়ামেণ্টে নূতন নিয়ম নির্দ্ধারিত করিলেন। বাঙ্গালার গবর্ণর গবর্ণরজেনেরেল হইলেন। স্থ্ৰীম কোৰ্ট নামক বিচারালয় স্থাপিত হইল। রাজ্য সম্পর্কীয় যাবতীয় বিষয় গবর্ণর জেনেরেল বাহাতুরকে ডাইরেক্টরদিগের নিক্ট প্রেরণ করিতে হইত। তাঁহার। সেই সকল বিষয় রাজমন্ত্রীদিগের গোচর করিতেন। ১৭৭৪ খঃ অব্দে হেস্টিংস সাহেবের সহিত কেন্সিলের মেম্বরদিগের মতের অনৈক্য হওয়াতে বিষম গোলযোগ

† মাদ মন বলেন, এই সময় জমীলারের। স্বেচ্ছামত জমী দান করেন। বস্তুতঃ তাহা নহে। অধিকাংশ ব্রহ্মত্র, দেবত্র, পীরান, ফকীরান, চাকরান, জায়গীর ও আয়মা মুদলমানদিনের সময় প্রাদন্ত হয়। অধিক কি মুরশিদের সময়েও জমীলারেরা ব্রহ্মত দান করিয়াছেন। হইতে লাগিল। গবর্ণর জেনেরেলের নামে ভূরি ভূরি অভিযোগ। কিন্তু ছলপূর্বক রাজা নন্দকুমারের ফাঁশী হওয়াতে হেষ্টিংশ বিপদ হইতে মুক্ত হইলেন। রাজস্ব সংক্রান্ত বন্দোবস্ত হইল। পূর্কো ১৭৭২ অব্দ অবধি ১৭৭৭ পর্য্যন্ত পাঁচবর্ষ কাল বর্ষে বর্ষে বুদ্ধি দিবার ব**ন্দোবস্তে** জমীদারগণকে ভূমি প্রদান করা হ**ই**য়াছিল। তদ্বারা ঘোর অনিষ্ট হয়। পরে ১৭৭৭ অবধি ১৭৮২ পর্য্যন্ত কেবল এক বর্ষের জন্য ভূম্যধিকারিগণকে পাট্টা দেওয়া হইত। ভাহাতেও অনিফের একবারে হাস হয় নাই। তদনন্তর ডাইরেক্টরদিগের আক্রানুসারে তিন বর্ষের রাজস্ব হইতে রাজস্ব নির্দ্ধারিত করিয়া প্রাচীন জমীদারগণের হস্তে ভূমি ন্যস্ত হইল। ১৭৭৮ অব্দে গবর্ণর জেনেরেল ও স্থপ্রীম কোর্টের ক্ষমতা লইয়া বিষম বিবাদ। দেশমধ্যে অত্যাচার হইতে লাগিল। অবশেষে গবর্ণর জেনেরেল, জমীদার প্রভৃতি সমস্ত মফঃস্বলের প্রজা-গণকে স্থপ্রীমকোর্টের আজ্ঞা পালনে নিষেধ ও তৎসঙ্গে জজদিগের বেতন রৃদ্ধি করাতে সমস্ত উপদ্রবের শান্তি হইল। ডাইরেক্টরেরা শেষে উভয়ের ক্ষমতা নির্দ্ধারিত করিয়া দিলেন। দেওয়ানী আদালত স্থানে সংস্থা-পিত হইল। হেষ্টিংনই ইংরেজদিগের রাজ্য শাসনের প্রথা প্রথম প্রবর্ত্তিত করেন। কিন্তু গঙ্গাগোবিন্দ সিংহ, কান্তবাবু ও দেবী সিংহের অত্যাচারে প্রজাদিগের অত্যন্ত ক্লেশ হইয়াছিল। ১৭৮৫ খৃঃ অব্দে হেপ্তিংস ইংলগু গমন করিলেন। বহুকালাবধি বাঙ্গালাভাষার অবস্থা

মলিন ছিল। হেপ্তিংসের সময় ভাষা পুনরুজ্জীবিত হইয়া উঠিল। তদবধিই বাঙ্গালার উন্নতি। অনেক ইংরেজ বাঙ্গালা শিক্ষা করিতে আরম্ভ করিলেন। ১৭৭৮ খৃঃ অবদ হালহেড সাহেবের প্রথম বাঙ্গালা ব্যাকরণ বাহির হইল। তৎকালে কলিকাতায় মুদ্রা যন্ত্র ছিল না। দৃঢ় অধ্যবসায়া শ্রীযুক্ত চার্লাস উইলকিন্স সাহেব স্বহস্তে বাঙ্গালা অক্ষর প্রস্তুত করিয়া হালহেডের ব্যাকরণ হুগলীতে মুদ্রিত করিলেন। ১৭৮০ খৃঃ অবদের ২৯ এ জানুয়ারি কলিকাতায় প্রথম ইংরেজী সংবাদ পত্র প্রচারিত হইল। সর উইলিয়ম জোন্স সংস্কৃত ভাষায় মনোযোগ করিলেন। ১৭৮৫, অবদ্র বিদ্যাতিক সোসাইটি সংস্থাপিত হইল। তদবধিই বাঙ্গালার শ্রীরুদ্ধি হইতে লাগিল।

হেন্তিংদের পর ১৭৮৬ অব্দে মেকফর্সন সাহেব নিযুক্ত হইলেন। তৎপরেই লর্ড কর্ণ ওয়ালিসের রাজ্য কাল। প্রজার স্থবন্দি। ১৭৯০ অব্দে দশ শালাবন্দোবস্ত চিরবন্দোবস্ত হইল। চতুর্দিকে অতি উৎকৃষ্ট রাজ নিয়ম প্রচারিত। শ্রীযুক্ত ফরন্টর সাহেব সেই নিয়ম বাঙ্গালাভাষায় অনুবাদ ও এক বাঙ্গালা অভিধান প্রস্তুত করিয়া প্রজাগণের অসাম সন্তোষ উৎপাদন করিলেন। লোকের বাঙ্গালা ভাষার প্রতি যত্ন হইল। লর্ড কর্ণওয়ালিসের সময় মুন্সেক, সদর আমান, রেজিপ্রার, জেলা জজ, আপাল আদালত ও স্থানে স্থানে অপরাপর আদালত সংস্থাপনের সূত্রপাত হয়। ১৭৯০ অব্দের ২৮ অক্টোবর অব্ধি ১৭৯৮ পর্যন্ত সারজন সারের আধিপত্য কাল কুশলে অতিবাহিত হইল।

তৎপরে মহাবিক্রমশালী মারকুইদ অব ওয়েলদলির আধিপত্য। চতুর্দিকে যুদ্ধ। টিপুস্থলতান পরাজিত ও হত,
দিন্ধিয়া ও হোলকার রাজ্যের কিয়দংশ ব্রিটিশ দান্ত্রাজ্যে
যোজিত ও ১৮০৩ খৃঃ অব্দে জগন্নাথ দেবের মন্দির
দহ উড়িষ্যা গ্লাথকত হইল। লর্ভ ওয়েলদলির দম্য়

🕸 शिक्षुताकां मिरभेत मभरत ६० लक्ष ठेकि वादत क्रिभेत्री-থের মন্দিরাদি নির্দ্মিত। তাঁহারাই যাত্রীর কর নির্দ্ধারণ করেন। যাত্রীর কর, প্রাসাদের মূল্য ও মাথাগন্ত্রীর ট্যাকুস লইয়া দেবার যাহা কিছু অনাটন হইত তাহা রাজারা দিতেন। আশ্রুরে বিষয় এই যে মুদলমানেরাও উভিন্যা অধিকার করিয়া ঐ নিরমানুসারে দেবার টাকা দিত। পাণ্ডাদের হত্তে ব্যয়াদির ভার ছিল। ১৮০০ অব্দে গবর্ণমেণ্ট উডিব্যা অধিকার করিয়া পূর্ব্ব নিয়ম ছুই বংদর পর্য্যন্ত প্রচলিত রাখেন। পরে অধিক টাকা লাগিতেছে দেখিয়া আয় ব্যয়ের হিমাব লন। জগরাথের ২৭ হাজার টাকার জগীদারীতে ১২ হাজার টাকা আর ছিল। এতদ্যতীত যাত্রীর কর, প্রসাদের মূল্যও মাথা গন্তীর টেকুদ আদায় হইত। ব্যয় সর্ববিশুদ্ধ ৫৬ হাজার টাকা ছিল। প্রবন্দেণ্ট খুরদার রাজার হস্ত হইতে বিষয় লইয়া নিজে সেবা চালাইবার ভার লইলেন। তালুকের আর অবিলম্বে ২১ হাজার টাকা হইল। :৮০৫ সালের বন্দোবস্তী আইনে গবর্ণমেণ্ট জগ-মাথের দেবা রীতিমত স্বরং চালাইবেন বলিয়া প্রকাশ করিলেন ১৮৪০ আন্দেলর্ড অকলও যাত্রীর কর উঠাইয়া দিয়া বাকী ৩৫ ছাজার টাকা বর্ষে বর্ষে গবর্ণমেণ্টের নিজ ধনাগার হইতে দিতে আজ্ঞা দেন। তজ্জ্বন্য বিলাতে গোল উপস্থিত হয়। কিন্তু অকলণ্ড লিখিলেন যে, গাবর্ণমেণ্ট জগন্বাথের বিষয় লইবার কালে ব্যয়ের জন্ম ৫৬ হাজার টাকা দিবেন, প্রতিশ্রুত হইয়াছেন। ১৮০৫ অন্দে ঐ অঙ্গীকার দৃঢ়ীকৃত হইয়াছে। এবং কোম্পানি, দেওয়ানী লইবার কালেও রাজ্গণের প্রাক্তদান রক্ষা করিবেন বলিয়া

বাঙ্গালা উন্নতির তৃতীয় উদ্যম। ফোর্ট উলিয়ম কালেজে বাঙ্গালা অধ্যয়নের প্রথা প্রবর্ত্তিত হইল। শ্রীরামপুরে শ্রীযুক্ত কেরি মার্দমন ও ওয়াই সাহেবগণ প্রবেশ করিয়া বাঙ্গালায় ভূরি ভূরি গ্রন্থ প্রকাশ করিতে লাগিলোন। বাইবেলের বাঙ্গালা অনুবাদ কাশীদাদের মহাভারত ও কীর্ত্তিবাদের রামায়ণ ক্রমে প্রকাশ হইয়া পড়িল। মিশনরীগণ বাঙ্গালা ভাষার উন্নতির মুখ্য কারণ।

অঙ্গীকার করিরাছেন। ইংলণ্ডে অকলণ্ডের কার্য্যই অনুমোদিত হুইল। এক্ষণে জগন্ধাথ বলরাম ও স্কৃত্দ্রার রথের আচ্ছাদন বনাত্ত গবর্ণমেণ্টকে দিতে হয়।

\* পূর্ব্বকালে প্রজাবংদল ত্রিটিশ গবর্ণমেণ্ট স্থীয় রাজ্য মধ্যে খীষ্টীয় ধর্ম ঘোষক মিশনরীগণকে স্থান দেন নাই। তজ্জ্বস্থ তাঁহার্ন অনভোপার হইরা ত্রিটিশ সাম্রাক্ত্য হইতে ১৭৯৯ খ্রঃ আবদ ফেডিক্স নগরে বা জীরামপুরে গিয়া বাস করেন। দেই স্থানে দিনেমারদিণের দ্বারা ১৮০৫ অব্দে ১৮৫০০ টাকা ব্যয়ে এক গিৰ্জ্জা নির্মিত হয়। তাহাতে ওয়েলসলী বাহাত্রয় সহস্র মুদ্রা প্রদান করিয়াছিলেন। গ্রামস্ত লোকেও যথা সাধ্য সাহায্য করে। এরামপুরের মিশনরীরা প্রত্যুপকার স্বরূপ ১৮৫০ খৃঃ অব্দে পর্যান্ত বিনা বেতনে ঐ গির্জ্জায় উপদেশকের কার্য্য করেন। ইহাঁদিপেরই ছারা শ্রীরামপুর নগরে বাঙ্গালা মুদ্রাযম্ব্র স্থাপিত হয়। ১৮১৮ খৃঃ অবদ এক লক্ষ পঞ্চাশ সহস্র টাকা বারে মিশনরীগণই এীরাম পুর কলেজ স্থাপন করেন। তাহাতে প্রায় চল্লিশ সহস্র নানা জাতীয় ভাষার প্রাচীন পুস্তক ছিল। অমনোখোগে অধিকাংশই নষ্ট হইয়াছে। এই কলেজের প্রথম অধ্যক্ষ শ্রীযুক্ত ম্যাক সাহেব প্রথমে বাঙ্গালায় तमायन भाख अनुराम करतन। श्रीतामश्रुरतत वर्षानिरकल গার্ডন ও কাগজের বঙ্গদেশে প্রথম বাষ্পীয় কল মিশনরী-গণেরই কীর্ত্তি। জ্রীরামপুরের দাতব্য চিকিৎসালয় মার্সমন ঘয়ের উদ্যোগে স্থাপিত হয়।

অনন্তর ১৮০৫ খৃঃ অব্দে লর্ড কর্ণওয়ালিস দিতীয়বার ভারতে আগসন করিলেন। কিন্তু তাঁহার শীঘ্র
মৃত্যু হওয়াতে বারলো সাহেব ও পরে মিণ্টো ক্রমে
শাসনকর্তার পদে অভিষিক্ত হন। ফরাশিদিগের বোর্বো
ও সরিচন্ত্রীপ এবং ওলন্দাজনিগের জাবাদ্বীপ অধিকৃত
হইল। তৎপরে ১৮১৩ অব্দে মারকুইস অব্ হেস্তিংসের
রাজ্যকাল। নানা দিক্ হইতে ব্রিটিশ সাম্রাজ্য আক্রমণ।
ত্বন্ত নেপালীয় সৈন্যগণ অকটরলোনির প্রতাপে সম্পূর্ণ
রূপে পরাভূত হইল। পিগুারীদিগের ঘোর উপদ্রব।
তাহাও অস্তমিত হইল। পেশোয়া, হোলকার ও নাগপুরের রাজারা অস্ত্রধারণ করিলেন। সকলেই পরাভূত।

দিনেমারদিগের পুর্বেষ জ্ঞীরামপুরে জ্ঞীপুর গোণীনাথপুর ও মোহনপুর নামে তিন খানি গ্রাম ছিল। তখন দিনে নারেরা পার্টনা বালেশ্বর ও হুগলীর নিকট দিনেমার ডাঙ্গায় বাণিজ্য করিত। পরে ১৭৫৫ অবে জ্রীপুর গ্রামে ৬০ বিঘা ভূমি ক্রর করে। পরে ১৬০০ টাকা করে শ্রীপুর গোপীনাথপুর মোহনপুর তাকিনা ও পেয়ারাপুর লয়। বর্ষে বর্ষে দিনেমার দিগের ২০ খান জাহাজ আসিত। ১৮১৫ অবধি ২৫ পর্যান্ত একখান করিয়া আনে। দিনেমার দিগের এীরামপুরে রাজস্বে চল্লিশ সহস্র, স্মাবগারী বাজার টেকুস ও ইটাম্পে তিন সহস্র, জরীমানাদিতে সহস্র এবং লবণ ও আফিমের জন্ম ইংরেজদিগের নিকট হইতে পাঁচ সহজ্ঞ টাকা প্রাপ্তি হইত। ইংরেজেরা তুই বার এই নগর অধিকার করেন। পরে দক্ষি হুত্তে প্রতার্পিত হয়। ১৮৪৫ অবে ডেনমার্কের অধীশ্বর সাড়ে বার লক্ষ টাকায় ইংরেজ-দিগতে এই নগর বিক্রেয় করেন। ১৮৪৫ সালের ১৯ নভেম্বরের বিজ্ঞা-পনানুসারে জ্রীরামপুর হুগলী জেলার অন্তর্ভত হয়। বিদনেমার-দিগের প্রতিষ্ঠিত কালীফনি কোম্পানি কলিকাতায় আনিলেন।

মহারপ্রীয় সেনাপতি পেশোয়া ও নাগপুরের রাজা রাজ্য-চ্যুত হইলেন। এবং তাহাদিগের রাজ্যের কিয়দংশ ব্রিটিশ সাম্রাজ্যে যোজিত হইল। হেষ্টিংসের রাজ্য কালে<sup>.</sup> দেশের মহতুন্নতি হয়। এত যুদ্ধেও ধনাগার পূর্ণ ছিল। তাঁহার বিচক্ষণতায় বর্ষে বর্ষে সমস্ত ব্যয় নির্বাহিত হইয়াও প্রচুর অর্থ থাকিত। ভারতবর্ষীয়গণ তাঁহাকে চিরকাল আশার্কাদ করিবে। তিনিই ভারতবর্ষীয়দিগের যথার্থ উপকার করিয়া গিয়াছেন। পূর্ব্বে প্রজাগণকে বিদ্যা দান করাও তাহাদিগের উন্নতি সাধন করা আপদ্জনক বিবেচনায় নিষিদ্ধ ছিল। মারকুইদ অব হেপ্তিংস সেই নিয়মকে স্থাতি জঘন্য, অতি নৃশংস ও অত্যন্ত অন্যায় জ্ঞান করিয়া স্বয়ং বিদ্যাদানের অনুমতি দিলেন। স্বামীর অনুরূপা পত্নী লেডি হেষ্টিংসও প্রজাগণের পাঠ্যপুস্তকের স্থবিধা জন্ম দেশীয় ভাষাবিৎ কেরি ও বেলি সাহেবের সাহায্যে স্ক্লবুক সোসাইটা সংস্থাপিত করি-লেন। বাঙ্গালার শুভ দিন প্রভাত হইল। কলিকাতায় শ্রীরাম-পুরে ও চুচুড়ায় বিদ্যাগার সংস্থাপিত হইল। স্ক্লবুক সোসাইটীর অধিবেশন হইল। হাইড্, হারিংটনহেয়ার, মে, বেলি, কেরি, ম্যাক প্রভৃতি চিরস্মরণীয় ব্যক্তিগণ দেশে দেশে নগরে নগরে প্রামে প্রামে ছারে ছারে বিদ্যাপ্রচার জন্য পরিভ্রমণ করিতে লাগিলেন। বাঙ্গালায় বাঙ্গালা গেজেট নামক প্রথম সংবাদ পত্র বহরার গঙ্গাকিশোর ভট্টাচার্য্য দ্বারা প্রকাশিত হইল। তৎপরে মিশনরীরা সমাচার দর্পণ বাহির করিলেন । গ্রেণ্মেণ্টের ক্রোধ শঙ্কা করিয়া সকলেই

ভীত হইয়াছিলেন। কিন্তু গবর্ণর জেনেরেল পত্রিকা প্রাপ্ত মাত্র অতিমাত্র সন্তুষ্ট হইয়া তৎপ্রচারার্থ ডাক-মাশুল হ্রাস করিয়া একচতুর্থাংশ করিলেন।

হেন্তিংদের পর ১৮২৩ অব্দে আডাম সাহেব সপ্ত মাদের জন্য গবর্ণরজেনেরেল হইয়া মুদ্রাযন্ত্র সম্পর্কীয় বিষয়ে অত্যাচার করেন। তৎপরে ১৮২৩ অব্দেলর্ড আমহর্ষ্ট আসিয়া পঁছছিলেন। প্রথমে ব্রহ্ম দেশের সহিত সংগ্রাম উপস্থিত হইল। ব্রহ্মেশ্বর পরাজিত হইয়া আশাম, মণিপুর ও আরাকান পরিত্যাগ করত ইংরেজদিগের সহিত সন্ধি করিলেন। তদনন্তর ভরতপুরের যুদ্ধ। ১৮২৬ খৃঃ অব্দেলর্ড কন্থরমার তুর্ভেদ্য ভরতপুর তুর্গ অসম সাহসের সহিতু বারুদ্দ দারা ভেদ করিয়া অধিকার করিলেন। দিল্লীর্স্মাটের পদবী বিলুপ্ত হইল। ভরতপুর ও ব্রহ্মদেশের যুদ্ধে প্রায় ব্রেয়াদশ কোটী টাকা ঋণ হয়।

অনন্তর ১৮২৮ অব্দে বেণ্টিস্কের রাজ্য কাল। তিনি
আসিয়া ধনাগার শূন্য ও আয় অপেক্ষা ব্যয় অধিক দেখিলেন। কেবল ব্যয় সংক্ষেপ দ্বারাই ধনাগার পূর্ণ হইয়া
উঠিল। বেণ্টিস্ক নূতন কর নির্দ্ধারণ দ্বারা প্রজার অনর্থের
কারণ হয়েন নাই। সহমরণ এই সময়ে নিষিদ্ধ হয়।
এবং রামমোহন রায় ইংলগু গমন করেন। বেণ্টিস্ক বিচার
কার্য্যের পদ্ধতি পরিবর্ত্তিত করিলেন। দেশীয় কর্মাচারিগণের বেতন রন্ধি হইল। কোম্পানি বাহাছর বাণিজ্য
পরিত্যাগ করিলেন। রাজ কার্য্য বিষয়ে নূত্র পদ্ধতি
প্রচারিত হইল। বিদ্যাণিক্ষা বিষয়ে দৃঢ় মনোযোগ। পূর্বের

কেবল সংস্কৃত ও আরবীয় ভাষার চর্চা জন্ম বার্ষিক এক লক্ষ টাকা নির্দ্ধারিত ছিল। লর্ড উইলিয়ম বেণ্টিস্ক ইংরেজি শিক্ষার জন্ম তাহার বৃদ্ধি করিলেন। মেডিকেল কলেজ স্থাপিত হইল। পূর্বের বাণিজ্য দ্রেব্যের উপর শুল্ক নির্দ্ধারিত ছিল। তদ্ধারা প্রজাদিগের উপর বিশেষ পীড়ন হইত। লর্ড কর্ণগুরালিস তাহা রহিত করিয়াছিলেন। পরে পুনর্বার প্রবর্তিত হয়। বেণ্টিস্ক তাহার সমূলোৎপাটনের উদ্যোগ করিয়া যান। বাঙ্গীয় পোতএই সময়ে প্রচলিত হয়। লর্ড উইলিয়ম বেণ্টিস্কের নাম চিরকাল দেশীয় লোকের মনে জাগরক থাকিবে।

বেণ্টিক্ষের পর ১৮৩৫ অবেদ মেট্কাফ সাহেব বর্ষাত্র তৎপদে থাকেন। তৎপরে লর্ড অক্লণ্ড। অযোধ্যার উত্তরাধিকারিত্ব বিষয়ে গোলোযোগ, দেতারার রাজার শাস্তি, আফগানের যুদ্ধে মহাসৈত্যক্ষয় ও চীন সমরে ইংরেজদিগের জয় লাভ হইল। তদনন্তর ১৮৪২ অবধি ১৮৪৪ পর্যান্ত এলেন্বরার সময় আফগানিস্থানের সহিত যুদ্ধ, গোয়ালিয়রের সহিত বিবাদ ও দিন্ধু দেশ অধিকৃত হইল। এলেনবরার পরে হার্ভিন্জের আধিপত্য। ঘোর শীক সমর। পঞ্জাব অধিকৃত হইল। গোলাপ দিংহ কাশ্মীর প্রাপ্ত হইলেন। নরবলি, সহমরণ, বালহত্যা ও দস্থাদিগের দৌরাত্ম্য নিবারণে যত্ম হইল। স্বাধীন বাণিজ্যের সর্বত্র শ্রীবৃদ্ধি। অনন্তর ১৮৪৮ খৃঃ অবেদ ডেল হউদির শাসন কাল। পুনর্বার শীক সংগ্রাম উপস্থিত। পঞ্জাব বিটিশ সাম্রাজ্যে যোজিত হইল। বর্মার সহিত পুনরায়

সংগ্রামে পেগু অধিকৃত হইল। উত্তরাধিকারীর অভাবে ইংরেজেরা নাগপুর ও কুশাসন জন্ম অযোধ্যা অধিকার করিলেন। সদর কোর্ট ও স্থপ্রীম কোর্ট সংযোজিত এবং মেকলেকৃত দণ্ডবিধির আইন প্রকাশিত হইল। ১৮৫৪ খৃঃ অব্দে ১ মে ক্রেডরিক জেমস হেলিডে সাহেব বাঙ্গালার প্রথম লেপ্টনেন্ট গবর্ণর ছইলেন। সাঁওতালদিগের বিদ্রোহে পঞ্চকুটের রাজার উপাধি বিল্পু হইল। ডেল-হোসির সময়েই ১৮৫৪ সালের ১৫ই আগফ কলিকাতা হইতে পাণ্ড্রা পর্য্যন্ত বাষ্পীয় শকট গমন করে। তাড়িত বার্তাবহও এই সময় সংস্থাপিত হয়।

অতঃপর ১৮৫৬ খৃঃ অব্দে প্রীযুক্ত ক্যানিং বাহাত্তর গবর্ণর জেনেরেল হইলেন। পারস্য ও চীনের সহিত বিবাদে ব্রিটিশ গবর্ণমেশ্টেরই লভ্য হইল। কিন্তু অবিলম্বেই ঘোর বিদ্রোহ। ১৮৫৬ খৃঃ অব্দে সৈত্য সংক্রান্ত বন্দোবস্তে দিপাহারা অত্যন্ত অসম্ভক্ত হইয়াছিল। তাহাদিগের স্বদেশস্থ ক্ষেত্র সমূহের কর রুদ্ধি হওয়াতে অত্যন্ত কন্ত হয়। এদিকে যুদ্ধ কার্য্যাদিতে ঘোর পরিশ্রম অথচ পুরস্কারের সময় যৎকিঞ্চিন্মাত্র প্রাপ্ত হওয়াতে সদা তুঃখিত থাকিত। বিশেষতঃ দেশীয় ও ইউরোপীয় সৈন্য মধ্যে আহার ব্যবহার আয়াস পুরস্কার ও পরিশ্রম বিষয়ে পক্ষপাত দেখিয়া যৎপরোনান্তি কুপিত হইয়াছিল। ইংরেজদিগের অপর কতকগুলি ব্যবহারও তাহাদিগের অসহনীয় হয়। ইতি মধ্যে টোটাছেদনরূপ ধর্মনান্ত্রণ লাটাতে

হইবে, এই সংবাদ দেশমধ্যে প্রচার হইবা মাত্র বারুদে অগ্নিকেপণের ন্যায় চতুর্দ্ধিকে বিদ্রোহানল প্রজ্বলিত হইয়া উঠিল। ঘোর অত্যাচারের পর সমস্তই উপশমিত হইল। দিল্লীশ্বর নির্বাসিত ও লক্ষ্ণোরাজ বন্দী হইলেন। কোম্পানি বাহাসুরের রাজ্যও শেষ হইল।

১৮৫৮ অব্দের ২ রা আগষ্ট ইংলণ্ডেশ্বরী স্বহস্তে রাজ্যভার গ্রহণ করিলেন। ১৮৬০ অব্দের অগফে ইনকম টেক্স সংস্থাপিত হইল। লর্ড ক্যানিং বাহাতুরের সময়ে ১৮৫৮ অব্দের ১ নভেম্বর মহারাণীর ঘোষণা পত্র প্রচারিত, করদ ও মিত্র রাজগণের ক্ষমতা নির্দ্ধারিত, ভারতব্যীয় শাসন সংক্রান্ত নৃত্স পদ্ধতি সংস্থাপিত, বাঙ্গালার নালকরের উপদ্রব উপসমিত, ফ্টার উপাধি প্রদানের পদ্ধতি পুচলিত ও আগরার ছুর্ভিক্ষ নিবারিত হয়। ১৮৬২ অব্দে লর্ড এলগিন গবর্ণর জেনেরেল হইলেন। তাঁহার সময়ে স্থপীম কোর্ট ও সদর দেওয়ানী একত্রীস্থৃত, কুষির উন্নতি সাধনার্থ আলিপুরে মেলা ও কাবুল নিকটে সীতানায় যুদ্ধ উপস্থিত হয়। এনত হওয়া যায় যে তিনি উত্তর পশ্চিমাঞ্চলে পীড়াগ্রস্ত হইয়া প্রাণত্যাগ করেন। তৎপরে ১৮৬৪ অব্দে লর্ড লরেন্সের রাজ্যকাল। ভুটানের সহিত বিবাদে দন্ধি হইল। কৌন্সিলের মেম্বরগণ প্রতি বর্ষেই ঋণ দর্শন করিতে লাগিলেন। ১৮৬৪ অব্দে কলিকাতায় ঝড় ও ১৮৬৬ অব্দে উড়িষ্যায় ঘোর তুর্ভিক্ষ। গুরুট্রেনিং পাঠশালার উৎপত্তি। माधात्र व लाटकत भिकात जन्य एएटम एएटम श्रीर्रमाना সংস্থাপিত হইল। লরেন্স বাহাতুর কিঞ্চিৎ খ্রীষ্ট ধর্ম্মের পক্ষপাতী ছিলেন। তাঁহার সময়ে কাবুল রাজের সহিত সন্ধির সূত্রপাত হয়।

তদনন্তর ১৮৬৮ অব্দে লর্ড মেওর রাজ্য কাল। কাবুলের সহিত সন্ধি হইল। আয় অপেক্ষা প্রতিবর্ষেই ব্যয় অধিক। কোন তাজমহল নির্মিত হয় নাই, কি নেপাল, কি মহারাষ্ট্র, কি ভরতপুর, কি ব্রহ্ম দেশ কোথাও কোন যুদ্ধ ছিল না। কেবল পূর্ব্বদিকে লুদাইগণের সামান্য উপদ্ৰব হয়। তথাপিও মেম্বরা কেবল ঋণই দর্শন করেন। কিন্তু ব্যয় সংক্ষেপের প্রতি তাদৃশ মনোযোগ হইল না। নব নব টেক্দের উদ্ভাবন। প্রজাগণ জালাতন। ইন্কম্ টেক্স সংস্থাপিত হইল। রাজ কর্মচারিগাণুর হস্তে ইনকমটেক্স প্রজাপীড়নের একটী মহান্ অস্ত্র স্বরূপ। মেও বাহাত্নরের সময় সীতানার যুদ্ধ শেষ হয়। তিনি ডাক-মাস্থল হ্রাস করিয়া স্থমহৎ উপকার করেন। তাঁহার আধি-পত্য সময়ে ১৮৬৯ অব্দের ডিসেম্বর মাসে শ্রীশ্রীমতী মহা-রাণীর দ্বিতীয় পুত্র ডিউক অব এডিনবরা এতদ্বেশে পাদার্পণ করেন। ইংলগুীয় রাজপরিবারের ভারতে এই প্রথম পাদার্পণ। বিদ্যাদানে গবর্ণমেণ্টের কার্পণ্য বিষয়ে শঙ্কা হইল। ওয়াহাবা লইয়া বিষম গোলোযোগ উপস্থিত। হাইকোর্টের যোগ্যতম চীফজপ্তিদ শ্রীযুক্ত নরম্যান সাহেব এক তুরাত্মা যবনের হস্তে বিচার গৃহেই নিহত হইলেন। তদনন্তর শ্যামদেশের রাজার ভারতে আগমন। এই সময়ে শ্রীযুক্ত গবর্ণর জেনেরেল বাহাছুর পূর্ব্ব সমুদ্রে গমন করিয়া-ছিলেন। তথায় ১৮৭২ অব্দে পোর্টবেরার নামক স্থানে

এক অতি পাপিষ্ঠ, অতি নরাধম, ক্রুরকর্মা পাষগু সেয়ার আলি নামক যবনের হস্তে গুপ্তভাবে নিহত হইলেন। মেও বাহাতুর অতি সদাশয় ও লোকরঞ্জক ছিলেন। তিনি শোচ-নীয় দশা প্রাপ্ত হইলে কিয়দিবস শ্রীযুক্ত ষ্ট্রাচে সাহেব ও শ্রীযুক্ত মান্দ্রাজের গবর্ণর ম্যাগডালা বাহাত্বর শাসন করেন। তৎপরেই ১৮৭২ অব্দে লর্ড নর্থব্রুক আসিয়া পঁহুছিলেন। প্রজাবর্গের অন্তঃকরণ প্রফুল্ল হইয়া উঠিল। তিনি আনিয়াই ব্রিটিশ গ্র্বর্ণমেণ্টের কলঙ্ক স্বরূপ ইনক্ম টেক্স একবারে উঠাইয়া দিলেন। বাঙ্গালার লেপ্ট-নেণ্ট গবর্ণর ত্রীযুক্ত ক্যাম্পবেল সাহেব সর্ব্ব বিষয়ে হস্ত-ক্ষেপ করাতে প্রজারা অত্যন্ত ভীত হইয়াছিল। কিন্ত লর্ড নর্থব্রুকের বিচক্ষণভায় সমস্তই বিনির্ত হইল। আশ্বিন্মার্টৈন অনার্স্তি হওয়াতে ১৮৭৪ অব্দে বেহার ও বাস্থালায় দারুণ তুর্ভিক্ষ উপস্থিত হইল। গবর্ণর জেনে-রেল, শ্রীযুক্ত ক্যাম্পবেল ও শ্রীযুক্ত সাররিচার্ড টেম্পল প্রভৃতি মহোদয়গণের ক্ষিপ্রকারিতায় প্রজাগণ মৃত্যুর করাল গ্রাস হইতে মুক্ত হইল। এত ব্যয় হইলেও লর্ড নর্পক্রক কেবল ব্যয় সংক্ষেপ দারা প্রজাগণকে টেক্সের হস্ত হইতে মুক্ত করেন। ১৮৭৪ আশিনে গঙ্গার পূল প্রস্তুত হইল। বরোদার রাজা মলহর রাও রাজ্যের কুশাসন জন্য ১৮৭৫ অব্দে ২৪ এপ্রেল পদচ্যুত হইলেন। ডফলা ওনাগারা ব্রিটিশ রাজ্যে উৎপাত করিয়া রীতিমত প্রতিফল প্রাপ্ত হইল। বিদেশীয়নিগের সহিত সর্ব্বত্রই সদ্ভাব। কেবল মধ্যে বর্মার সহিত কিঞ্চিৎ গোলযোগ হয়। ক্যানিং বাহাছুরের পর লর্ড নর্থ ব্রুকের তুল্য উপযুক্ত গবর্ণর জেনেরেল আর কেহ ভারতবর্ষে পাদ বিক্ষেপ করেন নাই।

## প্রথম অধ্যায়।

বাঙ্গালাভাষার উৎপত্তি; অপভংশের প্রথমকাল ; বৈদিক প্রমাণ ; ব্যাকরণের উদ্ভব ; সাধারণ ব্যবহৃত ও গ্রন্থসত ভাষার ভিন্নতাহেতু ব্যাকরণের প্রায়েজন ; পাণিনির উদ্ভবে প্রাক্ত ভাষার প্রাবাল্য প্রকাশ ; বরক্চির উৎপত্তিতে ভারতস্থ বহুবিধ বর্ত্তমান ভাষার উৎপত্তি নির্ণয় ; বাঙ্গালা সংস্কৃতেরই অপভংশ, প্রাক্ত জাত ক্লাপি নহে।

বাঙ্গালা ভাষা শুদ্ধ সংস্তেরই অপভংশ। ভিন্ন ভাষা-গত শব্দ সকল সাময়িক যোজনামাত্র। বৈদিক সময়াবধি সংস্ত ভাষা অপভংশ হইতে আরম্ভ হয়। বৈদেই ইহার প্রমাণ রহিয়াছে।

> হেলাহেলেত্যুক্ত্বা তে দেবাঃ পরাবভূবুঃ, তত্মান্নাপভ্রংশিতবৈ মন্লেচ্ছিত বৈ ॥

> > ইতি শ্রুতিঃ।

হেলা হেলা শব্দ করিয়া দেবতারা পরাভূত হইলেন।
তব্দ্ধন্য অপভংশ ভাষা উচ্চারণ করিবেক না, স্লেচ্ছ ভাষা
উচ্চারণ করিবেক না।

এতদ্বারা বোধ হইতেছে যে, এই অপভংশের প্রথম
সময়। এবং এই সময়াবধিই সংকৃত ভাষাকে সংকৃত
রাখিতে বিশেষ চেক্টা হইল। সামান্যতঃ ছুই কারণ বশতঃ
ভাষা অপভক্ট হইয়া থাকে। প্রথম উচ্চারণ দোষ ও দিতীয়
ব্যাকরণ জানাভাব। বেদই আর্য্যদিগের প্রমান ছিল।
যধন বেদকে বিভদ্ধ রাখিবার জন্য বিশেষ চেপ্তা হইল তথ্নই

বোধ হহতেছে যে গৃহ কার্য্য সম্বন্ধীয় কথা বার্তায় অপ-ত্রংশ ভাষা প্রবেশ করিয়াছিল—তথনই বোধ হইতেছে যে অপত্ৰংশ ভাষা সদা ব্যবহৃত হইয়া বেদপাঠে প্ৰবেশ হইবারও উপক্রম হইয়াছিল। এবং যে পরিমাণে ভাষা বিশুদ্ধ রাখিবার জন্য কঠিন কঠিন নিয়ম সংস্থাপিত হয় সেই পরিমাণে অপভংশ ভাষার প্রাবন্য স্বীকার করিতে হইবে। উচ্চারণ দোষ ও ব্যাকরণাদির জ্ঞানাভাব নিবারণ জন্যই বেদাঙ্গের সৃষ্টি। রুহদারণ্যক শ্রুতি পাঠে অবগত হওয়া যায় যে প্রথমে বেদাঙ্গ বেদের ব্রাহ্মণ ভাগের অন্তর্ভূত ছিল। বস্ততঃও অর্থবাদ বিষয়ক অধ্যায় সমূহকেই পূর্ব্বে বেদাঙ্গ কহিত। পরে বিশেষ প্রয়োজন হওয়াতে বেদাঞ্চ পৃথক করা হয়। এবিষয় শাকল প্রাতিশাখ্য টীকায় একরূপ লিখিত আছে। কিন্তু কোনু সময়ে যে এই বেদাঙ্গ বেদ হইতে স্বতন্ত্র হয় তাহার ইয়ন্তা নাই। বেদাঙ্গ পৃথক হইরা অবশ্য পাঠ্যৰূপে স্থিরীক্কুত হইলেও বেদ বিশুদ্ধ রাখা কঠিন ছইয়া উঠিল। তজ্জন্য ঋষিগণ বেদাঙ্গ বিস্তৃত ক্রিতে আরম্ভ করিলেন। ব্যাকরণ, ক্রমে মহেশ্বর, রুহস্পতি, পুর-ন্দর ও পাণিনি দ্বারা স্থিরাবয়ব প্রাপ্ত হইয়া বিস্তুত হইতে লাগিল। উচ্চারণ জ্ঞানের নিমিত্ত শিক্ষা ভাগ সংযোজিত হয় , প্রথমে তৈত্তিরীয় আর্ন্যকের শিক্ষাধ্যায় দারাই উচ্চারণ কার্য্য নির্কাহ হইত। পরে যত শাখা তত প্রাতি-শাখ্য প্রচারিত হইল। উচ্চারণ ভেদ শাখা ভেদের একটা প্রধান করিল। বেদের শাখাও অল্ল নয়। ঋথেদের এক-বিংশতি সহস্রশাখা, সামবেদের সহস্র শাখা ও যজুর্কেদের সপ্তবিংশতি ও অপর পঞ্চদশ এধান শাখা ছিল। অতএব স্থির হইতেছে যে. বৈদিক সময়াবধিই অপভংশের আরম্ভ

এবং উত্তরোত্তর তাহার যত প্রাবল্য হইরাতে তত তল্ন-বারণার্থ ভূরি ভূরি উপায় উদ্ধাবিত হইয়াতে।

্ অপিচ, যে সময়ে ব্যাকরণ পাঠের প্রথা প্রথম প্রচলিত হয়, সে সময়ে যে কথিত ভাষা ও লিখিত বা গ্রন্থাত ভাষার পরম্পর বিভিন্নতা ঘটিয়াছে তাহা অনায়াদে 'প্রতিপন্ন করা যায়। যেহেতু ভাষা দুটেই ব্যাকরণ রচিত। ব্যাকরণ হইতে ভাষার উদ্ভব হয় নাই। যাহা কহা যায় যদি তাহাই ব্যাকরণে থাকিল তবে ব্যাকরণ শিক্ষার প্রয়োজন কি? দেখা ষাইতেছে যে যথন সাধারণব্যবহৃত ভাষার সহিত লিখিত ব। শিষ্টব্যবহৃত ভাষার অনৈক্য হয়, তথন শুদ্ধরূপে লিখনাদি জন্য ও লিখিত পুত্তক সকল বুঝিবার জন্য ব্যাকরণ জ্ঞান আব-শ্যক করে। যেকপ ভাষায় কথা বার্ত্তা কহা যায়, ভাঁহার সহিত লিথিবার ভাষা ও লিখিত পুস্তকের ভাষা অনৈক্য হইলে অবশ্য ব্যাকরণ জ্ঞান প্রয়োজন, এবং যে পরিমাণে উভয় প্রথা পৃথক হইবে দেই পরিমাণে ব্যাকরণৈর চর্চ্চা বুদ্ধি করা উচিত। যখন দেই ব্যাকরণ পাঠ, কালে কটিন ও বহুবায়াদ-দাধ্য বোধ হয়, তখন নিশ্চয় বুকাতে হইবে যে সাধারণের মুখে, চলিত ভাষা পৃষ্টির চরম সীমা প্রাপ্ত হইয়া গ্রন্থত ভাষার সহিত সম্পূর্ণ ভিন্ন হইয়া পৃথক্ অবয়ব ধারণ করিয়াছে। যথন চলিত ভাষা পুষ্টি প্রাপ্ত হইয়া একরপ স্থিরাবয়ৰ ধারণ করে, তথন আবার সেই ভাষার ব্যাকরণ প্রস্তুত করণের প্রথম কাল উপস্থিত হয়। কারণ সেই ভাষা তৎসময়াব্য আবার ক্রমে অপভংশ হইতে আর্ভ হয় ৷ কাত্যা-য়নকে প্রাকৃত ভাষার প্রথম ব্যাকরণকার বলিয়া অনেকে অমু-মান করেন। † অতএব মীমাংসা করা যাইতে পারে. যেঁ সংস্কৃত

<sup>(</sup>১) বেক্রিরা কাশ্যায়নকে ভাহাদিণের প্রথম বাকরণকার

ব্যাকরণ পাঠের প্রথম কাল হইতে অপজংশের প্রচার হয়।
এবং যখন সংক্ষৃত ব্যাকরণ পাঠ বহুবায়াস সাধ্য ও প্রাক্কত
ভাষার ব্যাকরণ প্রথম প্রাচ্ছ্রত হইল তখন সেই অপজংশ
ভাষা ক্রমশঃ পুষ্টি প্রাপ্ত হইয়া একরূপ স্থিরাবয়ব ধারণ করে।
প্রয়োজন না হইলে কোন বস্তু প্রস্তুত হয় না। যখন চলিত
ও লিখিতভাষা পরস্পর পৃথক্ হয় তখন ব্যাকরণের প্রয়োজন।
অতএব প্রাক্কত ব্যাকরণ যে সময়ে প্রস্তুত হইয়াছে, প্রাক্ত
ভাষাও যে সেই সময়ে কথিত ভাষার সহিত কিঞ্চিং বিভিন্ন
হইয়াছে, তাহা অবশ্যই স্বীকার করিতে হইবে।

একনে জিজাস্য হইতে পারে যে, ভাষা ব্যাকরণ জ্রন্ট হয় কেন ?। আপাততঃ, উচ্চারণের স্থবিধাই ইহার প্রধান কারণ, বলিষা বোধ হয়। স্থাভাবিক কথা বার্ত্তা স্থলে শীঘ্র উচ্চারণ জন্য কভকগুলি বাক্য অর্ক্ষোচ্চারিত হয়। স্থভরাং শেষভাগ উচ্চারিত না হওয়াতে, কালে ব্যাকরণের বিভক্তি সকল বিচ্ছিন্ন হইয়া পড়ে। উচ্চারণের স্থবিধা জন্য

কছে। অধুনা প্রাক্কত ব্যাকরণ মধ্যে সচরাচর বরক্চির ব্যাকরণ দেখা যায়। কোন কাত্যায়নের নাম বরক্চিও ছিল। তজ্জন্ম যদি কেছ বাজীস্থ প্রচারক, সামবেদের উপপ্রান্থ প্রচারক, স্মার্ভশ্লোক প্রচারক, কর্ম প্রদীপ কর্ত্তা, অথক বৈদের আদ্ধান কারিকা প্রচারক, ধর্মাশাস্ত্র প্রযোজক, পাণিনির মহাবার্ত্তিক কর্ত্তা, সর্কানুক্রমণী রচনকর্ত্তা, বৎস নুপত্তির সভাসদ, বর্যম্বনর শিষ্য, পাণিনিকে ব্যাকরণে পরাস্তকারী, নন্দরাজার মন্ত্রী, বিক্রমাদিত্যের সভাসদ, কালিদাসের সমকালিক, ও প্রাক্তর ব্যাকরণ কর্ত্তা আদি সমস্ত কাজ্যায়ন ও বরক্চি মাত্রকেই একই ব্যক্তি জ্ঞান করেন, তবে তাঁহাদের বৃদ্ধিকে বস্তু। উদৃশ ক্ষুদ্র প্রস্থে বিভগ্তার সমাবেশ স্থক্তিন। শাকল্য, ভরত, কোহল, বরক্চি, ভামহ বসন্তরাজ, মার্কপ্রেয়, ক্রমন্দীশ্র ও হেমচন্দ্র প্রভৃতি অনেকে প্রাক্তব্যাকরণ করিয়াছিলেন।

কতকগুলি বাক্যের অক্ষর মিলিত হইয়া উচ্চারিত হয়; কতকগুলি অক্ষর তুরুচ্চার্য্য বশতঃ বর্জ্জিত হয়; কতকগুলি পরস্পর পরিবর্ত্তি হয়; এবং কতকগুলি ভূতন সংযোজিত হয়। কিন্তু এককালে ব্যাকরণের ভাষা সাধারণ কথা বার্তায় ব্যবস্থত হইত। পরে লোকের তাহা উচ্চারণ করিতে কণ্ট বোধ হয় কেন? দেখা যাইতেছে যে. কথা বার্তা কেবল মনের ভাব প্রকাশ মাত্র। যত অল্পে সেই কার্য্য সিদ্ধ হয় মনুষ্য মাত্রেরই তদ্বিষয়ে ঐকান্তিক যত্ন। স্বতরাং কট স্বীকারের অনিচ্ছাকেই একৰূপ কারণ বলিতে হইবে। কাহারও পিরিজা-ভূষণ নাম থাকিলে আমরা সমস্ত বর্জ্জন করিয়া গিজনে বলিয়া থাকি। অধিক দূর হইতে তাহাকে আহ্বান করিতে रहेरन कर्शनानीत कछ विनक्षन अञ्चल हा । **व्याप** दक्रवन প্লুতস্বরে ''নে" মাত্র উচ্চারণ করি। এইরূপ নূপেন্দ্রমোহিনীর কোমল আদ্যাক্ষর ও শেষাক্ষর লইয়া 'নোনী" বলিয়া ডাকা ষায় : অতএব কেবল স্বকীয় স্থবিধাকেই ইহার কারণ বলিতে ছইবে। পরে কালবিশেষে, দেশ বিশেষে ও লোক বিশেষে মেই পরিবর্ত্তনগুলি স্থিরতা প্রাপ্ত হইলে প্রচলিত ভাষা ও গ্রন্থের ভাষা সম্পূর্ণকাপ পৃথক্ হইয়া পড়ে। একাণে কাল বিশেষে, দেশ বিশেষে ও লোকবিশেষে কিৰূপেই বা ভাষার পরিবর্ত্তন ঘটে এবং সেই পরিবর্ত্তনই বা কিৰূপে স্থিরতা প্রাপ্ত হয় তাহাও দেখা আবশ্যক। কালে, মনুষ্যের অবস্থা ও ব্যবসা ভিন্ন ভিন্ন হওয়ায় ভাষার পরিবর্ত্তন ঘটে। অধিকাংশ লোক শাস্তানুশীলন পরিত্যাগে এক অবস্থাপন্ন, অবস্থানুসারে উগ্র বা মৃহুভাব াারা এক প্রকৃতিস্থ এবং ব্যবসাত্তণ এক ভাবাপন হইলে তাহাদিগের বদন বিনি-ৰ্গত বাক্য সমূহও এক নিয়মে বিকৃত দেখা যায়। দ্বিতীয়তঃ

দেশের প্রাক্কৃতিক অবস্থামুসারে মন্তব্যের বাগ্যস্তাদির আরুতি ভেদ হওয়ায় উচ্চারণের পরিবর্ত্তন ঘটে। এই নিমিত্ত একদেশের লোক অন্যদেশস্থ লোকের বাক্য তাহা-দিগের মত উচ্চারণে সমর্থ হয় না। পলাপারের অধিকাংশ লোকই প্রায় শ, ষ, স. স্থানে হ উচ্চারণ করিয়া থাকে, এবং বর্গের চতুর্থ বর্ণের পরিবর্গে ভৃতীয় বর্ণ উচ্চারণ করে। যথা ঘোডা, গোরা; ঝাল, জাল; ঢাক, ডাক; ধার, দার; ভাম, বাম ইত্যাদি। এইরূপ ইংরেজ, স্কুচ জ্রমান প্রভৃতিও জাতির ত, ট আদির উচ্চারণে ভেদ দেখা যায়। এবং এই নিয়-মানুদারে নানাদেশের বর্ণমালার উচ্চারণ ও বর্ণ সংখ্যাও পৃথক্ হইয়াছে। তৃতীয়তঃ স্ত্রীলোকেরা শরীরের কোমলতা বশতঃ শব্দ স্মূহের কর্ষণ ভাগ পরিত্যাগ করিয়া উচ্চারণ করে। পরে সেই সকল বাক্য ক্রমশঃ পুরুষের কথায় মিশ্রিত হইয়া ভাষা বিক্লুত হয়। অনেকে কোন কোন লোকের বাক্য অকুকরণ দ্বারাও ভাষার পরিবর্ত্তন ঘটান ৷ ভক্ষ্য দ্রব্যও ভাষা বিক্লত করিবার অপর এক কারণ। অনেক ভক্ষ্যদ্রব্যের দ্বারা জিহ্বার জাড্যতা দোষ ঘটে। যাহা হউক কোন ক্রমে স্থগ-মোচ্চারণ জন্য চলিত ও লিখিত ভাষার অনৈক্য হয়।

সংস্কৃতভাবার অপভংশও পূর্ব্বেক্তি নিয়মানি দ্বারা ঘটিয়া উঠিয়াছে। প্রাকৃত বা সাধারণ লোকের ব্যবহার হেছু নেই অপ-ভংশ ভাষার সাধারণ নাম প্রাকৃত ভাষা। প্রাকৃত ভাষা বলিয়া কোন একটা নির্দ্দিষ্ট স্বতন্ত্র ভাষা ছিল না। দেশ বিশেষের ব্যবহার ও লোক বিশেষের উচ্চারণ দ্বারা অপভংশ ভাষা ভিন্ন ভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন নিয়মে আবদ্ধ হইয়া ভিন্ন ভিন্ন ভাষা উৎপাদন করিয়া-ছিল। সেইগুলি প্রাকৃত ব্যাকরণে শ্রেণীবদ্ধ হয়। যখন প্রাকৃত ব্যাকরণ পাঠ্য পুস্তক হইয়া পড়িল, ভদবধি আর্য্যাবর্ত্তম্ব বর্ত্ত- মান বহুভাষার উংপত্তি গণনা করিতে হইবে। কিন্তু বরক্চি যে করেকটী ভাষাকে স্বীয় ব্যাকরণ মধ্যে সন্ধিবিট করিয়াছেন, সেই করেকটী নির্দিট ভাষাই যে তৎকালে আর্য্যাবর্ত্তে প্রচলিত ছিল এরপ নহে। অপরাপর দেশেও অপভংশ ভাষা ছিল। কিন্তু সে গুলি পরিপকাবন্থা প্রাপ্ত হইরা কোন বিশেষ নির্মে আবন্ধ হয় নাই। যে গুলি ব্যবহার দ্বারা নির্মাবন্ধ হইয়াছিল বরক্চি সেইগুলির প্রাধান্তানুসারে অপ্প বা বহুল পরিচয় দিয়াছেন। তিনি অম্মদেশের কোন ভাষার বিশেষ উল্লেখ করেন নাই। তাহার কারণ স্পটই লক্ষিত হইতেছে। অপরাপর দেশের ন্তায় অম্মদ্দেশের অপভংশ ভাষা নিয়মাবন্ধ হইতে পার নাই। যথন নিয়মাবন্ধ কোন ভাষা ছিল না তথন সংস্কৃত ও বাঙ্গালা এতত্বভয়ের মধ্যে কোন ব্যবধান না থাকাতে সংস্কৃতকেই বাঙ্গালার, একমাত্র জননী বলিতে হইবে।

বাঙ্গালাভাষা বরক্চি ধৃত ভাষার অতি অপ সাহায্য প্রহণ করিয়াছে। সে সাহায্য এত অপ, যে, তাহাতে প্রাক্ত ভাষাকে কোন রূপেই বাঙ্গালার প্রস্থৃতি বলিরা স্থীকার করা যায় না। প্রথমতঃ বাঙ্গালা ভাষার ব্যাকরণ সম্বন্ধীয় প্রায় সমস্ত বিভক্তিই সংস্কৃত বিভক্তির পরিবর্ত্তন হইতে ঘটিয়াছে। বিভক্তির সাহায়ই ভাষার প্রধান সাহায্য। সে বিষয়ে ক্রেটী থাকিলে এককে অপরের উৎপাদক কিরুপে বলা যায়। দ্বিতীয়তঃ সংস্কৃত হইতে যে সকল বাক্য যে নিরুমে পরিবর্ত্তিত হইয়া বাঙ্গালা ভাষা মধ্যে সন্ধিবিট হইয়াছে, সচরাচর কথা বার্ত্তান্থলৈ সাধুভাষা সকলও সেই নিরুমে পরিবর্ত্তিত হইতে দেখা যায়। যখন অহরহঃ এই সকল বিষয় নেত্রগোচর হইতেছে, তথন সংস্কৃতের সামান্ত অপত্রংশ হইতে যে বাঙ্গালার উৎপত্তি হইয়াছে তজ্জন্য মধ্যম্বলে আর একটা ভাষা কম্পনা কেবল বিজ্পনামাত্র। যদি, এই সকল

সামান্ত অপভংশের জন্ত মধ্যস্থলে একটী ভাষা স্বীকার করিতে হয়, তবে ইংরেজি ছইতে যে সকল শব্দ অন্তত আকার ধারণ করিয়া প্রতিদিন ভাষা মধ্যে প্রবেশ করিতেছে তজ্জন্য মধ্যস্থলে বে কতগুলি ভাষা স্বীকার করা উচিত ভাষা বলা যায় না। অত-এব প্রাক্কত ভাষা হইতে বাঙ্গালার উৎপত্তি স্বীকার করা যাইতে পারে না। ঐতিহাসিক তত্ত্বানুসন্ধান দারাও সংস্কৃত হইতে বাঙ্গালার উদ্ভব বোধ হইবে। তৃতীয়তঃ বাঙ্গালা ভাষার অধি-কাংশ শব্দ প্রাকৃত ভাষার শব্দাপেক্ষা সমধিক পরিশুদ্ধ। প্রাকৃত ছইতে উৎপন্ন হইলে এরপ ঘটনা কিরুপে সম্ভব হয়। সংস্কৃত অগ্নি; প্রাকৃত অগ্নি, হিন্দুস্থানীয় আগ্, কিন্তু বাঙ্গালা অপভাষা আগুণ। যদি প্রাকৃত ভাষাই বাঙ্গালার জননী হয় তবে আগু-ণের ণকার কে।ধায় হইতে আইসে। বরৰুচির ব্যাকরণে লিখিত কোন্ প্রাক্ত ভাষা দাধ ( দাধু), রাজা, যদি, নদী, দখী, লোক. সাবধান, ভগবান আদি বঙ্গের অতি নিরুষ্ট জাতি ব্যবহৃত ভূরি ভূরি শব্দ প্রদাব করিতে পারে 👌 বরং প্রাক্কত ভাষা বাঙ্গালায় ব্যবহৃত পূর্ব্বোক্ত শব্দ সমূহ গ্রহণ করিলে উন্নতি প্রাপ্ত ছইয়া সংস্কৃতের অধিকতর দল্লিকৃট হইবে। অপর এক উদাহরণ যথা— সংস্কৃত —"হানাৰ ভীমদেন! হা মম পরিভবপ্রতীকারপরি-জটাস্থর-বক-হিড়িম্ব-কিন্সীর-কীচক-ত্যক্তজীবিত।

ত্যক্তজীবিত! জটাস্থর-বক-হিড়িম্ব-কিন্সীর-কীচক-জরাসন্ধনিস্থদন! সোগদ্ধিকাহরণচাটুকার! দেহি মে প্রতিবচনম্।"

প্রাক্ত — "হা ণাহ তীমদেণ। হা মহ পরিভবপড়ি আর-পরিচত্ত-জীবিঅ। জড়া স্থরবঅহিড়িম্বকিম্মীর-কীচঅজরাদন্ধ ণিস্থদণ। দো অন্ধিআহরণ চাড় আর দেহি মে পড়ি-ধ্যাণং।"

বাঙ্গালা—"হানাথ ভীমদেন! হা মম পরিভব প্রতীকার পরি

ত্যক্ত জীবিত! জটাস্থর বক হিড়িস্ব কিন্মীর কীচক জরাসন্ধনিস্থদন! সৌগন্ধিকাহরণ চাটুকার! আমায় প্রতি বচন দাও।

একণে পাঠকেরা স্বচক্ষে প্রভাক্ষ করিরা দেখিতে পারেন যে, প্রাক্কতকে বাঙ্গালার জননা বলা সম্ভব হয় কি না? স্বভএব সংস্কৃত বাঙ্গালার মাভামহী নহেন, বিমাভাও নহেন, একমাত্র জননা । তিনি বাঙ্গালাকে প্রস্ব করিরাছেন, পালন করিতে-ছেন ও জীবিত রাখিবেন। বরক্চিপ্পৃত প্রাক্কত ভাষা সকল বাঙ্গালার সহোদরা। এক্ষণে সে প্রাক্কত ভাষা সমূহ খণ্ড বিখণ্ড হইয়া গভাস্থ হইরাছে, কিন্তু বাঙ্গালা পুর্ফীকর মাতৃস্বতা পান দ্বারা লাবণ্যবতা হইয়া উচিতেছেন।

চতুর্থতঃ বিশেষরূপ অনুধানন করিয়া দেখিলৈ বোধ ছইবে
বে, বাঙ্গালা ভাষা প্রাক্ত ভাষার অনুগমন না করিয়া পদে
পদে পেরিণিক সময়ের সরল, স্থললিত সংস্কৃত ভাষার অনুসরণ
করিয়া এরূপ রমণীয় ভাব ধারণ করিয়াছে। সরল সংস্কৃতের
অপভংশ ছইতেই বাঙ্গালার উৎপত্তি। অতএব সংস্কৃতই বাঙ্গালার একমাত্র জননী। অধিকন্তু স্থাসিদ্ধ ভাষাবিৎ পণ্ডিত
মহামান্ত ম্যাকুমূলরও কহিয়াছেন যে, অপরাপর ভাষার ন্যায়
সাধারণের ব্যবহারজনিত বিক্তি পরিবর্জন করিলে বাঙ্গালা
ভাষা মধ্যে প্রাকৃত ভাষার বংসামান্ত মাত্র ভিছ্ন পাওয়া যায়।
আর্ম্যাবর্তের অপরাপর ভাষার ন্যায় বাঙ্গালা প্রাকৃত ভাষার
সাহায্য গ্রহণ না করিয়া সরল সংস্কৃত ছইতে উৎপন্ন ছইয়াছে।
\*

<sup>\* &</sup>quot;While in Bengalee except some analogous corruption by contraction and assimilation which every language undergoes in the mouth of a people, there are very few traces of the Pracrit dialects. &c"

Maxmuller

সংক্ষৃতের অনুগমনদারা বাঙ্গালা যে কতদূর ক্তকার্য্য হইরাছে তাহা
নিমুলিখিত উদ্ধৃত অংশ দ্বারা পাঠকবর্গের নিশ্চয় প্রতীতি হইবে।
''ভীম্মজননি মুনিবর কন্তো। পতিত্তনিবারিণি ত্রিভুবন ধত্যে"॥
শক্ষরাচার্য্য।

"নারারণী শীর্ষদেশে, সর্স্বাঙ্গে সিংহবাহিনী। শিবদূতী উপ্রচণ্ডে, প্রত্যঙ্গে পরমেশ্বরী॥" যামল

'জয়ক্ষ জগনাথ, জয় বৈকুণ্ঠ নামপ্পক্।
জয় দেব ক্লগাদিকো, জয়লক্ষীপতে প্রভো।"
বিফুক্টোত্র।

রোদোদ্ভবা রুফকান্তা, রুফবক্ষস্থলস্থিতা।
্গোশাস্থনাগণ শ্রেষ্ঠা, গোপিকা গোপমাত্কা॥
রাধিকার স্তব ।

এগুলিকে সংস্কৃত ও বাঙ্গালা উভয়ই বলা বাইতে পারে।

অপর এক দৃষ্টান্তের করেকটা সামান্ত বিভক্তি লোপ করিলে
বাঙ্গালা হইবে। যথা—

'নয়নত্ত্রর ভূষিত চাৰুমুখং, মুখপদ্ম বিরাজিত কোটিবিধুং, বিধুখণ্ড বিমণ্ডিত ভালতটং, প্রাণমামি শিবং শিবং কণ্পত্ৰুং॥'

নিমুলিখিত দৃষ্টান্ত অত্যম্প পরিবর্ত্তনে সংক্ষৃত হইবে।
না কর ধন জন যৌবন গর্কা, হরিছে নিমেবে কালসর্কা।
মারাময় এ অখিল তাজিয়া, প্রবিশ আশু এক্ষপদ জানিয়া॥
অক্ষানে বাল্যহত যৌবন বনিতার, রুদ্ধেতে চিন্তামগু, কি হইবে উপার
অক্ষ গলিত, পলিত মুও, দন্ত বিহীন হইল তুও।
করেতে কাঁপিছে ভগুদও, তরু না ছাড়িছে আশাভাও॥
জয়দেবের সংকৃত যে অতি সরল তাহা বলা বাহুলা মাত্র।

## দ্বিতীয় অধ্যায়।

## 

বাঙ্গালার প্রাচীনত্ব; তংপ্রমাণ যথা—(১) ভাষার বর্ত্তমান অবস্থা;(২) কর্মানারক ও অপাদানের চিহ্ন;(৩) প্রবাদ রচন;(৪) খ্রাফ জন্মকালীন বাণিজ্ঞার্থী রোমান ও এীকদিশের গৃহীত বাঙ্গালা বাক্য;(৫) বালিকাদির ত্রত কথা;(৬) পালবংশীয় বেছির রাজাদিশের গীত; (৭) তন্ত্রোল্লাথিত বর্ণমালা; (৮) বৌদ্ধপ্রদ্ধের বাঙ্গালার পরিচয়;(৯) মুদ্রা ও তান্ত্রশাসন;(১০) পিঙ্গলাদি ধ্রত অক্ষ; সংস্কৃত হইতে বাঙ্গালা উৎপত্তির কয়েকটা নিয়ম; বাঙ্গালা অসভ্য ভাষা জাত নহে।

প্রাক্ত যে বাঙ্গালা প্রস্বিনী নহে তাহা একরণ নির্ণীত হইরাছে। ক্রমশঃ আরও প্রকাশ পাইবে। অভঃপুর বাঙ্গালার
প্রাচীনত্ব নির্নয় আবশ্যক। এক বস্তু কথন চিরকাল এক ভাবাপন্ন থাকে না। সময়ে সকলই পরিবর্ত্তিত হয়। বাঙ্গালা
ভাষার ক্রিয়াদৃষ্টে অনুমান হয়, যে একণে তাহার দ্বিতীয়াবস্থা
উপস্থিত। এককালে 'হইতেছে, হউক' আদি বলা রীতি ছিল।
একণে তংপরিবর্তে হচ্ছে, হোগ্ ব্যবহার হইতেছে। "হইতেছে"
ও "হউক" সাধারণের মুখে বহুকাল ব্যবহৃত না হইলে "হছেহে"
ও "হোগ" জনিতে পারে না। হইতেছে ও হউক আবার সংস্কৃত
ভূ ও অস্থাতু হইতে জাত। সংস্কৃত অপদ্রংশ হইয়া কতদিন ব্যবহৃত হইলে হইতেছে বা হউক আদি জনিতে পারে
তাহাও বিবেচনা করিয়া দেখা উচিত। অনুমান সকলেরই আছে;
নিক্ষ অনুমানেও বোধ হইবে যে প্রথমে হইতেছে ও হউক এবং
পরে হচ্ছে ও হোগ বড অম্পা দিনে জন্মে নাই।

দ্বিতীয়তঃ, সকলেই জানেন যে বান্ধালার পূর্দ্ধার্দ্ধে 'হইতে' ও 'কে' অপাদান ও কর্ম্মকারকাদিতে ব্যবহৃত হয় না। 'হইতে' ও 'কে' প্রাকৃত ভাষার প্রথানুসারে গৃহীত হুইরাছে প্রবং অধিকতর পশ্চিমেই অধিক ব্যবহৃত। পূর্বাংশের অপাদান ও কর্মাদির বিভক্তি ভাষার অপরাপর বিভক্তির ক্যায় সংক্ষৃতজাত। তাহাতেই বোধ হইতেছে যে, হইতে ও কে, ব্যবহারের পূর্বের এখানে বরক্ষচির প্রাকৃত হইতে স্বতন্ত্র ভাষা ছিল। যদি তাহা না হইবে, তাহা হইলে বাঙ্গালার পশ্চিম ও পূর্বভাগের কারকাদি স্থাক চিহ্ন পৃথক হওয়ায় কারণ কি? যদি বাঙ্গালা প্রাকৃত হইতে উদ্ভূত অথবা প্রাকৃত ভাষার পরে উৎপন্ন হইয়া থাকে, তাহা হইলে অবশ্যই সর্বত্র প্রাক্ষালার গিলিয় যায়ী বিভক্তি দেখা যাইত। কিন্তু মাগদ হইতে দুরে আসিলে সংস্কৃতামুখায়ী বিভক্তি দেখা যাইতেছে। ইহাতেই বোধ হয়, পূর্বের্ব এখানে বরক্ষচির প্রাকৃত শ্রেণীর বহিত্তি স্বতন্ত্র ভাষা ছিল দ পশ্চিমাংশ নগধের সন্নিহিত হওয়াতে তথাকার ভাষা প্রাকৃত ভাষার সহিত কিঞ্চিৎ মিশ্রিত হইয়াছে। কিন্তু পূর্বাংশে অস্ত্রাপিও প্রাচীন বিভক্তির চিহ্ন বর্ত্তমান আছে।

তৃতীয়তঃ, প্রবাদ বাক্য ভাষার বয়স নির্ণয়ের আর এক উপার। দ্রীলোকেরা সচরাচর বলিয়া থাকে বে "মাঘের জাড়ে মইবের শিং নড়ে"। মাঘ মাসের শীত দেখিয়া এই বাঙ্গালা প্রবাদ প্রচারিত হইয়াছে। একণে মাঘ মাসে শীত কোথায়? যে কালে মাঘ মাসে শীত ছিল অয়ন গণনা ছারা সে কাল অত্যন্ত দূরবর্তী হইবে। এইৰূপ আরও কয়েকটা প্রবাদ বাক্য ছারা ভাষার প্রাচীনত্ব নির্পর হইবে।

চতুর্থতঃ, রোমানেরা খ্রীষ্টীয় শকারন্তের সমীপবর্তী সময়ে বাঙ্গালায় বাণিজ্য করিতে আসিত। তাহাদিগের পু্তুকে বাণিজ্য-দ্রব্য ও ব্যঙ্গালার ভিন্ন ভিন্ন স্থানের নাম দেখা বায়। তাশচর্য্যের বিষয়, বে তাহার মধ্যে কতকগুলি বিশুদ্ধ সংস্কৃত বা প্রাকৃত নহে। সেই সকল নাম দারা বাঙ্গালা ভাষার কেবল পূর্ব্বাবস্থার পরিচয় পাওয়া যায় এরপ নহে, বাঙ্গালার প্রাদেশিক ভাষারও অবস্থা জানা যায়।

পঞ্চমতঃ, অধুনা সাঁজপুজনী, যমপুকুর, ইতুর কথা, খনার বচন, ডাকের বচনাদি যে ভূরি ভূরি প্রাচীন বাঙ্গালা প্রাপ্ত হওরা যায় ভাষা কোন্ সময়ে প্রবর্ত্তিত হয়, কেং প্রবর্ত্তিত করে এবং কেনই বা প্রবর্ত্তিত হয় ভদ্বিষয় যথাযোগা স্থলে লিখিত হইলে প্রকাশ পাইবে যে সেগুলি কত প্রাচীন।

ষষ্ঠতঃ, "ধান ভাস্তে মহীপালের গীত" নামে যে প্রবাদ আছে সেই বহুকালীয় গীতের বিচ্ছিন্নাংশ সকল এখনও বিলুপ্ত হয় নাই। সেগুলি স্পষ্ট বৌদ্ধগীত। শিবগীতের সহিত লোকে মিশ্রিত করিয়াছে।

যখন ভাষামধ্যে প্রাচীন রচনা \* সকল এখনও বর্জ্ঞান, তখন ভদপেক্ষা বান্ধালার প্রাচীনত্বের অধিক স্পন্ট প্রমান কাঁর কি হইবে? যাহা হউক, এভদ্ধারা অনুমান হইতেছে যে, বাঞালা ভাষ্মাবড় আধুনিক নয়। এক্ষণে বর্ণমালার প্রতি লক্ষ্য করা উচিত। অনেকে বলেন যে, আধুনিক দেবনাগর হইতে বাঙ্গালা বর্ণমালার উৎপত্তি। ভাঁহারা যে কেন একথা বলেন, ভাহার কোন কারণ দেখিতে পাওয়া যায় না। যে মহাত্মা ক্ষার প্রদন্ত কোন ক্ষমতা বা অসামান্ত ধীশক্তি বলে মুগ মুগান্তরীয় অক্ষর সকল পাঠ করিয়া ছিলেন সেই মহাপ্রাক্ত প্রিন্দেপই দি স্থির করিয়াছেন যে, বর্ত্ত-মান দেবনাগর বাঙ্গালার পর উৎপন্ন হইয়াছে। বাস্তবিকও ভাহাই বোধ হয়। নচেৎ বেদ ব্যবস্থুত সমস্ত অক্ষর, আধুনিক দেবনাগর মধ্যে না পাওয়া যায় কেন? অপিচ বর্ত্তমান দেবনাগরের পূর্বের ভূরি ভূরি নানাবিধ অক্ষর বাহির হইয়াছে।

<sup>\*</sup>সাহিত্য খণ্ডেপ্রাচীন রচনাদি কালনির্গরস্থাকাশিত হইবে।
† প্রিন্সেপস্ এ্যান্টিকুইটি।

with the

অক্ষরের প্রব্যোজন অতি প্রাচীন কালেই ইইয়াছিল। প্রাণা-য়াম কালে বীজাক্ষরের ধ্যান বিহিত হইরাছে ই। আকৃতি ব্যতীত ধ্যান অসম্ভব। অতএব কোন না কোন প্রান্থে অক্ষরের আকৃতির বিষর নির্নীত আছে। আমরা কেবল কামধেনু তত্ত্বে অস্পেট্ররণে এবং বর্ণোদ্ধার ও তোড়ন তন্ত্রাদিতে কিঞ্চিং স্পট রূপে অক্ষরের আকৃতি বর্ণিত দেখিতে পাই। তাহাতে বাঙ্গালার সহিত বড় অনিক্য হয় না। তন্ত্র মাত্রই আধুনিক নহে। \*

‡ বং ইভি বায়ুবীজং ধূমবর্ণং বামনাদাপুটে বিভিন্তাভ্যাদি।

 ১ম প্রমাণ। বেদে তাত্ত্রিক দেবভার উল্লেখ আছে। অথর্ব বেদ, গোপথ ত্রাহ্মণ, আঞ্চিরদী শৌনকীয় শ্রুভি, প্রত্যঙ্গিরা কম্প ইত্যাকি।

ইয় ি বৈদিকু সন্ধ্যার সঙ্গে সঙ্গেই তান্ত্রিক সন্ধ্যা বিহিত হইয়াছে। যথা——

"উপাস্য বিধিবং সন্ধ্যাং বৈদিকীকৈব তাল্লিকীম্॥"

৩য়। "বিচার্য্য সর্বশাস্ত্রাণি তন্ত্রাণ্যাগমবিস্তরম্।"

ত্রন্ধপুরাণ।

৪র্থ। "ক্রাল ভৈরবঞাপি যামলং বামমাশ্রিভন্।" কুমপুরাণ।

৫ম। "আগনং নিগনং নাথ আছতংসর্কমনুত্রম্।"

ত্রন্ধ বৈবর্ত্ত।

৬ষ্ঠ। এক ভিস্মৃতিপুরাণোপ-পুরাণেসাগমেয়ু চ।

পদাপুরাণ।

৭ম। ''বৈদিকী তান্ত্ৰিকী মিশ্ৰ ইতি মে ত্ৰিবিধে। মখঃ।"

ভাগবত।

৮ম। 'বেদোক্তবিধিনা ভজে আগমোক্তেন বা সুধীঃ।" বরাহ পুরাণ।

৯ম। আগিদস্য ভবান্কতা বেদক্তা হরিস্বয়ম্"

वृह्क्षर्भाश्वतान ।

বেধি হয় অতি প্রাচীন কাল প্রচারিত কোন অক্ষরাবলী অবলম্বন করিয়া বাঙ্গালা অক্ষরের উৎপত্তি হইরাছে। তিব্বত দেশীয় অক্ষরের সহিতও বাঙ্গালা অক্ষরের সাদৃশ্য আছে। বঙ্গদেশ প্রধান বাণিজ্য স্থান ছিল। সাধারণের ক্রেমাগত ব্যবহারে দেই অক্ষর সম্পূর্ণরূপে লিখনোপযোগী হইয়াছে। বহুকাল ব্যবহাত না হইলে আর এরপ ঘটনা হয় নাই। আর্য্যাবর্তের কোন অক্ষরই লিথিবার পক্ষে এতাদৃশ স্থাম নহে। অতএব বাঙ্গালা অক্ষরকে নিতান্ত আধুনিক বলা অত্যন্ত অন্যায়।

প্রথম। তন্ত্রে বাঙ্গালা অক্ষরের কিঞ্চিৎ পরিচয় আচে।

২য়। নাদ বিশ্ব বাঙ্গালা অক্ষর মধ্যে বর্ত্তমান রহিয়াছে। কেহ কেহ কহেন যে, জগন্নাথের মূর্ত্তি প্রাণবের অনুকরণ মাত্র। তাহা হইলে বাঙ্গালা প্রাণবেরই সহিত অধিক ঐক্স হইবে।

১০। 'কাশ্যারে বৌদ্ধ ধর্ম প্রচার সময়ে তত্ত্বোলের্থ। তথাতি কহলন

ক্রিয়ালীলপুরাণোক্তানচ্ছিদয়াগমদ্বিঃ।

এইৰূপ ভূরি ভূরি প্রাচীন এন্থে তন্ত্রের উল্লেখ রহিয়াছে। অপিচ অনেক প্রাচীন বিষয় তন্ত্রাদিতে পাওয়া যায়। পারস্থা দেশে হিন্দুদিগের বিবরণ তন্ত্রে আছে। পারস্যস্থ হেঙ্গলাজ পীঠের ইতিহাস তন্ত্রে পাওয়া গেল।

বুক্ষরস্কুং হিঙ্গুলায়াং ভৈরবো ভীমলোচনঃ।

কোউরী সা মহামারা ত্রিগুণা যা দিগম্বরী ॥ তন্ত্রচুড়ামণি । ইজিপ্ট দেশের অসিরিস ও আইনিসের উংসব, গ্রীশ-দিগের ইলিউসিনিয়ান মিথ্রী, প্রাচীন আসিরীয় ও ব্যাবি-লোনীয়দিগের লিম্ন উংসব, তন্ত্র সম্পর্কীয় । ভিতারীয় পাষাণ-ভড়ে স্কন্দগুপ্তসম্বন্ধে তন্ত্রের বিবরণ খোদিত আছে । কনিংহাম মতে স্কন্দগুপ্ত ২১০ খঃ অন্দে বর্ত্তরান ছিলেন । শক্করাচার্য্যের সময় তন্ত্রের পরিচয় তিনি নিজেই দিয়া গিয়াছেন। সাত্রত্ব তন্ত্র-মাত্র আধুনিক নহে। যেযে তন্ত্রে বর্ণের বিষয় আছে তাহার প্রত্যেক তন্ত্র আধুনিক প্রমাণ না করিলে তাহার মত্ত্র্যাহ্ন ইতে পারে না।

তর। বৃদ্ধদেব বিশ্বামিত্রের সমক্ষে অঙ্গ, বঙ্গ, মগধ, দ্রবিড় দক্ষিণ, দরদ, শ্বস, চীন, হূন, দেব, ভৌমদেব, উত্তরকুৰু, অস্থ্-দ্রুত প্রভৃতি নানা জাতীয় অক্ষর লিখিতে আরম্ভ করিলেন†। এডদ্বারা তংকালে বঙ্গাক্ষরের অন্তিত্ব প্রমাণ হইতেছে। বৃদ্ধ-দেব ৪৭৮ পূর্ব্ব খৃঃ অন্দে ‡ পরলোক গমন করেন। অতএব বঙ্গ দেশীয় বর্ণমালা ৪৭৮ পূর্ব্ব খৃঃ অদ্দে বর্ত্তমান ছিল। ইহা অপেক্ষা প্রাচীনত্বের প্রবল প্রমাণ আর কি হইবে।

৪র্থ। খী ষ্টীয় পঞ্চ শতাকী হইতে দ্বাদশ শতাকী পর্য্যস্ত সময়ের যে সকল মুদ্রা ও তাত্রকলকাদি ভারতবর্ষের স্থানে স্থানে পাওয়া গিয়াছে তাহার ক বঙ্গীয় ককারের সদৃশ।

৫ম। সংগ্ৰ—কালিক অক্ষরসমূহের, দেবনাগরাপেকা বাঙ্গা• লার সহিত∉অধিক সাদৃশ্য আছে।

৬ ছ ি ইওো সামানিয়ান শ্রেণীস্থ মুদ্রাসমূহের 🕲 বাঙ্গালা এর সদৃশ।

৭ম। পালি বা ও বাঙ্গালা বাকারে একতা দৃষ্ট হয়। দেব নাগরের সহিত ডতদূর সাদৃশ্য নাই।

৮ম। মগধরাজ চন্দ্রগুপ্তের মুদ্রাস্থ শকার বাঙ্গালা শকারের স্থায়। গুপ্ত মুদ্রোর জ এবং একার সংযোগও বাঙ্গালার মত।

৯ম। কাশী অবধি কটক পর্য্যস্ত ভিন্ন ভিন্ন সময়ের যে সকল মুদ্রাপাওয়াগিয়াছে,কুটিলা অক্ষর ব্যভীত সকলেরই বকার ত্রিকোন ।

> • ম। বস্থদৈবের নামাক্ষিত মুদ্রার বর্ণের সহিত বাঙ্গালা অক্ষরের অনেক সাদৃশ্য আছে।

† ললিত বিস্তার। (বৌদ্ধগ্রন্থ)

1

‡ গ্রার া ক্রান্ত কনিংছাম প্রাপ্ত প্রস্তরে লিখিত আছে 'ভগবতি পরিনিবৃত্তি সম্বৎ ১৮১৯কার্তিকবদি ১ বৃদ্ধি । পণ্ডিত বাপুদেব স্পানামতে খৃঃ ১৩৪১ অব্দের ৭ অক্টোবর ১ কার্ত্তিকে বুদ্ধার ছইয়াছিল। অভএব এখন বৃদ্ধ নির্বাণ শক ২৩৫৩।

বাঙ্গালার সংখ্যা বোধক চিহ্ন কতদিনের তাহাও দেখা উচিত। তাহাও বড় অম্পদিনের হইবে না।

প্রথমতঃ , বাঙ্গালার ছয় বোধক অঙ্কের আকার পিঙ্গলক্ত প্রাক্ত ব্যাকরণে পাওয়া যায় ।\*

দ্বিতীয়তঃ বাঙ্গালা চারি বোষক চিহ্নের প্রমাণ অংপর এক ব্যাকরণ হইতে পাওয়া যায়। • \*

তৃতীয়তঃ, বাঙ্গালা সাতের পরিচয় বরক্চি কৃত † পত্র কোমুদীতে পাওয়া যায়। জ্রীছরি লিখিবার পূর্কে বাঙ্গালা সাত ব্যবহৃত হয়।

অঙ্গ গুলি বাস্তবিক অক্ষর মাত্র। সমস্ত শব্দটি না লিপিয়া সেই শব্দ মধ্যস্থ একটী সহজ অক্ষর লওয়া হইয়াছে। প্রায় সকল গুলিই আন্তা অক্ষর। বহুকাল লিখিত হওঁয়াতে একণে সরল হইয়া গিয়াছে, সহজে বোধ হয় না। এ হইতে ১, দ হইতে ২, ত হইতে ৩, চ হইতে ৪, প হইতে ৫, ছ হইতে ৬, স হইতে ৭, ট হইতে ৮ ও ন হইতে ৯ হইয়াছে। পূর্ব্ধতন অক্ষর ও অঙ্ক দেখিলে এইগুলি স্পট বোধ হয়। এখন মুদ্রা যন্ত্রের সাহায্যে অক্ষর ও অঙ্ক গুলিকে স্কুদ্র্য করিয়া লওয়া হইয়াছে। সকারের বামদিকস্ক মুখ পূর্ব্বে প্রসারিত থাকিত। প ণ ছ প্রভৃতি অনেক অক্ষর মুদ্রা যন্ত্র প্রভাবে পূর্ব্বাপেকা বিভিন্নাকার ধারণ করিয়াছে।

"ছগুরুবয়ত্বমত্তো অগ্নো হুহোই স্কৃদ্ধ এক্ক অলো।"
 িয়লয়ত প্রাকৃত ব্যাকরণ।

\*\* ন্তনযুগাকতি শ্চতুরক্ষো বিদর্গন্ত।

† "গ্রীমান বরক্চির্মামান তনোতি পত্র কোমুদীন্"।

‡ "অঙ্কুশং প্রথমং দদ্যাৎ মঙ্গলার্থং বিচক্ষণঃ। মধ্যেবিস্কৃ
সমাযুক্তমধঃ সপ্তাক্কবেগজয়েং।
 পত্রকোমুদী

অঙ্কুশ—আঁকুশী।

যাহা হউক, বাঙ্গলা ভাষা, বাঙ্গালা অক্ষর ও অঙ্ক প্রোচীন বলা হইল বলিয়া যে তৎকালে সকলই এক্ষণকার মত ছিল ইহা বলিবার কদাপি অভিপ্রায় নহে। অনেক পরিবর্ত্তনে এই রূপ অবস্থা প্রাপ্ত হইয়াছে। সদ্যোজাত মগথের ভাষা বা দেবনাগর হইতে যে বাঙ্গালা ভাষা বা অক্ষর উৎপন্ন হয় নাই ইহাই বলিবার তাৎপর্য্য। বাঙ্গালার পৃথক্ অক্ষর ও পৃথক্ ভাষা বহুদিনাবধি আছে, এবং সংস্কৃতই তাহার একমান্ত্র মূল। কোন্ শতাকী হইতে কোন্ শতাকী পর্যান্ত ভাষার ও অক্ষরের কিরূপ পরিবর্ত্তন ঘটিয়াছে তাহা সাহিত্য খণ্ডের সাহিত্য বিভাগে প্রকাশিত হইবে।

বাঙ্গালার সাধুভাষা কেবল বিভক্তি বিচ্ছিন্ন সংস্কৃত মাত্র।
যে স্থলে সৃংস্কৃত ভাষার কোন শব্দে বিভক্তি যোগ করিলে তাহার
পরিবর্ত্তন হয় না সেখানে বাঙ্গালা ও সংস্কৃত পৃথক হওরা স্থক
ঠিন। সমাস বাহুল্য স্থলে ও সংঘাধনে প্রায়ই এইরূপ
ঘটনা দেখা যায়। অপর, উভয়ের অধিকরণ কারকে প্রায়ই
একরূপ বিভক্তি এবং কং ও তদ্ধিত প্রত্যান্ত পাদের সহিতও
সময়ে সময়ে ঐক্য হওয়াতে বাঙ্গালার অনেক স্থান সংস্কৃতের
ন্যায় হইয়া উঠে। কিন্তু অপাভাষার সহিত অপেক্ষাকৃত অনেক
অনিক্য আছে।

যাহা হউক কালক্রমে ব্যাকরণ জ্ঞান বিলুপ্ত হওয়াতে সংস্কৃত বাক্য সমূহের বিভক্তিভ্রম ও সহজে উচ্চারণ জন্য স্থান বিশেষে বিশেষ বিশেষ বর্ণাদির বর্জ্জন, পরিবর্ত্তন, সংযোজন ও বিশ্লেষ প্রভাবে বাঙ্গালা ভাষার উৎপত্তি হইয়াছে। যথা রামঃ রাম, হ্লা ছ্লা, বাটী বাড়ী, ধনু ধনুক, রামাগত রাম আগত ইত্যাদি। কোন কোন বাক্য ছুই অথবা তভোধিক প্রক্রিয়া দ্বারা সাধিত, যথা পল্যস্কপালং। এস্থলে বর্জ্জন পরিবর্তন ও সংযোজন তিনই ঘটিয়াছে। এই কয়েকটী উপায়কেই ভাষা সারল্যের কারণ বলিতে হইবে। বিশ্লেষ একমাত্র কারণ নহে। মাতৃষ্পা মাসী, পিতৃষ্পা পিশী, খদিকা থৈ, আতৃ-জায়া ভাজ ইত্যাদি পদ,বিশ্লেষ অবলম্বন করিয়া হয় নাই। কারক ও ক্রিয়াদি বোধক চিহ্ন ব্যাকরণ বিস্মৃত হওয়াতে সংস্কৃত হইতে ভিন্ন হইয়াছে। বাঙ্গালাভাষা সহক্ষে অপভংশের আপাতভঃ এই কয়েকটী সামাত্য নিয়ম লেখা গেল।

১। যদি আত্যবর্ণ অকারাস্ত থাকে তাহা হইলে তৎপরস্থ বর্ণের অবস্থান্তর হইবামাত্র অকার প্রারই আকার হইরা যায়; যথা ছত্র ছাতা। এস্থলে পরস্থিত বর্ণ ত্র হইতে র বিচ্ছিন্ন হইবামাত্র ছ দীর্ঘস্বরাস্ত হইল। এইরূপ পক্ষি পাখী, মক্ষিকা মাছি. পত্র পাতা, বজ্র বাজ, চক্র চাকা, কজ্জল কাজল, পত্র পাকা, গড়ুডলিকা গাড়োল মস্তক যাতা, পদ পা, হস্ত হাত, ইত্যাদি।

২। আজুবর্ণের পরে অনুসার, ণ,ন, ঞ্ বা ও থাকিলে প্রায়ই চক্রবিন্দু হইয়া উচ্চারিত হয়। এবং পূর্বে নিয়মানুসারে আদ্যবর্ণের শেষস্থ অকার স্থানে আকার হয়। যথা বংশ বাঁশ, হংস হাঁস, দন্ত দাঁত, বণ্টন বাঁটা, আমিষ আঁষ, শুড়া শাঁখ, ঝঞ্জা আঁজ, ধুম ধূঁয়া, প্রাম গাঁ, চক্র চাঁদ, বানর বাঁদর ইত্যাদি।

৩। কোন বর্ণের শীর্ষে রেফ থাকিলে প্রায়ই বর্জ্জিত হয়।
যথা শীর্য শীষ, কর্ণ কারে, সর্প সাপ, কার্ত্তিক কার্ত্তিক, চর্ম চাম,
যর্ম ঘাম, পার্ম পাশ, তুর্গা তুর্গা ইত্যাদি। কখন কখন রেফ
রকারও হইয়া থাকে; যথা মূর্য শুরু, সর্যপ সর্যে ইত্যাদি।

৪। রফলা প্রায়ই উচ্চারিত হয় না। যথা স্থা স্থাত স্তো, গাত্র গা, বজু বাজ, যোজুযোত, ছত্র ছাতা,পুত্র পুত ইত্যাদি। রফলা স্থানে রকারও দেখা যায়; আদ্যবর্ণের রফলাই অধিক রকার হয়। যথা, প্রাণ পরাণ, ত্রাণ তরান, ত্রাস তরাস, প্রেড় পেরেড, এই গেরো, ভাদ্র ভাদ্রর ইত্যাদি।

ৈ । ঋকার প্রায়ই ইকারে পরিবর্তিত হয়। যথা সৃষ্টি সিষ্টি, দৃষ্টি দিষ্টি, মৃত খি, কুপণ কিপ্পণ, কুষাণ কিষেণ, বৃন্দাবন বিন্দাবন, বৃত্তান্ত বিত্তান্ত, প্রবৃত্তি পিবিত্তি ইত্যাদি। কিন্তু প্রাকৃত ব্যাকরণামুসারে বৃন্দাবন বৃন্দাবন, বৃত্তান্ত, প্রবৃত্ত পউত্ত হয়। ধাতুমাত্রের ঋকার প্রায় র হয়। যথা কৃত করা

৬। বাক্যের আদাল প্রায়ই নকারের ত্যায় উচ্চারিত হয়। যথা লোক নোক, লক্ষণ নক্ষণ, লভা নতা, লস্কা নস্কা, লবঙ্গ নঙ্গ, লবণ নূণ, লাড নাউ ইত্যাদি।

বা আদ্য ঐকার কখন কখন লোপ হয়। বৈশাথ বশেথ, দৈত্য দন্তি, জৈই জটি, ঐক্য অকি ইত্যাদি। কিন্তু প্রাকৃত ভাষার স্থানে স্থানে ঐকার একার হয়, যথা কৈলাস কেলাস, তৈলোক্য তৈলোক ইত্যাদি।

৮। বাক্যের শেষস্থ ক প্রায়ই গ হইয়া উচ্চারিত হয়। র্যথা বক বগ, কাক কাগ, শাক শাগ ইত্যাদি।

৯। শেষে যফলা থাকিলে তাহার স্থানে ইকার হয়। যথা ঐক্য অকি, বাক্য বাকি, সত্য সন্তি, দৈতা দত্তি, দৌরাত্মা দৌরাত্তি।

১০। অন্ত্য ও প্রায়ই ড় হয়। যথা যও ঘঁড়ি, মুণ্ড মুঁড়, কুণ্ড কুঁড়ে, ভাও ভাঁড়, দণ্ড দাঁড়া ইত্যাদি।

১১। অম্পাক্ষর বিশিষ্ট কোন বাক্যের দ্বিতীয়াক্ষর ত দ বা ধ থাকিলে প্রায়ই তাহার লোগ হইয়া তাহাদিগের স্বরর্দ্ধি হইয়া পূর্ব্ব বর্ণে যুক্ত হয়, যথা দ্যি দৈ, খদিকা থৈ, বধূ বৌ, মধু মৌ, চতুঃ চৌ, যতু যৌ, পাদ গৈ, ছদিস ছৈ ইত্যাদি।

্র । হসন্ত তকারের পর সর্থাকিলে প্রায়ই উভয়ে মিলিয়া ছ হয়
যথা বৎস বাছা,মৎস্য মাছ,কৃৎসা কৃচ্ছা,চিকিৎসা চিকিচ্ছেইত্যাদি।

১৩ । শব্দশেষস্থ অকারের উচ্চারণ হয় না, যথা রাম রাম্ শ্যায় শাম্, দেব দেব্, শিব শিব্ইত্যাদি। ১৪। ক্ষকারের উচ্চারণ থর ত্যায় হয়। যথা,ক্ষেত্র খেৎ, ক্ষণ খণ, ক্ষুর খুর, ক্ষুষা খীদে, ক্ষার খার, ক্ষীর খীর, ক্ষুদ্র খুদে ইত্যাদি।

১৫। যুক্ত বর্ণের প্রায়ই একটা বর্জিত হইয়া উচ্চারিত হয়, যথা নিম্ন নিম, হুগ্ধ হুখ, মুদ্দার মুগুর, বিল্ল বেল, কদস্ব কদ্ম, হস্তা হাতী, সপ্ত সাতি, অফ আটি ইত্যাদি।

১৬। বাতুমাত্র প্রায়ই আকারস্তা বথা, থাওয়া, দেওরা, বাওয়াইভাগি।

বাঙ্গালা ভাষা অবয়ব ধারণ করিলে, পরে প্রাক্ত, পার্কতীয়, পারদী, আরবী, চীন, পোর্জু গাজ, ইংরেজি প্রভৃতি ভাষার
বাক্যাদি মিলিত হইরাছে। কিন্তু তাহাদিগের ভাগ অতি
অপা। যে কারণে, যে সময়ে ও যতগুলি, ভিন্ন ভাষা সম্বন্ধীয়
বাক্য বাঙ্গালায় প্রবেশ করিয়াছে তাহা বিস্তারিভিন্নপে যথান
যোগ্য স্থলে লিখিত হইবে। আদিম অসভ্যের কোন সবিশেষ
বিবরণ পাওরা যায় না। সময়ে সময়ে যে সকল অসভ্য বাঙ্গালার
ভিন্ন ভান স্থানে অবস্থিতি করিয়াছে, তাহাদিগেরই ছই একটা
কথা প্রাদেশিক ভাষায় মিশ্রিত হইরাছে।

কেই কেই অনুমান করিয়াছেন যে তেঁকী, কুলা, ধুচুনি প্রভৃতি কতকগুলি শব্দ আদিম অসভাদিগের ভাষার শেষাংশ। শ্রবণ মাত্রেই ইহা অসঙ্গত বলিয়া বোধ হয়। আর্য্যেরা পূর্বের উদুখল মুম্বল ব্যবহার করিতেন। তাহাই ক্রমে সভ্য হইয়া তেঁকী যন্ত্রের উৎপত্তি হইয়াছে। যন্ত্রাদির নাম অসভ্য ভাষায় থাকা অসম্ভব। তবে কি আর্য্যেরা অসভ্য, ও বাঙ্গালার আদিম অবিবাদিগণ তাঁহাদিগের অপেক্ষা সভ্য ও বিজ্ঞ ছিল ? অসভ্যেরা ফল্ মূল ও মৃগরা দারা প্রাণ ধারণ করে। ক্রবি বাণিজ্যাদি সভ্য জাত্তির কার্য্য। তেঁকী কুলা ধুচুনী তিন্দী কৃষি সম্বন্ধীয় শব্দ —কেবল কৃষি সম্বন্ধীয় নহে, বিলক্ষণ বিলাদেরও লেশ

আছে। বাস্ত টেঁকী দারা পরিক্ত হইলে, তাহা পুন:সংক্রণ জন্ম কুলার আবশ্যক। তাহাতেও যদি শরদ শশীর আলোকরের স্থায় অন্ন শুল বর্ণ না হয় তজ্জন্য তণুল উত্তযরপে বোত করা উচিত। সেই হেতু ধুচুনার প্রয়োজন। এ সকল সামান্য আদিম নিবাসীর ভাবা নহে। ইদানীস্তান কালের প্যারিস্নারীস্থ লোকের স্থায় আদিম নিবাসী হইলে হইতে পারে। অবিকল্পে এই তিনটী শব্দই সংকৃত মূলক। এবং সংকৃত মূলক বলিয়া অনায়াসেই বোধ হয়। শব্দার্থ ধ্রেক্ ধাতু হইতে ঢেঁকী, সংঘাত ও রাশী করণার্থ কুল ধাতু হইতে কুলো ও ধেতিক্রণার্থ ধাব ধাতু হইতে ধুচুনী হইয়াছে।

কোন বিজ্ঞ বিজাতীয় পণ্ডিতের মতে শ্বিরীকৃত হইয়াছে যে, পেট, ভেড়াই পোনে, খুঁটা আদি কতকগুলি শব্দ সাঁওতালী ভাষা হইতে গৃহীত। এই মত অবলম্বন করিয়া অনেকে বাঙ্গালাকে সাঁওতালী হইতে জাত কহেন। কি আশ্চর্যাঃ সংস্কৃত ব্যতীত ইহার একটীও সাঁওতালী কথা নহে। সংস্কৃত অপভ্রম্ট হইয়া বাঙ্গালায় প্রবেশ করিয়াছে এবং বাঙ্গালা হইতে সাঁওতা-লেরা এইণ করিয়াছে। সাওতালদিগের হইতে বাঙ্গালায় গৃহীত হয় নাই।

"পেট"—সংকৃত "পিচিও" হইতে জাত। ইহা সকলেই জানেন এবং সংকৃত অভিধান মাত্রেই আছে। "পিচিও কুন্ধী জঠরোদরং তুন্দমিত্যমরঃ।"পিচিও হইতে পেট,কুন্ধী হইতে কোঁক, জঠর হইতে জটর ইত্যাদি হইয়াছে।

"ভেড়া"—'মেনু' হইতে জাত। ''মেনুে বিলোৱনো নিয় মেয বৃষ্ণরএড়কাং"ইভাষরঃ। সংস্কৃত মেনু, উড়িয়া মেনুনা বা মেনুনা, বাঙ্গা-লাভাষায় কোন প্রদেশে মেড়া, কোন প্রদেশে ভেড়া ও কোন প্রদেশে ভোড়া বলে। ভেড়ার সংস্কৃত আর এক নাম "এড়ক"। "পেনি"— সংস্কৃত 'পাদোন' হইতে পৌনে। আমরা কথা বার্ত্তায় পৌনে বলি কিন্তু শুদ্ধ ভাষায় লিখিবার সময় পাদোনই ব্যবহার করি। পাদোন ঐ পৌনে অর্থে জ্যোতিবের সহস্র সহস্র স্থানে ব্যবহৃত হইয়াছে। সংস্কৃত ভাষায় উন শব্দ প্রয়োগ আশ্চর্য্য নহে, উনবিংশতি উনত্রিংশৎ উনপঞ্চাশৎ ইত্যাদি সকল স্থলেই উন রহিয়াছে। অত্যাপ অবশিষ্ট থাকিলে উন প্রয়োগ করিয়া সম্পূর্ণ পদার্থের উল্লেখ করা রীতি।

শুঁটা খোঁটা—প্সুভাবার্থ খুণ্ড গাতু হইতে খোঁটা খুঁটা আদি হইয়াছে। "খুণ্ড" "খুড্" বা খুড়ি" হইতেই আবার খুড়ো ইইয়াছে। যথা, থাটের খুড়ো।

যত—যদ শব্দ হইতে যে পরিমাণ ইত্যর্থে ব্যবহৃত হয়। যত বলিতে দকল বুঝায় না।

বাঙ্গালার সহিত অসভ্য ভাষার ব্যাকরণ ঘটিত কোন সম্বন্ধই নাই। দুই চারিটি কথা অবলম্বন করিয়া মীমাংসা করিতে যাওয়া উচিত নহে। বিশেষতঃ সে কথা গুলিও স্পাফী সংস্কৃত। অতএব বাঙ্গালা ভাষা অসভ্যজাত নহে।

# তৃতীয় অধ্যায়।

বিভক্তি প্রয়োগ বিষয়ে সংস্কৃতের সহিত সম্পূর্ণ ঐক্য।

সংখ্যা ও কারক বোধক চিহ্নের নাম বিভক্তি। বিভক্তি সাত প্রকার; যথা, প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থা, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী।

প্রথম-বাঙ্গালায় প্রথমাবোধক কোন চিহ্নই নাই। সংক্ষৃত

প্রথমার এক বচন প্রায়ই বিভক্তিচ্যুত হইয়া বাঙ্গালায় প্রথমার একবচনের কার্য্য করে। অভিধেয় মাত্রে, কর্ত্তায় ওসম্বোধনে প্রথমা হয়। যথা, বৃক্ষ, জল পড়িভেছে, হে পুত্র ইত্যাদি।

দিতীয়—সংস্কৃত দিতীয়ার একবচন বিভক্তিচাত হইয়া বাঙ্গালার ব্যবহৃত হয়। দিতীয়ার কোন নির্দ্ধিট বিভক্তি নাই। কর্ম কারকে, ক্রিয়াবিশেষণে, ব্যাপ্তি অর্থে, অধ্ববাচক ও কাল-বাচক শব্দের উত্তর এবং ধিক্ ও বিনা যোগে দিতীয়া বিভক্তি হয়। যথা, জল লইতেছে, মধুর হাসিতেছে, এক ক্রোশ জঙ্গল রহিরাছে, একমাস পডিতেছে, রূপণকে ধিকু, শ্রম বিনা ফল হয় না।

কে—কে ও রে দিতীয়ার বিভক্তি নহে। "প্রাক্ টেরক্
স্বার্থে"প্রাতিপদিকের টির পূর্বে অক্ হর; যথা, কন্সা এব কন্সকা।
এই কক্রের অনুসরণ করিরা আমাকে তোমাকে তাহাকে ইত্যাদি
বাক্যের 'ক' আগম হইয়াছে। বস্তুতঃ 'ক" বা'কে' কারক বিজ্ঞাপক
চিত্র কদাপি নহে। প্রথমতঃ, কর্ম্মকারক স্থলে আমরা যে 'কে'
ব্যবহার করিয়া থাকি তাহা কর্ম কারকের বিভক্তি স্বরূপে ব্যবহৃত
হয় না। তাহা হইলে কর্ম্ম কারক মাত্রেই 'কে' দেখিতে পাওয়া
যাইত। কিন্তু বৃক্ষচ্ছেদন কর, অন্ধ আহার কর, তিনি অর্থ গ্রহণ
করিয়াছেন, এম্বলে কর্ম্ম কারকে কে যোজিত হয় না। বিশেষ অনুধাবন করিয়া দেখিলে বোধ হইবে যে, বস্তু বা ব্যক্তি, বিশেষরূপে
নির্দ্দেশ করিতে হইলেই আমরা তদর্থে 'কে"ব্যবহার করিয়া থাকি—
কর্ম্ম কারকের জন্ম নহে। কার্য্য স্থলে ব্যক্তি নির্দ্দেশ সর্কতোভাবে কর্ত্রব্য এবং কর্ত্তা ও কর্ম্মের পৃথক করণার্থ একটী চিহ্ন
পাওয়া আবশ্যক বলিয়াই সর্কান ব্যক্তিবাচক শব্দের উত্তর কে
দেখিতে যায়। যথা রাম, হরিকে ডাক।

যথন নৈয়ক্তি ব্যতীত অপর পদার্থ নির্দেশ করিতে হয় তথনও এই রূপ হইয়া থাকে। যথা, সেই শুকটীকে ছাড়িয়া দাও। অপিচ "কুকুর মার কেন" বলিলে সামান্ততঃ সকল কুকুরকে প্রহার করা বুঝায়। কিন্ত "কুকুরকে মার কেন" বলিলে কোন পোষা কুকুরের প্রতি লক্ষ্য করিয়া বলা হইতেছে স্পট্ট প্রকাশ शांत्र। উদ্ভিদ ও স্মচেতন পদার্থ স্থালেও এইরূপ হয়। यथा, সামান্ততঃ বলিতে গেলে''গাছ কাটিবে" বলা যায় ; কিন্তু নিৰ্দ্দেশ স্থলে ''গাছটাকে কাটিবে" বলা ব্যবহার আছে। 'দোণা আনিয়াছ' ও 'দোণটোকে আনিয়াছ' বলিলে এক স্থলে অনির্দিষ্ট ও অপর স্থলে নির্দ্দিট সোণা বুঝার। দ্বিতীয়তঃ, কেবল কর্মকারকেই কে দেখিতে পাওয়া যায় এরপ নহে। পশ্চিমাংশের অনেক স্থানে অনেক সময়ে প্রায় সর্ব্বকারকেই 'কে' দেখা বায়। কর্ত্তপদে "ক" ষথা, আমাকেই পাক করিতে হইল। কর্ম্যে যথা, তুমি রামকে দেখিয়াছ। করণে যথা, লাঠিকে করে মেলে। সম্প্রদানে, যথা, আমাকে পুস্তক দাও। অপাদানে বথা, গাছকে হতে নাম। অধিকরণে। যথা, সাঠকে যা ইহাতেই বোধ হয় ''কে''কর্ম্ম কারকের চিহ্ন কদাপি হইতে পারে না। তৃতীয়তঃ, যদি কে কর্মকারকের চিহু হইত তাহা হইলে ইহার ব্যবহার বাঙ্গালার সর্বতি দেখা ষাইত। কিন্তু প্রায় বাঙ্গালার অর্ধভাগের লোক "কে" ব্যবহার করে না। পূর্ব্বাংশের প্রায় সমস্ত লোক "কে" স্থলে রে ব্যবহার করে। স্থতরাং কে, কর্মকারকের বা দ্বিতীয়া বিভক্তির চিহ্ন কোন প্রকারে হইতে পারে না।

স্বার্থেক প্রত্যের হইতে "কে" উদ্ভূত হইরাছে। সংস্কৃত অপেক্ষা প্রাক্ত ভাষার ইহার ব্যবহার অধিক দেখা যায়। এবং সর্ব্বাপেক্ষা শকারি ভাষার অধিক। ক্রমশঃ এইরূপ বাহুল্য প্রদান হওরাতে মধ্য সময়ে আর্য্যাবর্ত্তের প্রার সর্ব্বতি কে, ব্যবহার হইতে লাগিল। বাঙ্গালার পশ্চিমাংশ মগধের সন্নিরুষ্ট হওরার প্রাকৃত ভাষার অনুকরণ করিয়াছে। ভাষার উন্নতি, প্রস্থাদি রচনা, পুস্তকাদি মুদ্রাঙ্কন প্রস্তৃতি সমস্ত কার্য্য বাঞ্চালার পশ্চিমাংশ হইতে হয়। এজন্য সকল প্রস্তেই কে ব্যবহৃত দেখা যায়, এবং তাহাই একণে হুসভ্য প্রথা হইয়া গড়িয়াছে। পূর্ব্ব দেশের প্রতাপ অপ্পাবলিয়া গ্রন্থাদিতে ''রে" ব্যবহার অপ্পা।

"রে" কর্ত্তা ও কর্মা উভয়ই বিভক্তি শৃত্য হওয়ায় পৃথক করণার্থ একটা চিহ্নের প্রয়োজন হইয়া উচিল। আপনা হইতে
পরকে পৃথক করণার্থে সম্বোধনের চিহ্ন প্রথমে যোজিত হয়।
সেই হেতু কর্ত্তা ও কর্মা উভয়ে এক ভাবাপন্ন হইলে সম্বোধনের
চিহ্ন দ্বারা কর্মা পৃথক হইয়া পড়িত। কোন কোন প্রদেশে "হে"
পদ দ্বারা কারক পৃথক হয়। কিন্তু ভাহাদিগের ভাগ অভি অপপ
এবং সে সকল লোকও প্রায় অসভ্যের মধ্যে গণ্য। পূর্বের
বাস্থালার অমেক স্থানে "রে" দ্বারাই কর্ত্তা কর্মা পৃথক হইত। সেই
প্রাচীন ব্যবহার এক্ষণে পূর্বে দেশাদি স্থানে আছে।

সংস্কৃত ভাষায় অবজ্ঞা স্থলে সম্বোধনে রে হয়। গোড়ীয় ভাষাতেও সেই প্রথা প্রচলিত আছে। "অরে" "হারে" ইতাদি শব্দ নীচ ব্যক্তির প্রতিই প্রয়োগ হয়। কখন কখন অতি প্রিয়ণ্ডর ব্যক্তিদিগের প্রতিও অবজ্ঞা স্থচক শব্দ প্রয়োগ ইয়া থাকে। সম্ভান ও নিতাম্ভ আত্মীয় বন্ধুবান্ধবাদি এবং কখন কখন দেব দেবী পর্যান্তও অবজ্ঞাস্থচক শব্দে অতিহিত হন। যথা, 'তুই শিবকে কল্লি শাশানবাদী'।

এ সময়ে ইহাদের আর তাদৃশ কার্কশুভাব থাকে না, ক্রমশঃ
মধুর হইয়া উঠে। রে পদের ব্যবহার এইরপে প্রচলিত হয়। বাস্তবিক "রে" সম্বোধনের চিহ্নমাত্র। নিম্নলিখিত দৃষ্টাস্তে স্পাষ্ট অনুভূত হইবে।

'' যড়প্রতিরে খেলিতে আর যেওনা নগরে ! আমি সইতে নারি বারণ করি ভোরে"॥ রে, প্রথমে মধ্যম পুরুষ, পরে প্রথম পুরুষে ব্যবহৃত হইয়া বিজ্ঞান্তির ন্থায় হইল। সময়ে সময়ে উত্তম পুরুষেও ব্যবহৃত হয়; রথা, আমারে করিতে হইবে। "কে" ভাষা মধ্যে প্রবিষ্ট হওরায় "রে" ব্যবহার অনেক হ্রাস হইল। পূর্ব্ব দেশে আবাল বৃদ্ধ বনিতা রে ব্যবহার করিয়া থাকে। এক্ষণে পদ্যের অনুরোধে অনেকে "রে" ব্যবহার আরম্ভ ক্রিয়াছেন।

যাহা হউক ব্যক্তিবাচক শব্দের উত্তর কর্মকারকে কে ও 'রে' প্রদেশ ভেদে সর্বদা ব্যবহাত হয়। কিন্তু ইহারা কর্ম্মের চিহ্ন নহে। এজন্য কোন কোন স্থলে ইহাদিগকে দেখা যায় না। যথা—

''যাই আমি বুন্দাবনে, শ্রামটাদ দরশনে"।

গত্তে— আমরা রাজা দেখিতে গিয়াছিলাম ইত্যাদি।

কর্ম ও সম্প্রদানে যে কখন কখন ''র" দেখিতে পাওুরা যার ভাছা ''রে" হইতে উংপন্ন। সকল ''র" অধিকরণ হইতে উদ্ভূত নহে। ''রে" কর্কশ ভাব পরিত্যাগ করিয়া অনেক সময়ে য়কারে পরিবর্ত্তিত হয়। সে কেবল অধিকতর মধুরতার জন্য। যথা—

''কি ধন আছে বল দিব হে ভোমায়"।

তৃতীয়—তৃতীয়ার বিশেষ কোন বিভক্তি নির্দ্ধি নাই। দ্বারা, দিরা, করিয়া, কর্ত্ত্ব ও কখন কখন একার সংযোগে তৃতীয়ার কার্য্য হয়। করণে তৃতীয়া হয়।

চতুর্থ—চতুর্থী বোধক কোন চিহ্নই নাই। কেবল কে, রে, য়, ছেতু, নিমিত্ত, জন্ম, কারণ, প্রযুক্ত, বশতঃ, ইত্যাদি স্থল বিশেষে প্রয়োগ হয়। কিন্তু ছেতু আদি কতকগুলিকে পৃথক জ্ঞান করিয়া তৎপূর্কে সম্বন্ধের বিভক্তিও যুক্ত হইয়া থাকে। সম্প্রকানে, নিমিত্তার্থে, নির্ত্তি অর্থে নিবর্ত্তনীরের উত্তর ও নমস শব্দ যোগে চতুর্থী হয়। যথা আমাকে আমারে বা আমীয় দাও , মূপ নিমিত্ত কাষ্ঠ বা মূপের নিমিত্ত কাষ্ঠ, রোজছেতু, রোজ নিমিত্ত, রেক্তি জন্ম, রেক্তি কারণ, রেক্তি প্রযুক্ত, রেক্তিবশতঃ ছত্র আনিলাম, অথবা, রেচিত্রের জন্ম ছত্র আনিলাম; গুরুকে নমক্ষার।

পঞ্চম—পঞ্চমীব রীতিমত বিভক্তি নাই। প্রাক্তিত ভাষা হইতে 'হইতে' গৃহীত হইয়াছে। পূর্ব্বে পঞ্চমীতে সংস্কৃত জাত 'থেকে' 'থনে' আদি প্রাদেশ বিশেবে ব্যবহৃত হইত। অপভাষার 'হোনে' প্রাকৃত জাত। অপাদানে, সংস্কৃত ল্যুরোপের অনুকরণ করিয়া অধিকরণে, এবং কাল ও অধ্ব পরিমাণার্থে পঞ্চমী হয়। যথা গৃহ হইতে আসিতেছে; সিংহাসন হইতে দেখিতেছে অথবা সিংহাসনে বসিয়া লেখিতেছে; মাঘ হইতে চৈত্র পর্যান্ত, কলিকাতা হইতে হুগলী ১২ ক্রোশ ইত্যাদি।

তুলনাস্থলে নিরুক্টের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। বথা, বন হইতে, বিল্ল ভাল। কখন কখন পঞ্চমী বিভক্তির পরিবর্ত্তে 'অপেক্ষা' 'চেয়ে' ও 'করিতে' প্রয়োগ হয়। বধা, রাম অপেক্ষা রাম চেয়ে বা রাম করিতে শ্যাম ভাল। অপেক্ষা পদ পূর্ণ সংস্কৃত, অপ-পূর্ব্ব দিক্ষ ধাতু হইতে উংপন্ন। চেয়ে ইক্ষ ধাতুর রূপান্তর মাত্র। দর্শনার্থ চক্ষ ধাতুর উত্তর স্থাচ প্রভায় করিয়া ভাহারই অপঅংশ হইতে চেয়ে হইতেছে। রাম চেয়ে অর্থাৎ রামকে দর্শন করার পর শ্যামকে ভাল বোধ হইতেছে। করিতে ক্বত্বা হইতে জাত। রাম করিতে শ্যাম ভাল অর্থাৎ রামকে বিবেচনা বা রামের সহিত তুলনা করনানন্তর শ্যামকে ভাল বোধ হইতেছে। চেয়ে ও করিতে ক্বৎ প্রভায়ান্ত পদের অপভংশ মাত্র।

অন্তার্থ শব্দের যোগেও পঞ্চমী দেখিতে পাওয়া বায়।
যথা, তোমা হইতে অন্ত ভালবাদা আর কে আছে; তোমা হইতে
অপর বন্ধু আর কেহই নাই। কখন কখন ভিন্ন ও ছাড়া আদি
পদও ব্যবস্থাত হয়। তুমি ভিন্ন, বা তুমি ছাড়া অন্য প্রিয়তর
ব্যক্তি কেহই নাই। ভিন্ন পূর্ণ সংক্ষৃত বাক্য। বর্জ্জনার্থ ছিদ ধাতুর

উত্তর জ্বাচ প্রকাষ করিয়া তাহারই অপত্রংশে ছাড়া হইয়াছে। ভূমি ছাড়া অর্থাৎ তোমাকে বর্জন করিয়া আন্দ্য প্রিয়তর ব্যক্তি কেহই নাই।

পৃথকু শব্দের যোগে পঞ্মী হয়। কিন্তু বিনাশন থোগে কোন বিভক্তিই যোজিত হয় না। যথা ধান্য হইতে পৃথকু; আম বিনা বিদ্যা হয় না।

যন্ত —রকার বন্তীর চিহ্ন স্বরূপ। সংস্কৃতের অপভংশ বা প্রাক্ত ভাষা হইতে ইহার উৎপত্তি।

টামোর্ণঃ। অতোহনস্তরং টামোস্থ্ তীয়েকবচনষষ্ঠীবহুবচন-त्यार्गकरताच्यकोणि वतकिः; यथा, अश्लोनेश मालानेश नइनेश ইত্যাদি। সংস্কৃত ভাষার ষষ্ঠীর বহুবচনে 'নাম' উৎপন্ন হয়। বাঙ্গালা ভাষায় সচরাচর অনুস্বর বা মকার চন্দ্রবিন্দ্র হইরা উচ্চারিত হয়। ষ্ঠার বহুবচনস্থ এই ৭ঁ বা নাঁ হইতে রকারের উৎপত্তি। নকার অহরহঃ রকারে পরিবর্ত্তিত হইতেছে।পূর্ব্ব দেশস্থ লোকে অনেক সমরে ন স্থানে র উচ্চারণ করে। তথাকার মাল্লারা নদে, না नविषी शांति छेक्रांतर्ग कतिए तर्म व। तविषी छेक्रांवर्ग करते। উডিয্যাবাদী লোকেরা লবণ লবড় ইত্যাদি অনেক ণকার-স্থানে ডুকার করিয়া থাকে। অপিচ খনন হইতে খোডা আদি কথাও এইরপে নকারস্থানে রকার হইয়া হইয়াছে। ভাছাতে ণ বা না স্থানে যে র হইবে তাহার আক্রিট্য কি। ভারতবর্ষের অধিকাংশ লোকে মূর্দ্ধণ্য ণকার ভূঁকারের ন্যায় উচ্চারণ করে। ষষ্ঠার বহুবচনে নদানা বা নইণ স্থলে নদীর, অগ্নীনাঁ বা অগ্নীণ স্থলে অগ্নির আদি ব্যবহার এইরূপে বাঙ্গালায় প্রচলিত হইল। বাঙ্গালা ভাষায় বিভ-ক্তির অভাব জন্য অধিকাংশ বাক্যই একবচন বা বহুবচনে সম-ভাষাপন্ন থাকে। কালে রকার একবচন ও বহুবচন উভয়েতেই প্রয়োগ হইতে লাগিল। বাঙ্গালায় বন্ধী বিভক্তির ভূরি প্রয়োগ্

দেখা যায়। যে কোন কারকই হউক না কেন ছুইটা পদ সন্নিক্ষ হইয়া কিঞ্ছিৎ সম্বন্ধের সম্ভাবনা থাকিলে তৎক্ষণাৎ যধী বিভক্তি যোজিত হয়।

শব্দের বর্তী বিভক্তি হয়। যথা আমার পুস্তক। কং প্রত্যয় প্রয়োগে কর্ত্তায় বর্তী হয়। যথা রামের যাওয়া হয় নাই। কিন্তু সকল কংপ্রত্যর প্রয়োগে হয় না। তাহার নিয়ম প্রায়ই সংস্কৃতের মত। কখন কখন কর্ত্তায় বিকশ্পে বর্তী হয়। যথা গুরুকর্তৃক শিষ্যের প্রশংসা। তুল্যার্থ শব্দ যোগে ষত্তী হয়। যথা আমার সম, তোমার তুল্য, তাহার মত, উহার সদৃশ ইত্যাদি। আশীর্ষাদ অর্থে অনেক স্থলে বর্তী হয়। যথা রাজন্তোমার মঙ্গল হউক। দূরার্থ শব্দযোগে পঞ্চমী ও বতী এবং অন্তিকার্থ শব্দ যোগে প্রায়ই বর্তী হয়। যথা নগর হইতে দূরে বা নগরের দূরে, প্রামের নিকটে ইত্যাদি। নিমিত্রার্থ শব্দ যোগেও সময়ে সময়ে বর্তী হয়। যথা কিসের নিমিত্ত, কিসের হেতু, কিসের জন্ম ইত্যাদি। দিখাচক দেশবাচক ও কালবাচক শব্দের যোগে অনেক স্থলে পঞ্চমী না হইরা বর্তী হয়। যথা গ্রামের পূর্বভাগে মিথিলা; শ্রনের পর ইত্যাদি।

নপ্তম—নপ্তমীর সংস্কৃতজাত অতি উংক্ট বিভক্তি আছে।
ই, য়, ত সংস্কৃত মূলক। অধিকরণে এবং নির্দ্ধারে মধ্যশক যোজিত
ইইয়া তাহাতে সপ্তমী বিভক্তি ইয়। যথা জলে অবগাহন
করিতেছে, মনুষ্যমধ্যে বলবান্ ইত্যাদি। অনেক সময়ে মধ্যকে
পৃথক জ্ঞান করিয়া ভৎপূর্বস্থ পদে ষ্ঠীর বিভক্তি যুক্ত হয়। যথা
মনুষ্যের মধ্যে বলবান্।

অতএব দেখা গেল বিভক্তি প্রায়োগ সংক্ষৃতানুষায়ী ও বিভ-ক্তির চিষ্ণ সংক্ত মূলক। এবং প্রাকৃত বা অপর ভাষার সহিত ভাহার সম্বন্ধ অভি অপ্পা।

## ষষ্ঠ অধ্যায়

#### কারক।

Ę,

ক্রিয়াম্বরী পদের নাম কারক। কারক ছয় প্রকার; যথা কর্ত্তা, কর্মা, করণ, সম্প্রদান, অপাদান, ও অধিকরণ।

### কর্তা ও তাহার চিহু।

ক্রিয়ার সম্পাদক, প্রধোজক অথবা নিবর্ত্তকের নাম কর্তা।
যথা, তিনি ভোজন করিতেছেন, তিনি ভোজন করাইতেছেন অথবা
তিনি ভোজন করিতেছেন না।

- >। কর্ত্তার প্রথমা বিভক্তি হয়। বাঙ্গালার প্রথমা বিভক্তি
  নাই। সংস্কৃত কর্ত্ত্পদই উচ্চারণ দোবে কোন কোন স্থানে
  বিভক্তি বর্জ্জিত হইয়া বাঙ্গালার কর্ত্তারপে গৃহীত্ব হয়। যথা
  রাম গ্রামে গমন করিতেছে, সম্রাট্ আসিতেছেন।
- ২। সময় বিশেষে কর্ত্তায় বিভক্তি হয়। বাঙ্গালায়
  সংক্ষৃত তৃতীয়া বিভক্তির 'এ' কার মাত্র চিহ্ন থাকে। সংকৃত
  হইতে ভাষা জন্মিবার সময় কর্মণিবাচ্যের অধিক ব্যবহার ছিল।
  তদমুদারে কর্ত্তায় তৃতীয়ার বিভক্তি মুক্ত হইয়াছে। সর্বনাম ও
  ক্রিয়া প্রকরণে এই বিষয় বাহুল্যরূপে, লিখিত হইবে। একার
  আকারের পর হইলে উচ্চারণ সময়ে য়কার হয়। কোন্ কোন্
  স্থলে যে, কর্তায় তৃতীয়া বিভক্তি হয় তাহার কোন নিরপণ
  নাই। এক্ষণে ইতর জন্তর প্রতিই প্রায় তৃতীয়া প্রয়োগ হইয়া
  থাকে। কিন্তু পূর্কে মনুষ্য সয়য়ে পুনঃ পুনঃ ভৃতীয়া ব্যবহৃত
  হইত। যথা প্রাচীন বাঙ্গালায়——
  - " ভরা হইতে শৃত্য ভাল যদি ভরিতে যায়।
  - আগে হইতে পাছে ভাল যদি ডাকে মায়॥"

এন্থলে মা পদের পরিবর্ত্তে মায় ছইয়াছে। কঁখন কখন য়কার সত্ত্বেও একার যোগ ছইয়া থাকে। যথা—

#### "অবুতর গিরিস্থত মায়ে বলে পড় পুত।"

मा वटल हेजार्थ भारत वटल इहेतारह । अथन अ 'लारक वटल' 'রাজায় খাজনা চায়' ইত্যাদি প্রয়োগ আছে। কেও রে প্রয়োগ দ্বারা কর্মপদ কর্ত্তা হইতে প্রথক করিবার উপায় হওয়াতে কর্ত্তায় একার সংযুক্ত করা ক্রমশঃ হাস হইয়া আসিল। কিন্তু ইতর প্রাণীর প্রতি কে ও রে কর্মকারকে সচরাচর প্রয়োগ হয় না। তজ্জন্য সাপ, বিজি খেঁয়ে ফেলালে বলিলে ভক্ষ্য ও ভক্ষক পৃথক হওয়া স্থকচিন। এন্থলে কর্ত্তা ও কর্ম উভয়ই বিভক্তি শৃত্য। কিন্তু কর্ত্তায় একার যুক্ত করা প্রথা থাকাতে আর কোন গোল-रवांग इत्र ना । वथा, जारेश विक्ति (थरत क्लारल । शूर्वकारल কর্ত্তার চিহ্ন একার ছিল, কিন্তু শ্রেষ্ঠ প্রাণী মধ্যে কর্ত্তা ও কর্ম পৃথক করিবরে উপায় হওয়াতে এক্ষণে কেবল নিরুষ্টের প্রতিই একার ব্যবহার আছে। ধথা ঘোড়ার ঘাদ খার, গাধার চালা বর, শৃগালে শব্দ করে, বানরে উৎপাত করে ইত্যাদি। উকারাম্ভ শব্দের পর একার যোজনা করা স্থক্ঠিন। তজ্জ্ব্য অধিকরণের নিয়**মানুসারে ইকারান্তাদি শব্দের** পর কর্তায় তে' যোজিত হয়। যথা, বুলবুলিতে ধান খায়, গৰুতে ছুগ্ধ দেয় ইত্যাদি।

্ত। অনেক ক্লং প্রত্যের যোগে কর্ত্তার ষষ্ঠী হয়। দে স্থলে ক্লংপ্রত্যেয়ান্ত পদটীর বিশেষ্যের ন্যায় ভাব হইয়া থাকে। যথা, আমার যাওয়া হয় নাই।

৪। কোন বিষয় দৃঢ়ীকরণার্থ প্রযোজ্য প্রযোজকের কিঞ্চিৎ আভাস রাশিয়া কর্ত্তায় কে, রে বায় যুক্ত হয়। যথা তোমাকে

পূর্বের একটি সংস্কৃত কবিতা বলা প্রথা ছিল। তাহাই
 প্রীমার সহিত মিপ্রিত হইয়া গিয়াছে। সংস্কৃত কবিতা ফথা—
 প্রবিত্বো গিরিস্থতা শশিভৃতঃ প্রিয়তমা।
 বস্তু মে হাদি সদা ভগবতঃ পদয়ুগয়্॥

ক্রামারে বা ভোমায় অবশ্য এ কার্য্য করিতে হইবে; আপনাকে একবার তথায় যেতে হচ্ছে।

কর্মা ও তাহার চিহু।

किया बांबा बाकांख शदनत नाम कर्म।

সংস্কৃত কর্মকারকই বিভক্তি বিভ্রুট হইয়া বাঙ্গালায় কর্ম সপে গৃহীত হয়। যথা, পুষ্পং চিনোভি, পুষ্পা চয়ন করিতেছে, শাখাং ছিনতি, শাখা ছেদ করিতেছে। কোন ব্যক্তিবাচক শব্দ কর্মস্থলে গৃহীত ইইলে ভত্তুর স্বার্থে কে' প্রতায় হয়। ভারত বর্ষের অনেক স্থলেই এইরপ ব্যবহার আছে । প্রাক্ত ভাষাই ইহার মূল। পূর্বে প্রদেশে কে' স্থলে 'রে' ব্যবহৃত হয় এবং কখন কখন মকারও সংযোজিত দেখা যায়। যথা, তোমানুক তোমারে বা তোমায় তিনি কি বলিয়াছেন? ইতর প্রাণীর প্রতি বক্তার অভিপ্রায়াত্মনারে কে প্রয়োগ হয়। যথা গব্দ ছাড়িয়া দাও, গব্দকে ছাড়িয়া দাও বা গব্দকৈ ছাড়িয়া দাও।

বেখানে কোন ক্রিয়ার ছুইটী কন্দ্র উপস্থিত হয় সেখানে ব্যক্তিবাচক শব্দে ধ্যরপ কে প্রায়োগ হয় তদ্রপই হইয়া থাকে। যথা, তিনি আমাকে নগর দেখাইয়াছেন। গোণকর্ম্ম হইলেই যে ততুত্তর 'কে' হয় ও মুখ্যকর্ম হইলে যে হয় না এরপ নহে। ব্যক্তিবাচক শব্দ থাকিলেই 'কে' প্রয়োগ হয় যথা, তিনি আমাকে রামকে দেখাইয়াছেন। কে দ্বিতীয়ার বিভক্তি নহে। তজ্জ্ব্য দ্বিকর্মকাদি স্থলে যদি ব্যক্তিবাচক শব্দ না থাকে তাহা হইলে বক্তা ইচ্ছানুসারে একটা কর্ম্মের স্থলে সম্ভব্যত অপর কারক ব্যবহার করিয়া থাকেন। যথা তিনি বৃক্ষ হইতে পুত্রস

<sup>ি</sup> হিন্দিভাষায় কো, উড়িয়াভাষায় কু, তেলগুভাষায় গই, ভিন্দভীভাষায় গয়া বা গি, মহারাঙ্কীয় ভাষায় লগী ইত্যাদি।

চয়ন করিতেছেন, রাম গৰুর ছুগ্ধ দোহন করিতেছে, শ্রাম ধার্থ গৃহে লইরা বাইতেছে ইত্যাদি।

#### করণ ও তাহার চিহ্ন।

ক্রিয়ার উৎকৃষ্ট সাধকের নাম করণ। করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়। সচরাচর করণ কারকে দ্বারা শব্দের ব্যবহার দেখাবায়। দ্বারা শব্দ সংস্কৃত মূলক।

''দ্বাঃ উপায়ে। যথা জ্ঞান দ্বারা ভবেন্ম জ্রিরতি শব্দার্থ চিস্তামণি'
'দ্বারা''ব্যতীত করণ কারকে 'করিয়া' 'বাড়ী' 'লইয়া' আদি স্থলবিশেষে যোজিত দেখা যায়। কর্তৃক হইতে করিয়া, বর্দ্ধিত হইতে
বাড়াইয়া বা বাড়ী ও নীত্বা হইতে লইয়া হইয়াছে। সচরাচর করণ
কারক স্থলে যে 'দিয়া' শুনিতে পাওয়া যায় তাহা দ্বারার অপভংশ মাত্রন যথা তোমাকে দিয়া এই কার্য্য করাইব, পয়নালা
দিয়া জল পড়িতেছে, গরাক্ষ দিয়া বাতাস আসিতেছে ইত্যাদি।
ক্রিরাস্থলে যে দিয়া দেখিতে পাওয়া যায় তাহা দাবাতু হইতে
জাত। লোক করিয়া আনাইলাম অর্থাৎ লোক কর্তৃক আনাইলাম। যথীর বাড়া প্রহার করিল অর্থাৎ যথী বর্দ্ধিত করিয়া প্রহার
করিল। ছুরিকা লইয়া কর্ত্তন করিল অর্থাৎ ছুরিকা গ্রহণ করিয়া
কর্ত্তন করিল।

একারকে তৃতীরার চিহ্ন বলিয়া বোধ হয়। অকারান্ত শব্দের
তৃতীয়ার একবচনে এন যুক্ত থাকে; যথা নরেণ, ফলেন ইত্যাদি।
ন ক্রমশঃ চন্দ্রবিন্দু হইয়া কেবল এ মাত্র অবশিষ্ট থাকে। এই
একারকে অবলম্বন করিয়া তৃতীরার ভূরি ভূরিপদ হইতে লাগিল।
যথা দন্তে চর্কাণ করিল, কর্ণে প্রবণ করিল; তল্যারে কাটিল
ইত্যাদি। এইরপ প্রথা ক্রমশঃ বর্দ্ধিত হইয়া সকল স্থানে
একার প্রয়োগ হওয়া রীতি হয়। আকারান্ত শব্দের পর একার
য়কার হয়। যথা পায় চলিয়া গেল, ঘোড়ায় আদিতেছে, জাঁতায়

ভাঙ্গিতেছে ইত্যাদি। পরে অধিকরণের বিভক্তির সহিত গোল-যোগ হইরা ইকারান্ত ও উকারান্তাদি শব্দের উত্তর তে যোজন করা প্রথা হয়। যথা, যন্তিতে প্রাহার করিতেছে, চক্ষুতে দেখিতেছে ইত্যাদি।

#### সম্প্রদান ও তাহার চিহ্ন।

যাহাকে কোন বস্তু দেওয়া যায় ভাহাকে সম্প্রদান কহে। সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। বাঙ্গালায় চতুর্থী বিভক্তির কোন স্পান্ট চিত্র দেখা যায় না। 'কে' ব্যবহারের সাধারণ নিয়মানুসারে ব্যক্তি বাচক শব্দের উত্তর সম্প্রদানেও "কে" সংযুক্ত হইয়া থাকে। যথা ভিনি আন্ধানকে ধন দান করিলেন। অনেক স্থলে সম্প্রদান কারকে যে ''এ" বা "য়' প্রয়োগ করা যায় ভাহা সম্প্রদানের বিভক্তি ''ঙে" ইইভৈ জ্লাভ কিনা বলা যায় না। অনেকে বাঙ্গালায় দা গাতুকে দ্বিকর্মাক বিবেচনা করিয়া সম্প্রদানকে সচরাচর কর্ম্ম বলিয়া গ্রহণ করেন। কথন কর্মন সম্প্রদানে নিমিতাদি শক্ত যোজিত হয়।

### অপাদান ও তাহার চিহ্ন।

বিশ্লেষার্থ বুঝাইলে অপাদান কারক হয়। যথা বৃষ্ণ ছইতে পত্র পড়িতেছে। অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। প্রদেশ বিশেষে 'হইতে' 'থনে' 'থেকে" 'ঠাই" ''হোনে" ''তে' ''এ' প্রভৃতি পঞ্চমী স্থানে শেখিতে পাওয়া যায়। বাঙ্গালার পশ্চি-মাঞ্চলে ''হইতে' বলা রীতি আছে। ''হইতে' প্রাক্কত মূলক।

#### "ভ্যাদো হিংতোস্কংতো" ইতি বরক্তিঃ।

প্রাক্কত ভাষার ভ্যাস স্থলে অর্থাৎ পঞ্চমীর বহুবচনে হিংতো অঞ্চবা সুংতো হয়। যথা, অগগীহিংতো অগ্নি হইতে; গই হিংতো নদী হইতেইভ্যাদি। হিংতো হইতে হইতের উৎপত্তি হইয়াছে। কোন কোন প্রাদেশে "হঁতে" কথার ওব্যবহার আছে। তদ্ধারা বিলক্ষণ বোধ হইতেছে, যে হিংতো হইতেই হইতের উংপপ্তি। ইতরণলোক কৈথিত "হোনে" হইতেরই অপভংশ। হইতে বহুবচনের বিভক্তি। কিন্তু একবচনেও ইহার প্রয়োগ হইয়া থাকে। গোড়ীয় ভাষায় অধিকাংশ স্থলে একবচন ও বহুবচনের ভিন্নতা থাকে না। এক বাড়ী হইতে লইয়া আদিলাম অথবা পাঁচ বাড়ী হইতে লইয়া আদিলাম বলাতে বাড়ী শব্দ উভয়েতেই একরপ থাকে। ইহাতে বহুবচনের বিভক্তি একবচনে যোজিত হওয়া অসম্ভব নহে।

খনে ও সাঁই—পূর্কাঞ্চল প্রচলিত 'থনে' সংস্কৃত মূলক। স্থান হইতে 'থনে' ও 'সাঁই' হইরাছে। কাহার সাঁই প্রাপ্ত হইলে অর্থাৎ কাহার স্থানে প্রাপ্ত হইলে। পূর্বে দেশীর লোকে হইত্তের পারিবর্ত্তে 'থনে' ব্যবহার করিয়া থাকে।

'থেকে'——কখন কখন হইতের পরিবর্ত্তি সাধারণ কথা য় থেকে ব্যবহৃত হয়। যথা, কোথা থেকে আসিলে। থেকে কথা সংস্কৃত মূলক। 'স্থিত্বা' হইতে থাকিয়া বা থেকে হইয়াছে। কোথায় থেকে আসিলে অর্থাৎ কোথায় থাকার পর এখানে আসিলে।

'ভ' বা ভে'—স্থলবিশেষে যোজিত ত বা তে সংস্কৃতমূলক। "পঞ্চম্যা স্তাসিল বা! সপ্তম্যাশ্চ"

পঞ্চমীতে বিকশ্পে 'তদিল' হয় । তদিলের 'ত' থাকে। সামা হুইতে জাত ইত্যর্থে মামাতো ভাই। অঁ।চিতে চারা হয় ইত্যা দি।

'এ'—এ বিভক্তি সংক্ষৃত মূলক। সপ্তমীর বিভক্তি হইতে জাত। অধিকরণের ঈষৎ ভাব থাকিলে পঞ্চমী স্থানে একার বোজিত হ্য়। যথা, বৃক্ষে ফল হয়; বীজে অফুর হয়; ধান্যে তণ্ডুল হয় ইত্যাদি।

ভীত্যৰ্থ ও জাণাৰ্থ ধাতুষোগে ভরহেতু অপাদান হয় ৷ যথা,

াত্র হইতে ভার পাইতেছে, আপদ হইতে রক্ষা করিতেছে।
পতির কারণে অপাদান হয়। বর্ধা, জ্ঞান হইতে মুক্তি হয়।
হওরা ধাতুর প্রয়োগে আবির্ভাব স্থানে অপাদান হয়।
বর্ধা হিমালর হইতে গঞ্চা আবির্ভূত হইরাছে। বিরামার্গে অপাদান
হয়। বর্ধা বিবাদে কান্ত হও ইত্যাদি।

### অধিকরণ ও তাহার চিহ্ন।

কর্ত্তা কর্ম্মের আধারকে অধিকরণ কছে। অধিকরণ সামান্ততঃ
তিন প্রকার। ঐকদেশিক, বৈষ্মিক ও অভিব্যাপক। ধধা,
বনে বাস করিতেছে, ধনে ইচ্ছা করিতেছে, তিলেতে তৈল আছে।
সপ্রমা বিভক্তি স্থানে বাঙ্গালা ভাষার এ, র, তে, এই তিন
বিভক্তি দেখা যায়। এবং এই তিনটীই সংস্কৃত মূলকী, এ এবং য়
কেবল ভিরই রূপান্তর মাত্র। অকারান্ত শব্দের উত্তর ই বিভক্তি
হইলে ই স্থানে এ' হয়। যথা, ঘাটে, মাঠে, জলে, স্থলে, ধনে,
মানে, রূপে, গুণে ইত্যাদি। বহুকালাবিধি সর্বাদেশে অধিকরণের
প্রায় একরূপ বিভক্তিই প্রচলিত আছে। যথা—

"গড়্যা থর্পর মুগুমাল যেজানে কলাই
কালিকা বাণে না রহে প্রাণে" ইত্যাদি
"অনল বৈফবে বেধ ত্রন্ধাশুত্যে গণি।
বাণ একুশে রমে বিশে সাত উনিশে জানি।
বন্ধ শত্রু ফণি সৈত্র দিক পক্ষে মেলা।
শিবা চাঁদে দিবাকরে পৌফ সনে খেলা॥
কর ছাব্রিশ ভুবন পাঁচশ স্বাতি শতভিষা॥" ইত্যাদি।
য়—স্কারান্ত শব্দের উত্তর 'ই' বিভক্তি হইলে তাহার স্থানে
'র' হয়। যথা লতায়, পাতায়, শাখায়, পাখায় ইত্যাদি।

'ত্তে—তে বিভক্তি সংস্কৃত 'স্তদিল' হইতে উংগন্ন

#### "দপ্তম্যা স্তদিল বা"

বিকশ্পে দপ্তমী স্থানে 'স্তাদিল' হয়। যথা প্রথমতঃ প্রথমেতে।
বাঙ্গালায় অকার আকার ভিন্ন অপরস্থরান্ত শব্দের উত্তর
দপ্তমীতে 'তে' হয়। ঐকার ও প্রকারের পর 'তে' বিভক্তি হইলে
প্রায়ই ভৎপূর্ব্বে 'য়ে' যোগ হইয়া উচ্চারিত হয়। যথা মভিতে,
বালিতে, নদীতে, হাতীতে, মধুতে, চকতে, ধনেতে, দিঁথেতে,
বৈয়েতে, থৈয়েতে, দাঁকোতে, দাঁজোতে, জোয়েতে, বোয়েতে,
ইত্যাদি। অকারান্ত ও আকারান্ত শব্দের উত্তরও দময়ে দময়ে
তে ব্যবহাত হয়। যথা, মাদেতে, মাছেতে, ছোলাতে ইত্যাদি।
কখন কখন কাল ও দেশ বাচক শব্দের উত্তর অধিকরণের বিভক্তি
থাকে না। যথা আমি দে দিন যাই নাই, কল্য এলাহাবাদ যাইব
ইত্যাদি। বিভক্তিহীন দেশ বাচক শব্দগুলিকে কর্মা বলিলেও
ক্ষতি হয় না। যেহেতু ''বিবক্ষা বশাৎ কারকানি"।

বক্তার ইচ্ছানুসারে কারক হয়। যথা গ্রামং গচ্ছতি, গ্রামে গচ্ছতি বা। গ্রাম কর্ম ও অধিকরণ উভরই হইতে পারে।

কোন কোন প্রদেশে শব্দের উত্তর স্বার্থে 'ক' প্রত্যয় হইয়া তৎপরে অধিকরণের বিভক্তি যুক্ত হয়। যথা মাঠকে যা, ঘরকে আয় ইত্যাদি।

একণে দেখা গেল যে কারক প্রয়োগ সংস্কৃতানুযারী এবং তৎচিহ্নও প্রায় সংস্কৃতমূলক। প্রাকৃত বা অপর ভাষার সহিত তাদৃশ সমন্ধ নাই।

ইতি প্রথম থও।